নিম্নকক্ষ : নিম্নকক্ষ গঠিত হবে ৪০০ আসন নিয়ে। এরমধ্যে ৩০০ জন সদস্য একক আঞ্চলিক নির্বাচনি এলাকা থেকে সরাসরি ভোটে নির্বাচিত হবেন। আর ১০০ জন নারী সদস্য সারা দেশের সকল জেলায় নির্ধারিত নির্বাচনি এলাকা থেকে কেবল নারী প্রার্থীদের মধ্যে প্রতিদ্বন্দ্বিতার মাধ্যমে সরাসরি ভোটে নির্বাচিত হবেন।

- রাজনৈতিক দলগুলো নিম্নকক্ষের মোট আসনের ন্যূনতম ১০% আসনে তরুণ-তরুণীদের মধ্য থেকে প্রার্থী মনোনীত করবে।
- সংসদীয় নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার ন্যূনতম বয়স কমিয়ে ২১ বছর করা হবে।
- ২ জন ডেপুটি স্পিকার থাকবেন, যাদের মধ্যে একজন বিরোধী দল থেকে মনোনীত হবেন।
- একজন সংসদ সদস্য একই সাথে নিম্নলিখিত যেকোনো একটির বেশি পদে অধিষ্ঠিত হবেননা: (ক) প্রধানমন্ত্রী, (খ) সংসদ নেতা এবং (গ) রাজনৈতিক দলের প্রধান।
- অর্থবিল ব্যতীত নিম্নকক্ষের সদস্যরা তাদের মনোনয়নকারী দলের বিপক্ষে ভোট দেওয়ার পূর্ণ ক্ষমতা থাকবে।
- আইনসভার স্থায়ী কমিটিগুলোর সভাপতি সবসময় বিরোধীদলীয় সদস্যদের মধ্য থেকে মনোনীত হবেন।

উল্লেখযোগ্য সুপারিশ

বিষয়	বর্তমান	প্রস্তাবিত
সাংবিধানিক নাম	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ People's Republic of Bangladesh	জনগণতন্ত্রী বাংলাদেশ People's Republic of Bangladesh
নাগরিকত্ব	বাঙালি	বাংলাদেশি
মূলনীতি	জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা	সাম্য, মানবিক মর্যাদা, সামাজিক সুবিচার, বহুত্ববাদ এবং গণতন্ত্র
সংসদ	এককক্ষ বিশিষ্ট	দ্বিকক্ষ বিশিষ্ট
সরকারের মেয়াদ	৫ বছর	৪ বছর
জাতীয় সংসদের মেয়াদ	৫ বছর	৪ বছর
রাষ্ট্রপতির মেয়াদ	৫ বছর	৪ বছর
সংসদ নির্বাচনে প্রার্থী হওয়ার ন্যূনতম বয়স	২৫ বছর	২১ বছর
নিম্নকক্ষে আসন	-	৪০০
উচ্চকক্ষে আসন	-	১০৫

জন সদস্য জাতীয় সংসদ নির্বাচনে প্রদত্ত মোট ভোটের সংখ্যানুপাতে নির্ধারিত হবেন। রাজনৈতিক দলগুলো সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব (Proportional Representation-PR) পদ্ধতির ভিত্তিতে উচ্চকক্ষের মনোনয়নের জন্য সর্বোচ্চ ১০০ জন প্রার্থী মনোনয়ন দিতে পারবে। এই ১০০ জন প্রার্থীর মধ্যে কমপক্ষে ৫ জন আইন দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সামাজিক ও অর্থনৈতিকভাবে অনগ্রসর সম্প্রদায়ের প্রতিনিধিত্ব করবে। অবশিষ্ট ৫টি আসন পূরণের জন্য রাষ্ট্রপতি নাগরিকদের মধ্য থেকে (যারা কোনো কক্ষেরই সদস্য ও রাজনৈতিক দলের সদস্য নন) প্রার্থী মনোনীত করবেন।

- কোনো রাজনৈতিক দলকে সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব (PR) পদ্ধতির ভিত্তিতে উচ্চকক্ষে প্রতিনিধিত্বের যোগ্য হতে হলে জাতীয় সংসদ নির্বাচনে প্রদত্ত ভোটের অন্তত ১% নিশ্চিত করতে হবে।
- উচ্চকক্ষের স্পিকার সাধারণ সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে উচ্চকক্ষের সদস্যের মধ্য থেকে নির্বাচিত হবেন।
- উচ্চকক্ষের একজন ডেপুটি স্পিকার থাকবেন যিনি সরকার দলীয় সদস্য ব্যতীত উচ্চকক্ষের অন্য সকল সদস্যের মধ্য থেকে নির্বাচিত হবেন।

■ জাতীয় সাংবিধানিক কাউন্সিল

জাতীয় সাংবিধানিক কাউন্সিল NCC'র রাষ্ট্রের তিনটি অঙ্গের প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত হবে। আইনসভা ভেঙ্গে গেলেও, অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা শপথ না নেওয়া পর্যন্ত বিদ্যমান NCC সদস্যরা কর্মরত থাকবেন।

■ রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী

১. রাষ্ট্রপতির মেয়াদ হবে ৪ বছর। রাষ্ট্রপতি সর্বোচ্চ দুইবারের বেশি অধিষ্ঠিত থাকবেন না।

২. রাষ্ট্রপতি নির্বাচক মণ্ডলির (ইলেক্টোরাল কলেজ) সংখ্যাগরিষ্ঠ ভোটে নির্বাচিত হবেন।

■ অন্তর্বর্তী সরকার

আইনসভার মেয়াদ শেষ হবার পরে কিংবা আইনসভা ভেঙ্গে গেলে পরবর্তী নির্বাচিত সরকার শপথ না নেওয়া পর্যন্ত, একটি অন্তর্বর্তী সরকার থাকবে। এই সরকারের প্রধান 'প্রধান উপদেষ্টা' বলে অভিহিত হবেন।

ডেনমার্কের আইনসভার নাম ফোকেটিং (Folketing)

www.abswer.com

www.abswer.com

নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশন

- ইংরেজি নাম : Electoral Reform Commission (ERC)
- গঠন : ৩ অক্টোবর ২০২৪
- মোট সদস্য : ৮ জন
- প্রধান : ড. বদিউল আলম মজুমদার সম্পাদক, সুশাসনের জন্য নাগরিক (সুজন), নির্বাচন ও স্থানীয় সরকার বিশেষজ্ঞ
- মোট সুপারিশ : প্রায় ১৫০টি।

সুপারিশের সারসংক্ষেপ

■ নির্বাচন কমিশন

- স্থানীয় সরকারের নির্বাচন অনুষ্ঠানের পুরো দায়িত্ব নির্বাচন কমিশনের কাছে ন্যস্ত করা।
- রিটার্নিং ও সহকারী রিটার্নিং কর্মকর্তা নির্বাচন কমিশনের নিজস্ব কর্মকর্তাদের মধ্য থেকে নিয়োগ দেওয়া।

■ নির্বাচনি ব্যবস্থা

- নির্বাচনকালীন সময়ের জন্য আইন প্রয়োগকারী সংস্থার সংজ্ঞায় প্রতিরক্ষা বিভাগকে অন্তর্ভুক্ত করা।
- বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচন বন্ধ করা, রাজনৈতিক দলগুলোকে সৎ, যোগ্য এবং ভোটারদের কাছে গ্রহণযোগ্য প্রার্থী দেওয়া নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় নির্বাচনে 'না-ভোটে'র বিধান প্রবর্তন করা। নির্বাচনে না-ভোট বিজয়ী হলে সেই নির্বাচন বাতিল করা এবং পুনর্নির্বাচনের ক্ষেত্রে বাতিল করা নির্বাচনে কোনো প্রার্থী নতুন নির্বাচনে প্রার্থী হতে না পারার বিধান করা।

■ নির্বাচনি ব্যয়

- সংসদীয় আসনের ভোটার প্রতি ১০ টাকা হিসেবে নির্বাচনি ব্যয় নির্ধারণের বিধান করা।
- সকল নির্বাচনি ব্যয় ব্যাংকিং ব্যবস্থা বা আর্থিক প্রযুক্তির (যেমন বিকাশ, রকেট) মাধ্যমে পরিচালনা করা।

উল্লেখযোগ্য সুপারিশ

বিষয়	বর্তমানে	সংস্কারে সুপারিশ
সংসদ	এক কক্ষ	দ্বি-কক্ষ
প্রধানমন্ত্রীর মেয়াদ	যতবার ইচ্ছা ততবার	দুবারের বেশি নয়* (একাদিক্রমে দুই বা অন্য যেকোনোভাবে)
একই ব্যক্তি একই সাথে প্রধানমন্ত্রী, রাজনৈতিক দলের প্রধান এবং সংসদ নেতা	অধিষ্ঠিত থাকতে পারবেন	পারবেন না
ডেপুটি স্পিকার	সরকারি দল	বিরোধী দল
সংসদের নিম্নকক্ষে নারীদের সংরক্ষিত আসন	৫০	১০০
নির্বাচনে EVM ব্যবহার	বৈধ	বাতিল
একাধিক আসনে প্রার্থী	বৈধ	বাতিল
স্থানীয় সরকার নির্বাচন	দলীয়	নির্দলীয়
প্রবাসীদের পোস্টাল ভোটিং	ব্যবস্থা নেই	ব্যবস্থা করা
অনলাইন ভোটিং	ব্যবস্থা নেই	ব্যবস্থা করা
গ্রহণযোগ্য নির্বাচনে ভোটের %	নেই	৪০% ভোট না পড়লে সেই আসনে পুনর্নির্বাচন

- দুবারের নির্বাচিত প্রধানমন্ত্রীকে রাষ্ট্রপতি পদে নির্বাচনের অযোগ্য ঘোষণা করা হবে।

■ মনোনয়নপত্র

- বাংলাদেশের অভ্যন্তরে আইনি হেফাজতে থাকা ব্যতীত সকল প্রার্থীর সশরীরে মনোনয়নপত্র জমা দেওয়ার বাধ্যবাধকতা তৈরি করা।
- নির্বাচনি তফসিলে মনোনয়নপত্র বাছাইয়ের সময় বৃদ্ধি করা, যাতে হলফনামা যাচাই-বাছাই করা ও আপিল নিষ্পত্তির জন্য পর্যাপ্ত সময় পাওয়া যায়। অন্যদিকে নির্বাচনি প্রচারণার সময় কমানো, যাতে প্রার্থীর নির্বাচনি ব্যয় সাশ্রয় হয়।
- মনোনয়নপত্রের সাথে পাঁচ বছরের আয়কর রিটার্নের কপি জমা দেওয়ার বিধান করা।

■ রাজনৈতিক দল

- নতুন দল নিবন্ধনের শর্ত শিথিলের লক্ষ্যে ১০% জেলা এবং ৫% উপজেলা/থানায় দলের অফিস এবং ন্যূনতম ৫,০০০ সদস্য থাকার বিধান করা।
- দলের সাধারণ সদস্যদের গোপন ভোটে প্রতিটি নির্বাচনি এলাকা থেকে সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য তিনজনের একটি প্যানেল তৈরি এবং তা থেকে দলীয় মনোনয়ন প্রদানের বিধান করা।
- দলের সংসদ নির্বাচনে দলীয় মনোনয়নের জন্য দলের তিন বছরের সদস্য পদ থাকা বাধ্যতামূলক।
- পর পর দুটি নির্বাচনে অংশ না নিলে দলের নিবন্ধন বাতিলের বিধান করা।

■ আরও কিছু সুপারিশ

- সংসদীয় এলাকার ভবিষ্যত সীমানা নির্ধারনের জন্য একটি আলাদা স্বাধীন সীমানা নির্ধারণ কর্তৃপক্ষ গঠন করা।
- একটি স্থানীয় সরকার কমিশন গঠন করা।
- জাতীয় পরিচয়পত্রকে ডিজিটাল (ভার্চুয়াল) ভার্সনে রূপান্তরের ব্যবস্থা করা। রিপোর্টে প্রস্তাবিত Self-Sovereign Identity (SSI) ভিত্তিক আইডেন্টিটি সিস্টেমের মাধ্যমে আমাদের বিদ্যমান NID কার্ডকে একটি স্ট্যান্ডার্ডাইজড ডিজিটাল ফরম্যাটে কার্যকরভাবে রূপান্তর করা। এই লক্ষ্যে আমাদের প্রথম পদক্ষেপ হবে বর্তমান এনআইডি সিস্টেমকে একটি পূর্ণাঙ্গ SSI-ভিত্তিক আইডেন্টিটি সিস্টেমে রূপান্তর করা।

www.abswer.com

www.abswer.com

পুলিশ সংস্কার কমিশন

- ইংরেজি নাম : Police Reform Commission
- গঠন : ৩ অক্টোবর ২০২৪
- মোট সদস্য : ৯ জন
- প্রধান : সফর রাজ হোসেন (সাবেক সচিব)

সুপারিশের সারসংক্ষেপ

■ বলপ্রয়োগ

জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীর বলপ্রয়োগের নীতিমালা অনুসরণ করে পাঁচ ধাপে বলপ্রয়োগের একটি পরিকল্পনা তুলে ধরা হয় সুপারিশে। আইনের যথাযথ অনুসরণ করে এবং আধুনিক বিশ্বে উচ্ছৃঙ্খল জনতাকে ছত্রভঙ্গ করতে যে সকল প্রযুক্তিগত কৌশল ব্যবহার করা হয় তা বিবেচনায় নিয়ে বাংলাদেশ পুলিশ কর্তৃক পাঁচ ধাপে বলপ্রয়োগের একটি পরিকল্পনা প্রণয়ন করা হয়।

■ আটক/গ্রেপ্তার, তল্লাশি ও জিজ্ঞাসাবাদ

অভিযান পরিচালনার সময় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রত্যেক সদস্যের কাছে জিপিএস ট্র্যাকিং সিস্টেম, ভিডিও রেকর্ডিং ডিভাইসসহ ভেস্ট বা পোশাক পরিধানের কথা বলা হয়। গ্রেপ্তার, তল্লাশি ও জিজ্ঞাসাবাদের বিষয়ে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশনা [8 SCOB (2016) AD] অবিলম্বে বাস্তবায়নের লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়।

■ মানবাধিকার

আইন প্রয়োগকারী সংস্থার সদস্য কর্তৃক মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ তদন্ত করার জন্য সরাসরি সব পদক্ষেপ নেওয়ার ক্ষমতা জাতীয় মানবাধিকার কমিশনের ওপর ন্যস্ত করা হয়।

■ পুলিশ কমিশন গঠন

পুলিশ কমিশন গঠনের বিষয়ে সুপারিশে বলা হয়, একটি নিরপেক্ষ প্রভাবমুক্ত 'পুলিশ কমিশন' গঠন হবে।

■ থানায় জিডি রেকর্ড, মামলা রুজু, তদন্ত ও পুলিশ ভেরিফিকেশন

থানায় সাধারণ ডায়েরি (জিডি) গ্রহণ বাধ্যতামূলক, কোনোভাবেই জিডি প্রত্যাখ্যান করা যাবে না। ফৌজদারি মামলার তদন্তের জন্য পুলিশ সদস্যদের নিয়ে একটি বিশেষায়িত দল গঠনের সুপারিশ করা হয়।

■ যুগোপযোগী আইন ও প্রবিধানমালা

পুলিশকে জনবান্ধব ও জবাবদিহিমূলক বাহিনী/ প্রতিষ্ঠানে পরিণত করার জন্য আইনের প্রয়োজনীয় পরিবর্তন/ পরিমার্জন অথবা নতুন আইন প্রণয়ন করার কথা বলা হয়।

■ পুলিশের দুর্নীতি ও প্রতিকার

পুলিশের কাজকর্মে ইচ্ছাকৃত ব্যত্যয় বা পেশাদারি দুর্নীতি রোধে স্বল্পমেয়াদি একটি কার্যক্রম হিসেবে 'ওয়াচডগ বা ওভারসাইট কমিটি' গঠনের সুপারিশ করা হয়।

■ দুর্নীতি প্রতিরোধ ও চলমান ব্যবস্থা শক্তিশালীকরণ

পদায়ন, বদলি, পদোন্নতির ক্ষেত্রে সততা ও নিষ্ঠাকে গুরুত্ব প্রদানের কথা বলা হয়। পদায়ন, বদলি ও পদোন্নতির জন্য ভিন্ন ভিন্ন স্তরে সুস্পষ্ট নীতিমালা প্রণয়ন করে সংশ্লিষ্ট সবাইকে অবহিত করতে বলা হয়।

■ প্রশিক্ষণ ও সক্ষমতা

পুলিশের প্রশিক্ষণে অর্জিত জ্ঞান ও ফলাফলকে পদোন্নতি ও পদায়নের ক্ষেত্রে বিবেচনায় নিতে বলা হয়। প্রশিক্ষণের ফলাফল প্রশিক্ষণার্থীর এসিআরের প্রাপ্ত নম্বরে প্রতিফলিত হতে হবে। বরিশাল, চাঁদপুর, শরীয়তপুর, খুলনা, ভোলাসহ সমগ্র দেশে জলপথমণ্ডিত এলাকায় অপরাধ দমনে 'ভাসমান থানা' গঠন করার সুপারিশ করা হয়।

■ নারী, শিশু ও জেন্ডার সচেতনতা

শিশু অধিকার ও শিশুদের সার্বিক সুরক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে শিশু আইন, ২০১৩ এর বিধানসমূহের পূর্ণাঙ্গ ও যথাযথ বাস্তবায়ন করতে বলা হয়।

■ পুলিশের কল্যাণ ও কর্মপরিবেশ

অতিরিক্ত কাজের চাপ কমাতে কর্মঘণ্টা সুনির্দিষ্ট রাখতে বলা হয়। ৮ ঘণ্টার অতিরিক্ত ডিউটির ক্ষেত্রে বিশেষ প্রণোদনা চালু করতে বলা হয়।

■ নিয়োগ, বদলি ও পদোন্নতি

কনস্টেবল থেকে এএসআই এবং এএসআই থেকে এসআই পদোন্নতিতে প্রতিবছর পরীক্ষা দেওয়া ও পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার রীতি বাতিল করে একবার উত্তীর্ণ হলে তাকে শারীরিক যোগ্যতা সাপেক্ষে পরবর্তী তিন বছরের জন্য পদোন্নতির যোগ্য হিসেবে বিবেচনা করতে হবে।

■ বিশেষায়িত সংস্থা/ইউনিট শক্তিশালীকরণ

সব বিভাগীয় শহরে ডিজিটাল ফরেনসিক ল্যাবরেটরি স্থাপন করতে বলা হয়। প্রতিটি বিভাগে একটি ক্রাইমসিন ইউনিট/ ব্যালিস্টিক শাখা গঠন করা যেতে পারে।

■ জনকেন্দ্রিক ও জনবান্ধব পুলিশিং

জনগণ ও পুলিশের মধ্যে আস্থা পুনর্গঠন ও পারস্পরিক সম্প্রীতি বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত টাউন হল সভার আয়োজন করার কথা বলা হয়।

■ বিবিধ পর্যবেক্ষণ

মাদক অপরাধ দমনে নিয়োজিত সংস্থাসমূহের জন্য একটি সমন্বিত সফটওয়্যার বা ডেটাবেজ তৈরিকরণের সুপারিশ করা হয়।

বাংলাদেশ পুলিশের ক্রিমিনাল ডেটা ম্যানেজমেন্ট সিস্টেম (CDMS) সফটওয়্যার মাদকদ্রব্য অধিদপ্তরের কর্মকর্তাগণের প্রবেশাধিকার প্রদান বা বিকল্প মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিজস্ব CDMS তৈরি ও জনগণের প্রবেশাধিকার প্রদানের সুপারিশ করা হয়।

www.abswer.com

www.abswer.com

সুপ্রীম জুডিশিয়াল অ্যাপয়েন্টমেন্ট কাউন্সিল

১৬ জানুয়ারি ২০২৫ উপদেষ্টা পরিষদের বৈঠকে 'সুপ্রীম কোর্টের বিচারক নিয়োগ কাউন্সিল অধ্যাদেশ, ২০২৫'-এর খসড়া নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়। ২১ জানুয়ারি ২০২৫ তা গেজেট আকারে প্রকাশ করা হয়।

গঠন

সুপ্রীম কোর্টে বিচারক নিয়োগে রাষ্ট্রপতিকে পরামর্শ প্রদানের প্রক্রিয়ায় প্রধান বিচারপতিকে সহায়তা দিতে একটি স্থায়ী কাউন্সিল গঠন করা হবে। এর নাম হবে 'সুপ্রীম জুডিশিয়াল অ্যাপয়েন্টমেন্ট কাউন্সিল'। পদাধিকার বলে এর চেয়ারম্যান হবেন প্রধান বিচারপতি। অন্যান্য সদস্যরা হবেন কর্মে জ্যেষ্ঠতার ভিত্তিতে আপিল বিভাগ, হাইকোর্ট বিভাগ এবং বিচার কর্ম-বিভাগ হতে নিযুক্ত হাইকোর্ট বিভাগের একজন করে মোট তিনজন বিচারক, ও অ্যাটর্নি জেনারেল। এছাড়া চেয়ারম্যান মনোনীত আপিল বিভাগের একজন অবসরপ্রাপ্ত বিচারক এবং সরকারি বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের একজন অধ্যাপক। সুপ্রীম কোর্টের রেজিস্ট্রার জেনারেল পদাধিকার বলে কাউন্সিলের সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

গণবিজ্ঞপ্তি

হাইকোর্ট বিভাগের অতিরিক্ত বিচারক নিয়োগের ক্ষেত্রে যোগ্য ব্যক্তিদের প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে পারবে কাউন্সিল। এছাড়া আবেদনের জন্য গণবিজ্ঞপ্তি দেবে এ কমিশন। সংগৃহীত তথ্য এবং জমা পড়া আবেদন যাচাই-বাছাই করবে। যোগ্য প্রার্থীদের সাক্ষাৎকার এবং যুক্তিসংগত সংখ্যক প্রার্থীর নামের তালিকা প্রধান বিচারপতির কাছে পেশ করবে।

বয়স

সংবিধানের অনুচ্ছেদ ৯৫ ও ৯৮-এর অধীন সুপ্রীম কোর্টের বিচারক ও অতিরিক্ত বিচারক পদে নিয়োগ দিতে কাউন্সিল সংবিধানে বর্ণিত ন্যূনতম যোগ্যতার অতিরিক্ত হিসাবে থাকবে-প্রার্থীর বয়স কোনোক্রমে ৪৫ বছরের নিচে হবে না, পেশাগত দক্ষতা, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ থাকতে হবে।

যেভাবে নিয়োগ

অতিরিক্ত বিচারকদের মধ্যে হাইকোর্টের স্থায়ী বিচারক নিয়োগ করা হবে। এ জন্য কাউন্সিল সুপারিশ প্রণয়ন করে তা প্রধান বিচারপতির কাছে দেবে। শূন্যপদ অনুযায়ী হাইকোর্ট বিভাগে কর্মরত জ্যেষ্ঠদের আপিল বিভাগে বিচারক হিসেবে নিয়োগ করা হবে। এ জন্য নির্ধারিত নিয়োগযোগ্য বিচারকের সংখ্যার অতিরিক্ত যুক্তিসংগত সংখ্যক নামসহ একটি তালিকা সুপারিশ আকারে প্রণয়ন ও প্রধান বিচারপতির কাছে দেবে। প্রধান বিচারপতি সংবিধানের ৯৫(১) অনুচ্ছেদ অনুসারে তার পরামর্শ রাষ্ট্রপতির কাছে পাঠাবেন। এর ১৫ দিনের মধ্যে রাষ্ট্রপতি সুপ্রীম কোর্টের বিচারক নিয়োগ দেবেন। নিয়োগ নিয়ে রাষ্ট্রপতি দ্বিমত করলে তথ্য এবং কারণ উল্লেখ করে পুনঃনিরীক্ষণের জন্য প্রধান বিচারপতির কাছে পাঠাবেন। সংশোধিত অথবা সংশোধন ছাড়া গৃহীত সুপারিশ প্রধান বিচারপতি তার পরামর্শ আকারে রাষ্ট্রপতির কাছে পুনরায় পাঠাবেন। ১৫ দিনের মধ্যে পরামর্শ কার্যকর করতে রাষ্ট্রপতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

বিচারক নির্ধারণ

সুপ্রীম কোর্টে নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় বিচারকের সংখ্যা নির্ধারণ করার জন্য রাষ্ট্রপতির কাছ থেকে অনুরোধ পেলে প্রধান বিচারপতি কাউন্সিলের সভা ডাকবেন। এছাড়া সুপ্রীম কোর্টের কোনো অতিরিক্ত বিচারকের নিয়োগের মেয়াদ শেষ হওয়ার ২ মাস পূর্বে কাউন্সিলের সভা ডাকতে হবে। নির্দিষ্ট সময়ে আপিল, হাইকোর্ট বা উভয় বিভাগের বিচারক পদে সম্ভাব্য শূন্যতা অথবা বিচারাধীন মামলার দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয়তা অথবা নিষ্পত্তি-সংক্রান্ত আনুষঙ্গিক বিষয়াদি অথবা এই সব বিষয় সম্মিলিতভাবে বিবেচনাক্রমে কাউন্সিলের সভায় সুপ্রীম কোর্টে নিয়োগের জন্য প্রয়োজনীয় বিচারকের সংখ্যা নির্ধারণ করা হবে। এটা প্রধান বিচারপতি রাষ্ট্রপতিকে জানাবেন। রাষ্ট্রপতি প্রয়োজনীয় বিচারকের সংখ্যা নির্ধারণ করে নিয়োগ সুপারিশ দিতে প্রধান বিচারপতির পরামর্শ চাইবেন। উপযুক্ত ব্যক্তি বাছাই করার উদ্দেশ্যে প্রধান বিচারপতি কাউন্সিলের সভা ডাকা ও অনুষ্ঠানের ব্যবস্থা নেবেন।

প্রাধান্য পাবে দক্ষতা-সততা

সংবিধানের ৯৫ অনুচ্ছেদ অনুসারে হাইকোর্ট বিভাগের স্থায়ী বিচারক নিয়োগের ক্ষেত্রে অতিরিক্ত বিচারক হিসেবে তার নিষ্পত্তি মামলার সংখ্যা, আদেশ ও সিদ্ধান্তের মান, আদালত ব্যবস্থাপনা, দক্ষতা, সততা ও সুনাম; এবং সংবিধানের ৯৫ অনুচ্ছেদ অনুসারে আপিল বিভাগের বিচারক নিয়োগের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগের স্থায়ী বিচারক হিসেবে জ্যেষ্ঠতা, নিষ্পত্তি মামলার সংখ্যা, আদেশ ও সিদ্ধান্তের মান, আদালত ব্যবস্থাপনা, দক্ষতা, সততা ও সুনামসহ আনুষঙ্গিক বিষয় যাচাই করতে হবে।

www.abswer.com

www.abswer.com

নতুন টেলিভিশন চ্যানেল : বিটিভি নিউজ

৩১ ডিসেম্বর ২০২৪ বাংলাদেশ টেলিভিশনের (BTV) সংবাদভিত্তিক নতুন চ্যানেলের কার্যক্রম উদ্বোধন করা হয়। এর আগে ৩০ ডিসেম্বর ২০২৪ বিটিভি ২৪ ঘণ্টা সংবাদ সম্প্রচারের অনুমোদন পায়। ২৫ ডিসেম্বর ১৯৬৪ BTV'র কার্যক্রম শুরু হয়। বাংলাদেশ টেলিভিশন বাংলা ভাষায় বিশ্বের প্রথম টেলিভিশন। প্রতিদিন বাংলা ও ইংরেজি ভাষায় ৯টি সংবাদ বুলেটিনসহ নাটক, সংগীত, প্রামাণ্যচিত্র, শিক্ষা, স্বাস্থ্য ও তথ্যবিষয়ক নানা অনুষ্ঠান সম্প্রচার করে চ্যানেলটি। ১৯৬৭ সালে তৎকালীন পাকিস্তান টেলিভিশন কর্পোরেশন ও ১৯৭২ সালে রাষ্ট্রপতির আদেশে (পি.ও নং-১১৫) বাংলাদেশ টেলিভিশন নামে রাষ্ট্রীয় টিভি চ্যানেলে পরিণত হয়। ১ ডিসেম্বর ১৯৮০ থেকে BTV'র রঙিন সম্প্রচার শুরু হয়।

সরকারি টেলিভিশন চ্যানেল

চ্যানেল	কার্যক্রম শুরু
বাংলাদেশ টেলিভিশন (BTV)	২৫ ডিসেম্বর ১৯৬৪
বিটিভি চট্টগ্রাম	১৯ ডিসেম্বর ১৯৯৬
বিটিভি ওয়ার্ল্ড	১১ এপ্রিল ২০০৪
সংসদ বাংলাদেশ	২৫ জানুয়ারি ২০১১
বিটিভি নিউজ	৩১ ডিসেম্বর ২০২৪

দেশের প্রথম কৃত্রিম বন

পরিবেশ সংরক্ষণ ও পুনরুদ্ধারের লক্ষ্যে চট্টগ্রামের মীরসরাইয়ে গড়ে তোলা হয় দেশের প্রথম কৃত্রিম বন 'মিয়াওয়াকি ফরেস্ট'। জাপানের বিখ্যাত উদ্ভিদ গবেষক আকিরা মিয়াওয়াকি কৃত্রিম বন সৃষ্টির প্রবক্তা। তার উদ্ভাবিত পদ্ধতি অনুসরণ করে মাত্র ৪,৪০০ বর্গফুট এলাকা জুড়ে গড়ে তোলা হয় মিয়াওয়াকি ফরেস্ট। এতে লাগানো গাছ অন্যান্য সাধারণ গাছের চেয়ে ১০ গুণ দ্রুতগতিতে বৃদ্ধি পায়। ফলে এ পদ্ধতিতে ছোট কোনো স্থানে ২০-৩০ বছরের মধ্যে গভীর বন তৈরি করা সম্ভব। এই বন সাধারণ বনের চেয়ে ৩০ গুণ বেশি কার্বন ডাই-অক্সাইড শোষণ করতে পারে। নেদারল্যান্ডস ও ভারত বর্তমানে এমন বন গড়ে তুলে সুফল পাচ্ছে।

লবণাক্ত জমিতে কেনাফ চাষ

বরিশাল বিভাগের চার জেলা পটুয়াখালী, বরগুনা, ভোলা ও পিরোজপুরের প্রায় ৩,৪০,০০০ হেক্টর লবণাক্ত জমি বছরের অধিকাংশ সময় পতিত থাকে। এই লবণাক্ত জমিতে পাটের বিকল্প হিসেবে আঁশ জাতীয় ফসল কেনাফের চাষ সম্প্রসারণের উদ্যোগ নিয়েছে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (BJRI)। BJRI উদ্ভাবিত পাটের বিকল্প হিসেবে আঁশ জাতীয় ফসল কেনাফ লবণ-সহিষ্ণু এবং জলোচ্ছ্বাসে টিকে থাকতেও সক্ষম। মাটির স্বাস্থ্য সুরক্ষার পাশাপাশি এটির অর্থনৈতিক গুরুত্বও অনেক।

জুলাই স্মৃতি উদ্যান

৩ জানুয়ারি ২০২৫ চট্টগ্রাম নগরের পাঁচলাইশ এলাকায় 'জুলাই স্মৃতি উদ্যান' উদ্বোধন করা হয়। ১৯৫৪ সালে পাঁচলাইশ পার্ক নামে স্থাপন করা হয় উদ্যানটি। ১৯৮৮ সালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে পার্কটির ব্যবস্থাপনার জন্য দেয় গণপূর্ত বিভাগ। ২০০২ সালে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এটির নাম রাখে 'জাতিসংঘ পার্ক'। ২০২২ সালে 'চট্টগ্রাম জেলার পাঁচলাইশ আবাসিক এলাকায় আধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন জাতিসংঘ সবুজ উদ্যান উন্নয়ন' প্রকল্প হাতে নেয় গণপূর্ত অধিদপ্তর। প্রায় ১২ কোটি ৬২ লাখ টাকা ব্যয়ে ২০২৪ সালের মাঝামাঝি সময়ে এই কাজ শেষ হয়। ১ জানুয়ারি ২০২৫ পার্কটির নাম পরিবর্তন করে 'জুলাই স্মৃতি উদ্যান' রাখা হয়। এখানে রয়েছে অ্যাম্ফিথিয়েটার, ফোয়ারা, বসার স্থান, ওয়াকওয়ে এবং শিশুদের জন্য খেলাধুলার অনুষঙ্গ।

শহিদ ওয়াসিম উড়াল সড়ক

৩ জানুয়ারি ২০২৫ চট্টগ্রামের এলিভেটেড এক্সপ্রেসওয়েতে (উড়ালপথ) আনুষ্ঠানিকভাবে যানবাহন চলাচল শুরু হয়। এটি বন্দর নগরের প্রথম এলিভেটেড এক্সপ্রেসওয়ে। ১৪ নভেম্বর ২০২৩ এই এক্সপ্রেসওয়ের উদ্বোধন করা হয়। উদ্বোধনের সময় এলিভেটেড এক্সপ্রেসওয়েটির নামকরণ করা হয় মেয়র মহিউদ্দিন চৌধুরী-সিডিএ এক্সপ্রেসওয়ে। ১ জানুয়ারি ২০২৫ এলিভেটেড এক্সপ্রেসওয়ের নামকরণ করা হয় 'শহিদ ওয়াসিম আকরাম উড়ালসড়ক'। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় ১৬ জুলাই ২০২৪ চট্টগ্রামে শহিদ হন চট্টগ্রাম কলেজের ছাত্র ওয়াসিম আকরাম। তার বাড়ি কক্সবাজারের পেকুয়া উপজেলায়।

www.abswer.com

www.abswer.com

পটুয়াখালী তাপ বিদ্যুৎ কেন্দ্র

১৯ জানুয়ারি ২০২৫ পরীক্ষামূলকভাবে বিদ্যুৎ উৎপাদন শুরু করে পটুয়াখালীর কলাপাড়ায় ১,৩২০ মেগাওয়াট তাপ বিদ্যুৎ কেন্দ্রের প্রথম ইউনিট (৬৬০ মেগাওয়াট)। বর্তমানে এ কেন্দ্রের উৎপাদিত ১১০ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরবরাহ করা হচ্ছে। পর্যায়ক্রমে প্রথম ইউনিটের পুরো ৬৬০ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরবরাহ করা হবে। আগামী মার্চে দ্বিতীয় ইউনিট থেকে বিদ্যুৎ উৎপাদন কার্যক্রম শুরু হবে। বিদ্যুৎ কেন্দ্রটি নির্মাণের লক্ষ্যে ২১ ডিসেম্বর ২০১৭ চীনের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান নরিনকো ইন্টারন্যাশনাল পাওয়ার কোম্পানি লিমিটেড এবং বাংলাদেশের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেডের (RPCL) সমান (৫০:৫০) অংশীদারত্বে RPCL-নরিনকো ইন্টারন্যাশনাল পাওয়ার লিমিটেড (RNPL) নামে একটি জয়েন্ট ভেঞ্চার কোম্পানি গঠন করে। ৩১ আগস্ট ২০১৯ এই বিদ্যুৎ কেন্দ্রের নির্মাণকাজ শুরু হয়।

প্রকল্পের নাম : পটুয়াখালী ১৩২০ (২ × ৬৬০) মেগাওয়াট কয়লা চালিত তাপবিদ্যুৎ কেন্দ্র। অবস্থান : লোন্ডা, ধানখালী (কলাপাড়া, পটুয়াখালী)। ক্ষমতা : ১,৩২০ (২ × ৬৬০) মেগাওয়াট। প্রকল্পের ব্যয় : ২.৫৪ বিলিয়ন মার্কিন ডলার। আয়তন : ৯২১.৭৪ একর। প্ল্যান্টের ধরন : আল্ট্রা সুপার ক্রিটিকাল। পানির উৎস : রাবনাবাদ চ্যানেল। জ্বালানির ধরন : আমদানি করা কয়লা (ইন্দোনেশিয়া ও অস্ট্রেলিয়া থেকে)। কয়লার প্রয়োজন : ১২,২৭৩ টন (দৈনিক); ৪ মিলিয়ন টন (বার্ষিক)। বিদ্যুৎ ক্রয়কারী : বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (BPDB)।

১৩ সদস্যের জাতীয় সেমিকন্ডাক্টর টাস্কফোর্স

১ জানুয়ারি ২০২৫ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA)-এর নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরীকে আহ্বায়ক করে বাংলাদেশে সেমিকন্ডাক্টর শিল্পে চ্যালেঞ্জ, সম্ভাবনা ও ভবিষ্যতে করণীয় সম্পর্কে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে ১৩ সদস্যের একটি জাতীয় সেমিকন্ডাক্টর টাস্কফোর্স গঠন করে সরকার। বাংলাদেশের সেমিকন্ডাক্টর চিপ ডিজাইন, টেস্টিং এবং অ্যাসেম্বলিং সক্ষমতাকে আরও এগিয়ে নেওয়ার লক্ষ্যে এ পদক্ষেপে নেওয়া হয়। এর ফলে শুধু উচ্চ বেতনভিত্তিক কর্মসংস্থানই নয় বরং বাংলাদেশে হাই ভ্যালু সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি দ্রুত গড়ে উঠবে এবং প্রসার লাভ করবে, আগামীতে যা হয়ে উঠবে বাংলাদেশের রপ্তানিযোগ্য অন্যতম শিল্প খাত। এশিয়া-প্যাসিফিক সাপ্লাই চেইনের কাছাকাছি অবস্থানের কারণে, প্রতিযোগিতামূলক শ্রম-ব্যয় কম থাকায় এবং দক্ষ যুবশক্তি বাংলাদেশকে বৈশ্বিক সেমিকন্ডাক্টর খাতের জন্য একটি আদর্শ গন্তব্যে পরিণত করেছে।

দেশে AI নিয়ে উচ্চশিক্ষা

কৃত্রিম বুদ্ধিমত্তা অর্থাৎ Artificial intelligence (AI) কম্পিউটার বিজ্ঞানের এমন একটি শাখা যা মানুষের বুদ্ধিমত্তা, শেখার ক্ষমতা, সিদ্ধান্ত গ্রহণ এবং সমস্যা সমাধানের মতো গুণাবলি কম্পিউটার বা মেশিনের মাধ্যমে অনুকরণ করার চেষ্টা করে। বর্তমান বিশ্বে বেশ আলোচিত বিষয় AI প্রযুক্তি। ৬ জানুয়ারি ২০২৫ বাংলাদেশে প্রথম উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানে কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম চালু করে গ্রিন ইউনিভার্সিটি। চার বছরের মেয়াদি এ প্রোগ্রামে শিক্ষার্থীরা মেশিন লার্নিং, বিগ ডেটা অ্যানালিটিক্স, নিউরাল নেটওয়ার্ক, ক্লাউড কম্পিউটিং, কম্পিউটার প্রোগ্রামিং এবং AI ইথিক্সসহ বিভিন্ন আধুনিক বিষয়ে দক্ষতা অর্জন করতে পারবেন।

SMC'র ৫০ বছর

২৫ জানুয়ারি ২০২৫ বাংলাদেশের অলাভজনক প্রতিষ্ঠান Social Marketing Company (SMC)-এর ৫০তম বার্ষিকী পালিত হয়। এটি SMC Enterprise Ltd. : (SMC EL), Social Marketing company এর একটি অঙ্গ প্রতিষ্ঠান। ১৯৭৫ সালে বাংলাদেশ সরকার ও যুক্তরাষ্ট্রভিত্তিক আন্তর্জাতিক সংস্থা Population Services International (PSI)-এর যৌথ উদ্যোগে একটি প্রকল্প হিসেবে কাজ শুরু করে। এরপর ১৯৯০ সালে প্রতিষ্ঠিত হয় স্যোশাল মার্কেটিং কোম্পানি, পরবর্তীতে ২০১৪ সালে SMC Enterprize Limited নামে একটি লাভজনক প্রতিষ্ঠান গঠন করা হয়। বাংলাদেশের মানুষের জীবনমান উন্নয়নের লক্ষ্যে ৩০টিরও বেশি ব্রান্ডে ৫টি বিভাগে রয়েছে— Rehydration, Contraceptive, Health & Hygiene, Food & Beverag, Pharmaceuticals পণ্য। এই ৫০ বছরে SMC'র সবচেয়ে গুরুত্বপূর্ণ পণ্য খাওয়ার স্যালাইন। SMC বছরে ১৫০ কোটি খাওয়ার স্যালাইনের প্যাকেট বিক্রি করে। খাওয়ার স্যালাইন ও পরিবার পরিকল্পনা সামগ্রী ছাড়াও SMC'র অনেক পণ্য বাজারে রয়েছে। এর মধ্যে রয়েছে অণুপুষ্টি পাউডার, ইলেকট্রোলাইট ড্রিংকস, কৃমিনাশক বড়ি, স্যানিটারি ন্যাপকিন, বেবি ডায়াপার ও ফর্টিফায়েড বিস্কুট।

www.abswer.com

www.abswer.com

বর্ষপণ্য ২০২৫ : আসবাবপত্র

রপ্তানি নীতি অনুযায়ী পণ্যভিত্তিক রপ্তানিকে উৎসাহিত করতে প্রতিবছর একটি পণ্যকে জাতীয়ভাবে বর্ষপণ্য (Product of the Year) ঘোষণা করা হয়। তারই ধারাবাহিকতায় ২০২৫ সালের জন্য বর্ষপণ্য ঘোষণা করা হয় ফার্নিচার বা আসবাবপত্র পণ্যকে। ১ জানুয়ারি ২০২৫ অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস ২৯তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার উদ্বোধনী অনুষ্ঠানে এ ঘোষণা দেন।

বর্ষপণ্য ২০২৫- ২০১৭

সাল	বর্ষপণ্য
২০২৫	আসবাবপত্র
২০২৪	হস্তশিল্পজাত
২০২৩	পাটজাত
২০২২	আইসিটি
২০২১	—
২০২০	লাইট ইঞ্জিনিয়ারিং
২০১৯	কৃষি ও কৃষি প্রক্রিয়াজাত
২০১৮	ওষুধ
২০১৭	চামড়া ও চামড়াজাত

ঢাকা বিশ্ববিদ্যালয়ে

'অ্যাপ্লাইড ডেমোক্রেসি ল্যাব' প্রতিষ্ঠা

৭ জানুয়ারি ২০২৫ গণতন্ত্র চর্চা, গণতান্ত্রিক মূল্যবোধ ও মানবাধিকার বিষয়ে সচেতনতা সৃষ্টি এবং মৌলিক গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো একটি 'অ্যাপ্লাইড ডেমোক্রেসি ল্যাব' (Applied Democracy Lab) প্রতিষ্ঠা করা হয়। যুক্তরাষ্ট্রের দাতা সংস্থা USAID এবং ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন ফর ইলেক্টোরাল সিস্টেমস (IFES)-এর সহযোগিতায় এই ল্যাব প্রতিষ্ঠা করা হয়। উল্লেখ্য, 'অ্যাপ্লাইড ডেমোক্রেসি ল্যাব' (Applied Democracy Lab) এর মাধ্যমে শিক্ষার্থীরা গণতন্ত্র, মানবাধিকার ও সুশাসনের বিভিন্ন দিক নিয়ে গবেষণার সুযোগ পাবে।

'উড়ন্ত আইসিইউ' এয়ারবাস এ৩১৯

৭ জানুয়ারি ২০২৫ উন্নত চিকিৎসার জন্য লন্ডনের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া। এয়ারবাস এ৩১৯ মডেলের একটি বিশেষ এয়ার অ্যাম্বুলেন্সে তিনি রওনা হন। খালেদা জিয়ার শারীরিক অবস্থার কথা জানার পর কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি এই বিশেষ রাজকীয় বিমানটি পাঠান।

এয়ারবাসের বর্ণনা : বিখ্যাত উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠান এয়ারবাসের এ৩১৯ মডেলের এই উড়ন্ত হাসপাতালে ভেন্টিলেটর, ডিফিব্রিলেটর, ইনফিউশন পাম্প ও উন্নত কার্ডিয়াক মনিটর রয়েছে। পাশাপাশি যেকোনো ধরনের জরুরি পরিস্থিতির জন্য প্রয়োজনীয় চিকিৎসা উপকরণ সংরক্ষণের জন্য এতে আলাদা জায়গা রয়েছে। বিশেষ এই এয়ার অ্যাম্বুলেন্সে একটি পূর্ণ Intensive Care Unit (ICU) সুবিধা রয়েছে। এই উড়োজাহাজ ছোট রানওয়ে এবং অপেক্ষাকৃত দুর্গম এলাকাতেও অবতরণ করতে সক্ষম।

বিশ্বজুড়ে বাংলাদেশ

IOWG'র সদস্য বাংলাদেশ ব্যাংক

৭ জানুয়ারি ২০২৫ কেন্দ্রীয় ব্যাংক এবং মনিটারি ও সুপারভাইজরি অথরিটি-এর পরিচালনাগত ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক বৈশ্বিক প্ল্যাটফর্ম ইন্টারন্যাশনাল অপারেশন রিস্ক ওয়ার্কিং গ্রুপের (IOWG) সদস্যপদ অর্জন করে বাংলাদেশ ব্যাংক। পরিচালনাগত ঝুঁকি ব্যবস্থাপনার উৎকর্ষ সাধন এবং জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ের লক্ষে ২০০৬ সালে IOWG গঠিত হয়। গ্রুপটির সচিবালয় স্পেনের মাদ্রিদে অবস্থিত। IOWG'র ১২৭তম সদস্য বাংলাদেশ ব্যাংক।

ISCA-তে চ্যাম্পিয়ন

৭ নভেম্বর-১৬ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত অনুষ্ঠিত হয় ইন্টারন্যাশনাল সাপ্লাই চেইন এডুকেশন অ্যালায়েন্সের (ISCA) মূল পর্ব। প্রতিবছর বিশ্বের বিভিন্ন দেশের তরুণদের নিয়ে সাপ্লাই চেইন কেস প্রতিযোগিতার আয়োজন করে শিক্ষার এই আন্তর্জাতিক সংগঠন। বিশ্বের প্রায় ১৫টি দেশের ৩০টি দলকে হারিয়ে চ্যাম্পিয়ন হয় বাংলাদেশের ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'টিম ডিইউওবি ০১০১'।

প্রেসিডেন্সিয়াল পদকে ভূষিত এহসান

১৯৯৬ সালে মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটন অসাধারণ সম্ভাবনাময় বিজ্ঞানী ও প্রকৌশলীদের সম্মান জানাতে প্রেসিডেন্সিয়াল পদক চালু করেন। ১৪ জানুয়ারি ২০২৫ এ পদকে সম্মানিত ৪০০ বিজ্ঞানী ও প্রকৌশলীর নাম ঘোষণা করে। এবার দ্বিতীয় ব্যক্তি হিসেবে এ পদক লাভ করেন বাংলাদেশের বিজ্ঞানী ও গবেষক এহসান হক। এর আগে বাংলাদেশি কম্পিউটার বিজ্ঞানী সাঈফ সালাহউদ্দিন এ পদক লাভ করেন।

বাংলা নববর্ষের স্বীকৃতি

যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক অঙ্গরাজ্যে ১৪ এপ্রিলকে বাংলা নববর্ষ হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। ২২ জানুয়ারি ২০২৫ নিউইয়র্কে মুক্তধারা ফাউন্ডেশনের উদ্যোগে ৩২ স্টেট সিনেট লুইস সেপুলভেদার প্রস্তাবে অঙ্গরাজ্যের আইনপ্রণেতারা সর্বসম্মতিক্রমে বাংলা নববর্ষ উদ্‌যাপনের এ সিদ্ধান্ত নেয়। গভর্নর ক্যাথি হোকুল ২৩৪ নম্বর প্রস্তাবের মাধ্যমে তা নিশ্চিত করেন। এছাড়াও অঙ্গরাজ্যের রাজধানী আলবেনিতে গভর্নর অফিস বাঙালি জাতির সবচেয়ে বড় এই উৎসবকে উদ্‌যাপন করবে বলে সিদ্ধান্ত হয়।

ডেনমার্ক ইউরোপীয় ইউনিয়নের সদস্য, তবে ইউরো মুদ্রা গ্রহণ করেনি

www.abswer.com

www.abswer.com

বাংলাদেশের রেলসেতু

৫ জানুয়ারি ২০২৫ যমুনা রেলসেতুতে পূর্ণগতিতে পরীক্ষামূলক ট্রেন চালু হয়। এ উপলক্ষে বাংলাদেশের রেলসেতুর খুঁটিনাটি নিয়ে এবারের এ আয়োজন।



যমুনা রেলসেতু

যমুনা রেলসেতু বাংলাদেশের দীর্ঘতম ডুয়েল গেজ ডাবল ট্র্যাকের সেতু।

FACT FILE নাম : যমুনা রেলসেতু • সংযুক্ত করবে : সিরাজগঞ্জ ও টাঙ্গাইল জেলাকে • যে নদীর ওপর : যমুনা নদী • একনেকে অনুমোদন : ৬ ডিসেম্বর ২০১৬ • ভিত্তিপ্রস্তর স্থাপন : ২৯ নভেম্বর ২০২০ • পাইলিংয়ের কাজ শুরু : মার্চ ২০২১ • দৈর্ঘ্য : ৪.৮০ কিমি • নির্মাতা প্রতিষ্ঠান : পূর্বাংশ Obayashi Corporation, TOA Corporation ও JFE এবং পশ্চিমাংশ IHI ও SMCC • নির্মাণকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষর : ৫ এপ্রিল ২০২০ • ধরন : ডুয়েল গেজ (ডাবল লাইন) • অর্থায়নে : বাংলাদেশ ও জাপান (যৌথভাবে) • পিলার : ৫০টি • স্প্যান : ৪৯টি • উপাদান : স্টীল • ট্রেনের গতিবেগ : ঘণ্টায় ১০০–১২০ কিলোমিটার।

- পরীক্ষামূলক ট্রেন চালু : ২৬ নভেম্বর ২০২৪।
- পূর্ণগতিতে পরীক্ষামূলক ট্রেন চালু : ৫ জানুয়ারি ২০২৫ (১২০ কিমি গতিতে)।

পদ্মা সেতু রেল সংযোগ

১০ অক্টোবর ২০২৩ ঢাকা থেকে পদ্মা সেতু হয়ে ভাঙ্গা পর্যন্ত আনুষ্ঠানিকভাবে রেল চলাচল শুরু হয়। এর আগে ৪ এপ্রিল ২০২৩ পদ্মা বহুমুখী সেতুতে পরীক্ষামূলক ট্রেন চালানো হয়।

FACT FILE প্রকল্পের নাম : Padma Bridge Rail Link Project (PBRLP) • ফাস্ট ট্র্যাক প্রকল্প হিসেবে তালিকাভুক্ত : ২৭ এপ্রিল ২০১৬ • একনেকে অনুমোদন : ৩ মে ২০১৬ • ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি : ৮ আগস্ট ২০১৬ • ঠিকাদার প্রতিষ্ঠান : China Railway Engineering Corporation (CREC) • তদারকি পরামর্শের জন্য বাংলাদেশ সেনাবাহিনীর সাথে চুক্তি : ১ জানুয়ারি ২০১৭ • চীনের এক্সিম ব্যাংকের সাথে ঋণ চুক্তি স্বাক্ষর : ২৭ এপ্রিল ২০১৮ • সংশোধিত উন্নয়ন প্রকল্প প্রস্তাব (RDPP) একনেকে অনুমোদন : ২২ মে ২০১৮।

হার্ডিঞ্জ ব্রিজ

পাবনা জেলার পাকশী রেলস্টেশনের দক্ষিণে পদ্মা নদীর উপর অবস্থিত।

FACT FILE নাম : হার্ডিঞ্জ ব্রিজ (তৎকালীন ভাইসরয় লর্ড হার্ডিঞ্জের নাম অনুসারে) ♦ সংযুক্ত করে : ঈশ্বরদী উপজেলার পাকশী থেকে কুষ্টিয়া জেলার ভেড়ামারা ♦ যে নদীর ওপর : পদ্মা ♦ নির্মাণকাল : ১৯০৯-১৯১৫ ♦ ট্রেন চলাচল : ৪ মার্চ ১৯১৫ ♦ দৈর্ঘ্য : ১.৮ কিমি ♦ ধরন : ব্রড-গেজ রেললাইন ♦ নির্মাণকারী : ব্রিথওয়ায়েট ও কার্ক ♦ নকশাকার : আলেকজান্ডার মেয়াডোস রেন্ডেল।

রূপসা রেলসেতু

খুলনা-মোংলা রেললাইন নির্মাণ প্রকল্প ৩ অংশে বিভক্ত, যার একটি রূপসা রেল সেতু। সেতুটির নির্মাণ ব্যয় ধরা হয় ১০৭৬ কোটি ৪৫ লাখ টাকা।

FACT FILE উচ্চতা : ১৬ মিটার (৫২ ফুট) • পরামর্শক প্রতিষ্ঠান : ভারতের সিইজি নিপ্পন কোয়ি জেভি • স্প্যান : ১৪২টি • পাইল : ৮৩৬টি • পিয়ার ক্যাপ : ১৩২টি • মোট দৈর্ঘ্য : ৫.১৩ কিমি (সংযোগ সড়কসহ) • ধরন : ব্রডগেজ রেলপথ • যে নদীর ওপর : রূপসা নদী • স্থান : লবণচরা-বটিয়াঘাটা, খুলনা জেলা, বাংলাদেশ • একনেকে অনুমোদন : ২১ ডিসেম্বর ২০১০ • ভিত্তিপ্রস্তর স্থাপন : ২০১৬ সাল • পরীক্ষামূলক ট্রেন চালু : ৩০ অক্টোবর ২০২৩ (ফুলতলা থেকে মোংলা পর্যন্ত) • রেলপথ উদ্বোধন : ১ নভেম্বর ২০২৩ • যাত্রীবাহী ট্রেন চলাচল : ১ জুন ২০২৪।

মধুমতি রেলসেতু

ঢাকা-ভাঙ্গা-যশোর ভায়া লোহাগড়া-নড়াইল রেল লাইনের লোহাগড়া মধুমতি নদীর উপর নির্মিত 'মধুমতি রেলসেতু'।

FACT FILE নাম : পদ্মা সেতু রেলসংযোগ প্রকল্প • সংযুক্ত করবে : নড়াইল-লোহাগড়া • যে নদীর ওপর : মধুমতী • ভিত্তিপ্রস্তর স্থাপন : ২০১৯ সালের এপ্রিল • পরীক্ষামূলক ট্রেন চালু : ২৪ নভেম্বর ২০২৪ • যাত্রীবাহী ট্রেন চলাচল : ২৪ ডিসেম্বর ২০২৪ • দৈর্ঘ্য : ১.২১ কিমি. (১২২১ মিটার) • নির্মানকারী প্রতিষ্ঠান : চায়না রেলওয়ে ইঞ্জিনিয়ারিং কোম্পানি • তত্ত্বাবধায়নে : বাংলাদেশ সেনাবাহিনী।

জানেন কি

- বর্তমানে দেশে মোট ৪৯টি জেলা রেল নেটওয়ার্কের অন্তর্ভুক্ত রয়েছে।
- ২৪ ডিসেম্বর ২০২৪ দেশের ৪৯তম জেলা হিসেবে রেল নেটওয়ার্কে যুক্ত হয় নড়াইল।
- বর্তমানে দেশের ১৫টি জেলায় রেল নেটওয়ার্ক নেই। জেলাগুলো হলো— সাতক্ষীরা, মাগুরা, বরিশাল, রাঙ্গামাটি, ঝালকাঠি, পটুয়াখালী, বরগুনা, পিরোজপুর, ভোলা, মেহেরপুর, মানিকগঞ্জ, লক্ষ্মীপুর, শেরপুর, বান্দরবান ও খাগড়াছড়ি জেলা।
- দেশের একমাত্র বরিশাল বিভাগের কোনো জেলাতেই রেলপথ নেই।
- বর্তমানে দেশের দীর্ঘতম রেল সেতু হলো— যমুনা রেল সেতু।

www.abswer.com

www.abswer.com

জাতিসংঘের নতুন মিশন

২৭ ডিসেম্বর ২০২৪ জাতিসংঘের নিরাপত্তা পরিষদ সোমালিয়ায় নতুন মিশনের অনুমোদন দেয়। নিরাপত্তা পরিষদ African Union Support and Stabilization Mission in Somalia (AUSSOM) প্রতিষ্ঠার জন্য একটি খসড়া প্রস্তাব গ্রহণ করে। এই প্রস্তাবটি যুক্তরাজ্যের নেতৃত্বে ১৫ সদস্যবিশিষ্ট পরিষদ ১৪ ভোটে সমর্থন জানায়, তবে যুক্তরাষ্ট্র বিরত অবস্থান (Abstain) নেয়। AUSSOM মিশনটি African Union Transition Mission in Somalia (ATMIS)-এর স্থলাভিষিক্ত হবে যার মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২৪ শেষ হয়। নতুন খসড়া প্রস্তাব অনুযায়ী, আফ্রিকান ইউনিয়ন (AU) সদস্যরা AUSSOM এ ৩০ জুন ২০২৫ পর্যন্ত সদস্য পাঠাতে পারবে, এবং এই সময়সীমার মধ্যে সমস্ত আফ্রিকান ইউনিয়নের সেনাদের ATMIS থেকে AUSSOM-এ স্থানান্তর সম্পন্ন করা হবে।

বিটা জেনারেশন

প্রজন্ম বলতে একটি নির্দিষ্ট সময়ের মধ্যে জন্মগ্রহণকারী মানুষদের বোঝায়, যারা সামাজিক, সাংস্কৃতিক ও ঐতিহাসিক অভিজ্ঞতায় একই সূত্রে বাঁধা। ২০২৫ সালের জানুয়ারির প্রথম দিন থেকে নতুন একটি প্রজন্মের সূচনা হয়। ২০২৪ সালে শেষ হয় জেনারেশন আলফার শিশুদের জন্ম এবং ১ জানুয়ারি ২০২৫ শুরু হয় জেনারেশন বিটার। ২০২৫-২০৩৯ সালে জন্মগ্রহণকারী সবাই জেনারেশন বিটার অংশ হবে। এ প্রজন্মের শিশুরা বেড়ে উঠবে তথ্য-প্রযুক্তির সর্বোচ্চ সুবিধা নিয়ে। জেনারেশন বিটা হবে সপ্তম প্রজন্ম, যাদের নামকরণ শুরু হয় ১৯০১ সালে গ্রেটেস্ট জেনারেশন দিয়ে।

বিশ্বের জনসংখ্যা ৮০৯ কোটি

১ জানুয়ারি ২০২৫ বিশ্বের জনসংখ্যা ৮০৯ কোটিতে পৌঁছেছে। ২০২৪ সালে বিশ্বে ৭.১০ কোটি শিশু জন্মগ্রহণ করে। ২০২৪ সালে বিশ্বের সবচেয়ে জনবহুল দেশ ছিল ভারত। সেখানে জনসংখ্যা ১৪১ কোটি। এরপরের অবস্থানে রয়েছে ভারতের প্রতিবেশী দেশ চীন। ২০২৫ সালের জানুয়ারি মাসে বিশ্বজুড়ে প্রতি সেকেন্ডে প্রায় ৪.২টি শিশুর জন্ম এবং ২টি শিশুর মৃত্যু হতে পারে। ২০২৪ সালের তুলনায় ২০২৩ সালে বিশ্বে জনসংখ্যা বৃদ্ধির হার বেশি ছিল। ওই বছর ৭.৫ কোটি শিশু জন্মগ্রহণ করে।

জিম্বাবুয়ে মৃত্যুদণ্ড বাতিল

৩১ ডিসেম্বর ২০২৫ আনুষ্ঠানিকভাবে মৃত্যুদণ্ড বাতিল করে দক্ষিণ আফ্রিকার দেশ জিম্বাবুয়ে। এর ফলে মৃত্যুদণ্ডে থাকা ৬০ জন বন্দীর সাজা পরিবর্তন করা হয়। তবে জিম্বাবুয়ের নতুন আইনে বলা হয়, দেশে জরুরি অবস্থা জারি থাকার সময় প্রয়োজনে কাউকে মৃত্যুদণ্ড দেওয়া যেতে পারে। দেশটিতে ঔপনিবেশিক ব্রিটিশ শাসনামলে মৃত্যুদণ্ডের বিধান চালু করা হয়। সর্বশেষ ২০০৫ সালে ফাঁসি দিয়ে মৃত্যুদণ্ড কার্যকর করে জিম্বাবুয়ে। প্রসঙ্গত, আফ্রিকার ২৪টি দেশসহ বিশ্বব্যাপী ১১৩টি দেশ মৃত্যুদণ্ড সম্পূর্ণভাবে বাতিল করেছে।

রেলপথে সংযুক্ত ৩ দেশ

২৭ ডিসেম্বর ২০২৪ চীন-কিরগিজস্তান-উজবেকিস্তান রেলওয়ে প্রকল্পের নির্মাণকাজ উদ্বোধন করা হয়। চীন-কিরগিজস্তান-উজবেকিস্তান রেলপথটি কেবল একটি পরিবহন করিডোর হবে না, বরং এটি পূর্ব ও পশ্চিমকে সংযোগকারী একটি কৌশলগত চ্যানেল হিসেবেও কাজ করবে। ৭ জুন ২০২৪ বেইজিংয়ে চীন-কিরগিজস্তান-উজবেকিস্তান রেলপথ প্রকল্পের জন্য তিন দেশের চুক্তি স্বাক্ষর হয়। ১৯৯৬ সালে প্রকল্পের ধারণাটি প্রাথমিকভাবে উন্মোচিত হয়।

ব্রিকসের নতুন সদস্য ইন্দোনেশিয়া

৬ জানুয়ারি ২০২৫ দক্ষিণ-পূর্ব এশিয়ার প্রথম দেশ হিসেবে ব্রিকসের সদস্যপদ লাভ করে ইন্দোনেশিয়া। দেশটি ব্রিকসের দশম সদস্য। বিশ্বের চতুর্থ জনবহুল দেশ ইন্দোনেশিয়া। এই জোটে বর্তমানে রাশিয়া, ভারত, চীন, দক্ষিণ আফ্রিকা, ব্রাজিল, মিসর, ইথিওপিয়া, ইরান ও সংযুক্ত আরব আমিরাত অন্তর্ভুক্ত রয়েছে। ২০০১ সালে গোল্ডম্যান স্যাকসের তৎকালীন প্রধান অর্থনীতিবিদ জিম ও' নিল প্রথম 'BRIC' বা 'ব্রিক' শব্দটি প্রবর্তন করেন। ২০০৯ সালে প্রথম ব্রিক শীর্ষ সম্মেলনের মাধ্যমে একটি আনুষ্ঠানিক সংগঠনে রূপ নেয় ব্রিক। ২০১০ সালে এর সঙ্গে দক্ষিণ আফ্রিকা যুক্ত হয়। ফলে 'ব্রিক' হয়ে যায় 'ব্রিকস', যা মূলত পাঁচটি দেশের আদ্যক্ষর নিয়ে গঠিত। দেশগুলো হচ্ছে ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন ও দক্ষিণ আফ্রিকা।

BRICS

ডেনমার্ক ন্যাটোর সদস্য হয় ৪ এপ্রিল ১৯৪৯

www.abswer.com

www.abswer.com

জাতীয় পাখি সাদা মাথার ঈগল

যুক্তরাষ্ট্রে প্রায় ২৫০ বছর পর জাতীয় পাখির স্বীকৃতি পেল সাদা মাথার ঈগল (Bald eagle)। ২৪ ডিসেম্বর ২০২৪ জো বাইডেন একটি আইনে স্বাক্ষর করার মাধ্যমে সাদা মাথা ও হলুদ ঠোঁটের এ পাখিটির আনুষ্ঠানিক স্বীকৃতি মিলে। ১৭৮২ সাল থেকে যুক্তরাষ্ট্রের সরকারি নথিপত্রে ব্যবহৃত সিলে (গ্রেট সিল অব দ্য ইউএস) এ পাখির ছাপ দেখা যায়। তবে এটিকে এত দিন সরকারিভাবে জাতীয় পাখি ঘোষণা করা হয়নি। ১৯৪০ সালের ন্যাশনাল এমব্লেম অ্যাক্ট অনুসারে সাদা মাথার ইগল সংরক্ষিত পাখি। আইন অনুযায়ী, পাখিটি বিক্রি করা ও শিকার করা অবৈধ।

যুক্তরাষ্ট্রের বেসামরিক সম্মাননা

৪ জানুয়ারি ২০২৫ জো বাইডেন হোয়াইট হাউজে এক অনুষ্ঠানে যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা প্রেসিডেনশিয়াল মেডেল অব ফ্রিডম প্রদান করেন। বিভিন্ন ক্ষেত্রে অনন্য অবদানের জন্য হিলারি ক্লিনটন, জর্জ সরোস, ড্যানজেল ওয়াশিংটন, লিওনেল মেসিসহ ১৯ জন বিখ্যাত ব্যক্তিকে এ সম্মাননা দেওয়া হয়। অনুষ্ঠানে চারজনকে মরণোত্তর এই পদক দেওয়া হয়।

মেক্সিকো উপসাগর এখন আমেরিকা উপসাগর

২০ জানুয়ারি ২০২৫ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প মেক্সিকো উপসাগরের (Gulf of America) নাম পরিবর্তন করে আমেরিকা উপসাগর (Gulf of Mexico) করার নির্বাহী আদেশে স্বাক্ষর করেন। উপসাগরের ছবি, ম্যাপ ও ডেটাবেজও প্রকাশ করে ট্রাম্প প্রশাসন। নতুন নামের সাথে উপসাগরীয় সীমান্তে অবৈধ অভিবাসন, মাদক পাচার রোধে নতুন অপারেশন শুরু হবে বলে জানায় ট্রাম্প প্রশাসন। সেই সাথে আলাস্কার 'ডেনালি' পর্বত শৃঙ্গের নাম পরিবর্তন করে 'মাউন্ট ম্যাককিনাল' রাখা হয়।

মেক্সিকো উপসাগর

মেক্সিকো উপসাগর মূলত উত্তর আমেরিকা মহাদেশের দ্বারা বেষ্টিত মহাসাগরের অববাহিকা। মার্কিন যুক্তরাষ্ট্রের টেক্সাস, লুইজিয়ানা, মিসিসিপি, আলাবামা এবং ফ্লোরিডা রাজ্যের অবস্থান এই উপসাগরের উত্তর উপকূলে অবস্থিত। এছাড়াও মেক্সিকোর পূর্বে অবস্থিত এই উপসাগরটি। বাণিজ্যিক ভাবে ক্যালিফোর্নিয়া উপসাগর মৎস্য চাষের জন্য একটি গুরুত্বপূর্ণ অঞ্চল।

জাস্টিন ট্রুডোর পদত্যাগ

৬ জানুয়ারি ২০২৫ রাজনৈতিকভাবে নানা সমস্যা জর্জরিত কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো পদত্যাগের ঘোষণা দেন। ট্রুডো ৯ বছর ধরে কানাডার প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করছেন। তৃতীয় মেয়াদে প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করে চলা ট্রুডো ২৪ মার্চ ২০২৫ পর্যন্ত পার্লামেন্ট অধিবেশন মুলতবি ঘোষণা করেন। জাস্টিন ট্রুডোর লিবারেল পার্টি ৯ মার্চ ২০২৫ নতুন নেতা নির্বাচন করবে। ট্রুডোর পদত্যাগের ঘোষণা দেওয়ার পর থেকে ৩ জন এ পদের জন্য প্রতিদ্বন্দ্বিতার ঘোষণা দেন। তারা হলেন কানাডার সাবেক উপপ্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রী ক্রিস্টিয়া ফ্রিল্যান্ড, লিবারেল পার্টির হাউস লিডার কারিনা গোল্ড এবং ব্যাংক অব কানাডার সাবেক গভর্নর মার্ক কার্নি।

পানির নিচে বিশ্বের বৃহত্তম জলপ্রপাত

আইসল্যান্ড ও গ্রিনল্যান্ডের ডেনমার্ক প্রণালির মধ্যে ডুবো চ্যানেলের পানির নিচে বিশ্বের বৃহত্তম জলপ্রপাতের সন্ধান পাওয়া যায়। পানির নিচে থাকা এই জলপ্রপাতের চূড়া থেকে সমুদ্রের তলদেশের গভীরতা প্রায় সাড়ে ১১,০০০ ফুট, যা ভেনিজুয়েলায় অবস্থিত বিশ্বের সবচেয়ে উঁচু জলপ্রপাত অ্যাঞ্জেলের উচ্চতার (৩২১২ ফুট) চেয়েও বেশি। পানির নিচে থাকা এই জলপ্রপাত প্রায় ১৭,৫০০ – ১১,৫০০ বছর আগে অর্থাৎ শেষ বরফ যুগে তৈরি হয়। বিশাল জলপ্রপাতটি ভূপৃষ্ঠ থেকে শনাক্ত করা যায় না। জলপ্রপাতের প্রভাব ভূপৃষ্ঠে অদৃশ্য হলেও সমুদ্রের তাপমাত্রা ও লবণাক্ততার তথ্য এই জলপ্রপাতের কার্যকলাপের প্রমাণ দেয়। ডেনমার্ক প্রণালিতে এই জলপ্রপাত প্রায় ৩০০ মাইল এলাকা জুড়ে বিস্তৃত। এই জলপ্রপাতে প্রতি সেকেন্ডে ১.৬ ফুট বেগে পানি প্রবাহিত হয়, যেখানে নায়াগ্রা জলপ্রপাতে প্রতি সেকেন্ডে ১০০ ফুট পানির গতি দেখা যায়।

যুক্তরাজ্যে AI নিয়ে নতুন পরিকল্পনা

১৩ জানুয়ারি ২০২৫ যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার ৫০ দফার পরিকল্পনা প্রকাশ করেন। এর মধ্য দিয়ে তিনি যুক্তরাজ্যকে কৃত্রিম বুদ্ধিমত্তার (AI) বৈশ্বিক নেতা হিসেবে গড়ে তুলতে চান। স্টারমার এই পরিকল্পনাকে 'দেশ গড়ার দশক' হিসেবে চিহ্নিত করেন। পরিকল্পনাটির নাম 'এআই অপরচুনিটিস অ্যাকশন প্ল্যান'। এই পরিকল্পনা বাস্তবায়নের মধ্য দিয়ে AI প্রবৃদ্ধি অঞ্চল (গ্রোথ জোন) গড়ে তোলা হবে। উল্লেখ্য, কৃত্রিম বুদ্ধিমত্তাসংক্রান্ত দক্ষতায় বিশ্বে প্রথম চীন, দ্বিতীয় যুক্তরাষ্ট্র এবং তৃতীয় যুক্তরাজ্য।

ডেনমার্কের রাজতন্ত্রকে ইউরোপের প্রাচীনতম রাজতন্ত্র বলা হয়

www.abswer.com

www.abswer.com

শেনজেনে বুলগেরিয়া ও রোমানিয়া

২৫ এপ্রিল ২০০৫ বুলগেরিয়া ও রোমানিয়া শেনজেন চুক্তি স্বাক্ষর করলেও এত দিন ভিসামুক্ত শেনজেন অঞ্চলে যুক্ত হতে পারেনি। দেশ দুটির আবেদনে প্রাথমিকভাবে ভেটো দেয় অস্ট্রিয়া। দেশটির দাবি বাহ্যিক শেনজেন সীমানাগুলোর দুর্বল সুরক্ষা ব্যবস্থার কারণে অস্ট্রিয়াকে অস্বাভাবিক সংখ্যক অবৈধ অভিবাসী আশ্রয় দিতে হয়। বহু আলোচনার পর ৩০ ডিসেম্বর ২০২৩ ইউরোপীয় কাউন্সিল ঘোষণা দেয় রোমানিয়া ও বুলগেরিয়া শেনজেন অঞ্চলে আংশিকভাবে অন্তর্ভুক্ত হতে পারবে। ৩১ মার্চ ২০২৪ দেশ দু'টি সাগর ও আকাশ পথে শেনজেন দেশগুলোর সঙ্গে যুক্ত হয়। এরপর নানা ধাপে আলোচনার পর ১ জানুয়ারি ২০২৫ বুলগেরিয়া ও রোমানিয়া আনুষ্ঠানিকভাবে বিশ্বের বৃহত্তম অঞ্চল শেনজেন জোনে পরিপূর্ণ সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হয়। উল্লেখ্য, ১ জানুয়ারি ২০০৭ থেকে রোমানিয়া ও বুলগেরিয়া ইউরোপীয় ইউনিয়নের (EU) সদস্য।

সদস্য কড়চা : বর্তমানে শেনজেন অঞ্চলের অন্তর্ভুক্ত দেশের সংখ্যা ২৯টি। এর মধ্যে EU'র ২৭ সদস্যের ২৫টি শেনজেনভুক্ত। EU'র সদস্য নয় এমন চারটি দেশ— সুইজারল্যান্ড, নরওয়ে, আইসল্যান্ড ও লিচটেনস্টাইন শেনজেন অঞ্চলের অন্তর্ভুক্ত।

ইউরোপে রাশিয়ার গ্যাসের অবসান



রাশিয়া থেকে ইউক্রেনের ওপর দিয়ে পাইপলাইনের মাধ্যমে ইউরোপে যে তরল গ্যাস সরবরাহ হতো তা বন্ধ হয়ে গেছে। ১ জানুয়ারি ২০২৫ ইউক্রেনের জাতীয় তেল-গ্যাস কোম্পানি নাফটোগাজ ও রাশিয়ার রাষ্ট্রায়ত্ত জ্বালানি কোম্পানি গাজপ্রমের মধ্যে সর্বশেষ পাঁচ বছরের চুক্তির মেয়াদ শেষ হয়। এ চুক্তি হয় ২০২০ সালে। কিন্তু কিয়েভ চুক্তির মেয়াদ বৃদ্ধি না করায় তাদের সরবরাহও বন্ধ হয়ে যায়। এর মাধ্যমে ইউরোপের জ্বালানি বাজারে কয়েক যুগের রুশ আধিপত্যের অবসান ঘটে।

ভারত

তালেবান-ভারত সম্পর্ক

৮ জানুয়ারি ২০২৫ সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে ভারতের পররাষ্ট্র সচিব বিক্রম মিশ্রি ও তালেবান সরকারের ভারপ্রাপ্ত পররাষ্ট্রমন্ত্রী আমির খান মুত্তাকী সাক্ষাৎ করেন। তালেবান পররাষ্ট্র মন্ত্রণালয় জানায় 'সমতা ও অর্থনৈতিক গুরুত্বের ওপর ভিত্তি করে গঠিত আফগানিস্তানের পররাষ্ট্রনীতি অনুসারে, গুরুত্বপূর্ণ আঞ্চলিক ও অর্থনৈতিক অংশীদার হিসেবে ভারতের সঙ্গে রাজনৈতিক ও অর্থনৈতিক সম্পর্ক জোরদার করতে চায় আফগানিস্তান। এছাড়াও ইরানের চাবাহার বন্দর ব্যবহার করে যুদ্ধ বিধ্বস্ত দেশটি যেন বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করতে পারে সে বিষয়েও আলোচনা হয়। ২০২২ সালের জুনে ভারত একটি 'টেকনিক্যাল টিম' পাঠায় কাবুলে। সেই দলটি আফগানিস্তানকে নয়াদিল্লি কীভাবে সহায়তা করতে পারে সে বিষয়ে পর্যালোচনা করে। যার পরিপ্রেক্ষিতে ভারত তালেবানের প্রতিনিধি হিসেবে ইকরামুদ্দিন কামিলকে মুম্বাইয়ে অবস্থিত আফগানিস্তানের দূতাবাসে কাজের অনুমোদন দেয়। উল্লেখ্য, তালেবান ২০২১ সালে দ্বিতীয় দফায় আফগানিস্তানের ক্ষমতা দখলের পর এটিই তালেবান ও ভারতের মধ্যকার সর্বোচ্চ পর্যায়ের বৈঠক।

আবহাওয়া অফিসের সার্ধশত বছর

১৫ জানুয়ারি ২০২৫ ভারতীয় আবহাওয়া অধিদপ্তরের (IMD) সার্ধশত বছর পূর্তি উদ্‌যাপন করে। বর্তমানে যেসকল দেশ ১৫০ বছর পূর্বে অবিভক্ত ভারতের আবহাওয়া বিভাগের অন্তর্গত ছিল, তাদেরকে এই আয়োজনে উপস্থিত থাকতে আমন্ত্রণপত্র পাঠানো হয়। পশ্চিম এশিয়া ও দক্ষিণ-পশ্চিম এশিয়ার বিভিন্ন দেশের আবহাওয়াবিদদেরও এই অনুষ্ঠানে যোগ দিতে আমন্ত্রণ পাঠানো হয়। প্রসঙ্গত, ১৫ জানুয়ারি ১৮৭৫ ভারতীয় আবহাওয়া অধিদপ্তর প্রতিষ্ঠিত হয়। ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির অধীনে ১৭৮৫ সালে কলকাতায় প্রথম পর্যবেক্ষণাগার স্থাপন করা হয়। এর পরপরই মাদ্রাজ (১৭৯৬) এবং বোম্বে (১৮২৬) পর্যবেক্ষণাগার চালু করা হয়। ১৮৭১ সালে খরার পরে ব্রিটিশ সরকার আবহাওয়ার খুঁটিনাটি তথ্য নথিবদ্ধ করে এবং বিশ্লেষণের সিদ্ধান্ত নেয়। সেই সূত্র ধরেই ১৮৭৫ সালে তৈরি হয় IMD।

ইন্টারপোলের আদলে ভারতপোল

৭ জানুয়ারি ২০২৫ ভারত আন্তর্জাতিক পুলিশ সহায়তা সংস্থা ইন্টারপোলের ধাঁচে 'ভারতপোল' নামে একটি নতুন পোর্টাল চালু করে। পোর্টালটি তৈরি করে ভারতের কেন্দ্রীয় তদন্ত সংস্থা (CBI)। এর লক্ষ্য হলো বিদেশে পালিয়ে যাওয়া অপরাধীদের ধরতে ভারতীয় কর্তৃপক্ষ এবং আন্তর্জাতিক সংস্থাগুলোর মধ্যে সহযোগিতা আরও শক্তিশালী করা। সাম্প্রতিক সময়ে সাইবার অপরাধ, আর্থিক দুর্নীতি, উগ্রবাদ, মাদক, মানবপাচারের মতো আন্তর্জাতিক অপরাধের ঘটনা ব্যাপক বেড়েছে। এই পরিস্থিতিতে তদন্তে গতি আনতে আন্তর্জাতিক সহায়তার প্রয়োজন হয়। মাঝেমধ্যে সেই তথ্য পেতে দেরিও হয়। ফলে হাতছাড়া হয়ে যায় অপরাধীরা। এই পরিস্থিতি মোকাবিলায় CBI এই ভারতপোল পোর্টাল চালু করে।

হ্যারাল্ড আই (ব্লুটুথ) নরওয়ে জয় করেন এবং ডেনমার্ককে একীভূত করেন

www.abswer.com

www.abswer.com

চীন

তাইওয়ানের ডিজিটাল নোম্যাড ভিসা

২০২৫ সালের শুরু থেকেই 'ডিজিটাল নোম্যাড' বা যাযাবর ভিসা দেওয়া শুরু করে তাইওয়ান। বিদেশিদের দেওয়া ছয় মাস মেয়াদি এই ভিসা প্রযুক্তিতে তাদের নিজস্ব প্রতিভার ঘাটতি কমাতে সহায়তা করবে। ২০৩২ সালের মধ্যে দেশে চার লাখ বিদেশি কর্মী আনার লক্ষ্য নির্ধারণ করে তাইওয়ান। অন্য দেশ থেকে আসা কর্মীদের নোম্যাড ভিসায় ছয় মাস কাজ করার সুযোগ দেবে দেশটি। এরই মধ্যে ডিজিটাল যাযাবর পেশায় পরিবেশের দিক থেকে এশিয়ার সেরা দেশ হিসেবে আন্তর্জাতিক স্বীকৃতি পায় তাইওয়ান।

ডিজিটাল যাযাবর ভিসা : এটি এমন এক ধরনের ভিসা, যার মাধ্যমে কোনো ব্যক্তি ভিসা প্রদানকারী দেশে বসে পৃথিবীর যেকোনো জায়গায় কাজ করার আইনি অধিকার রাখেন। যারা দূর থেকে কাজ করতে চান তাদের জন্যই এ ধরনের ভিসাব্যবস্থা চালু রয়েছে।

দ্রুত গতির ট্রেনের প্রোটোটাইপ

২৯ ডিসেম্বর ২০২৪ বেইজিংয়ে বিশ্বের দ্রুততম বুলেট ট্রেনের প্রোটোটাইপ উন্মোচন করে চীন। সিআর-৪৫০ নামের এ ট্রেনটির পরীক্ষামূলক যাত্রায় গতি ঘণ্টায় ৪৫০ কিমি ও কার্যকরি গতি ঘণ্টায় ৪০০ কিলোমিটারে পৌঁছে। সিআর-৪৫০ মডেলটি উন্নত গতি, জ্বালানি সাশ্রয়, শব্দ নিয়ন্ত্রণ এবং ব্রেকিং ব্যবস্থায় আধুনিক। এটি ৩,০০০-এর বেশি পরীক্ষা এবং ২,০০০ প্ল্যাটফর্ম টেস্ট পেরিয়ে বাণিজ্যিক ব্যবহারের উপযোগী হয়।

- বর্তমানে বিশ্বের সবচেয়ে দ্রুতগতির ট্রেন সিআর-৪০০ চীনের তৈরি। ২০১৭ সালে চালু হওয়া এই ট্রেন ঘণ্টায় ৩৫০ কিমি বেগে চলতে পারে।

বিশ্বের বৃহত্তম জলবিদ্যুৎ বাঁধ

সম্প্রতি তিব্বত মালভূমির পূর্ব সীমান্তে বিশ্বের বৃহত্তম জলবিদ্যুৎ প্রকল্পের বাঁধ নির্মাণের পরিকল্পনা করে চীন। ইয়ারলুং জাংবো নদীর নিম্নভাগে বাঁধটি নির্মাণ করা হবে। নির্মাণ কাজ শেষে এই প্রকল্প থেকে বছরে ৩০,০০০ কোটি কিলোওয়াট-ঘণ্টা বিদ্যুৎ উৎপাদন হবে। বর্তমানে বিশ্বের বৃহত্তম জলবিদ্যুৎ প্রকল্প হলো চীনের থ্রি জর্জেস বাঁধ। এই প্রকল্পের বার্ষিক বিদ্যুৎ উৎপাদন সক্ষমতা ৮,৮২০ কিলোওয়াট-ঘণ্টা। চীন ইতিমধ্যেই তিব্বতের পশ্চিম থেকে পূর্ব দিকে প্রবাহিত ইয়ারলুং জাংবো নদীর উচ্চপ্রবাহে জলবিদ্যুৎ উৎপাদন শুরু করেছে।



চীনের নতুন শহর

২৭ ডিসেম্বর ২০২৪ ভারত সীমান্তবর্তী চীনের উত্তর-পশ্চিমের শিনজিয়াং প্রদেশে দুটি নতুন প্রশাসনিক অঞ্চল (কাউন্টি) নির্মাণের ঘোষণা করে চীন। চীনের কমিউনিস্ট পার্টির কেন্দ্রীয় কমিটি এবং রাষ্ট্র পরিষদ এই দুটি নতুন কাউন্টি অনুমোদন করে। চীনের ঘোষিত কাউন্টির কিছু অংশ ভারতের কেন্দ্রশাসিত অঞ্চল লাদাখের মধ্যে পড়েছে দাবি করে আপত্তি ও প্রতিবাদ জানায় দেশটি।

উভচর আক্রমণকারী জাহাজ

২৭ ডিসেম্বর ২০২৪ উদ্বোধন করা হয় চীনের প্রথম উভচর আক্রমণকারী অ্যাসল্ট জাহাজ 'CNS সিচুয়ান'। দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় প্রদেশ সিচুয়ানের নামে জাহাজটির নামকরণ করা হয়। এটি টাইপ ০৭৬ শ্রেণির জাহাজ। বর্তমানে, পিপলস লিবারেশন আর্মি (PLA) তিনটি টাইপ ০৭৫ উভচর আক্রমণকারী জাহাজ পরিচালনা করছে। যেগুলোর নামকরণ করা হয় চীনের তিনটি প্রদেশের নামে- হাইনান, গুয়াংসি এবং আনহুই।

পাকিস্তান

স্টারলিংক ইন্টারনেট

৫ জানুয়ারি ২০২৫ পাকিস্তানে স্টারলিংক ইন্টারনেট চালুর পরিকল্পনার কথা জানান ইলন মাস্ক। প্রতিষ্ঠানটি এরই মধ্যে পাকিস্তানে ইন্টারনেট সেবা চালু করার জন্য আবেদন করেছে। স্টারলিংকের উচ্চগতির স্যাটেলাইট ইন্টারনেট পরিসেবা চালু হলে পাকিস্তানের দূরবর্তী ও গ্রামাঞ্চলসহ সর্বত্র ইন্টারনেট সংযোগের উল্লেখযোগ্য উন্নতি হবে। উল্লেখ্য, বাংলাদেশ ২০২৫ সালের মধ্যে স্টারলিংকের কার্যক্রম শুরু করার পরিকল্পনা করছে। যা দেশের দুর্গম এলাকাগুলোতে ইন্টারনেট সেবা আরও সহজ ও কার্যকর করবে। প্রসঙ্গত, স্টারলিংক বিশ্বের প্রথম ও বৃহত্তম কৃত্রিম উপগ্রহনির্ভর নক্ষত্রমণ্ডল। এটি ইলন মাস্কের মালিকানাধীন কোম্পানি স্পেসএক্সের একটি অঙ্গ প্রতিষ্ঠান।

স্বর্ণের খনির সন্ধান

১০ জানুয়ারি ২০২৫ পাঞ্জাব প্রদেশের সাবেক খনিমন্ত্রী জানান পাকিস্তানে সোনার খনির সন্ধান পাওয়া যায়। সিন্ধু নদের পাঞ্জাব অংশের অববাহিকা এলাকায় এই খনিতে অন্তত ২৮ লাখ ভরি স্বর্ণ মজুত রয়েছে। দেশের বর্তমান বাজারে এই পরিমাণ স্বর্ণের দাম ৮,০০০ কোটি পাকিস্তানি রুপি। সিন্ধু নদের তলদেশ থেকে প্রায় ৬০০ বিলিয়ন রুপি মূল্যের স্বর্ণ উত্তোলন সম্ভব। বিশেষজ্ঞদের মতে, হাজার হাজার বছর ধরে হিমালয় থেকে সিন্ধু নদের স্রোতের সঙ্গে ভেসে আসা স্বর্ণের কণা নদীর তলদেশে জমা হয়ে এই মজুত তৈরি করেছে, যাকে 'প্লেসার ডিপোজিশন' বলা হয়।

www.abswer.com

www.abswer.com

লেবাননের নতুন প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রী

প্রেসিডেন্ট

১৩ জানুয়ারি ২০২৫ আন্তর্জাতিক বিচার আদালতের (ICJ) প্রধান নাওয়াফ সালামকে লেবাননের প্রধানমন্ত্রী হিসেবে মনোনীত করেন দেশটির নব নির্বাচিত প্রেসিডেন্ট জোসেফ আউন। ICJ-এর প্রধান নির্বাচিত হওয়ার পর ২০২৪ সালে ইসরায়েলের বিরুদ্ধে দক্ষিণ আফ্রিকার করা গণহত্যা মামলা এবং অন্যান্য ট্রাইব্যুনালের নেতৃত্ব দেওয়ার মধ্য দিয়ে এই বিচারক আন্তর্জাতিক খ্যাতি অর্জন করেন।

অন্যদিকে ২০২২ সালের অক্টোবর থেকে লেবাননের প্রেসিডেন্ট পদটি খালি ছিল। এছাড়া এত দিন পর্যন্ত তত্ত্বাবধায়ক সক্ষমতার ভিত্তিতে দেশটির মন্ত্রিপরিষদ পরিচালিত হতো। এরপর ৯ জানুয়ারি ২০২৫ লেবাননের পার্লামেন্টে ভোটাভুটির মাধ্যমে প্রেসিডেন্ট নির্বাচিত হন জোসেফ আউন।

প্রধানমন্ত্রী

সিরিয়ায় প্রথম নারী গভর্নর

সিরিয়ার কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর হিসেবে মাইসা সাবরিনকে নিয়োগ দেয় নতুন অন্তর্বর্তীকালীন সরকার। ৩০ ডিসেম্বর ২০২৪ তিনি দায়িত্ব গ্রহণ করেন। মাইসা সাবরিন কেন্দ্রীয় ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর। দেশটিতে ৭০ বছরের বেশি সময়ের মধ্যে এই প্রথম কোনো নারী কেন্দ্রীয় ব্যাংকের নেতৃত্ব দিবেন। ব্যাংকিং খাতে ১৫ বছরের অভিজ্ঞতা রয়েছে মাইসার। দামেস্ক ইউনিভার্সিটি থেকে হিসাব বিজ্ঞানে স্নাতকোত্তর করেন মাইসা। মাইসা ২০১৮ সাল থেকে দামেস্ক সিকিউরিটিজ এক্সচেঞ্জের পরিচালনা পর্ষদে সদস্য হিসেবে রয়েছেন। তিনি কেন্দ্রীয় ব্যাংকের প্রতিনিধি হিসেবে এ দায়িত্ব পালন করছেন।

ভিসা ও ইকামা ফি বাড়াল সৌদি আরব

২০২৫ সালের জানুয়ারিতে সৌদি আরব ভিসা, ইকামাসহ ৭টি সেবা নবায়নের ফি বাড়ানোর সিদ্ধান্ত নেয়। দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন ব্যবসায়িক প্ল্যাটফর্ম 'আবশের বিজনেস' বর্ধিত ফি চালু করে। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, সৌদিতে পুনঃপ্রবেশের ভিসা ও বহির্গমনের মেয়াদ বাড়ানোর ফি নির্ধারণ করা হয় ১০৩.৫ রিয়াল। আর ইকামা (বসবাসের অনুমতি) নবায়ন ও চূড়ান্ত বহির্গমনের ফি নির্ধারণ করা হয় যথাক্রমে ৫১.৭৫ এবং ৭০ রিয়াল। নতুন করে ইকামা ইস্যু করার ফি ধরা হয় ৫১.৭৫ রিয়াল। কর্মচারীদের বিষয়ে সরকারি কর্তৃপক্ষের কাছে প্রতিবেদন দাখিল (রিপোর্টিং) ফি ২৮.৭৫ রিয়াল। আর পাসপোর্টের তথ্য হালনাগাদ করতে দিতে হবে ৬৯ রিয়াল।

ইরান

নতুন রাজধানী

৭ জানুয়ারি ২০২৫ মধ্যপ্রাচ্যের দেশ ইরানের সরকার দেশটির রাজধানী স্থানান্তরের সিদ্ধান্ত নেয়। নতুন রাজধানী হবে উপকূলীয় মাক্রান অঞ্চলে। মাক্রান অঞ্চলের অবস্থান ইরানের দক্ষিণাঞ্চলীয় সিস্তান ও বেলুচিস্তান প্রদেশে। ওমান উপসাগরের নিকটবর্তী হওয়ায় মাক্রান অঞ্চলের কৌশলগত সুবিধা রয়েছে। সমুদ্রবন্দরভিত্তিক রাজধানী হলে দেশটি কৌশলগত ও অর্থনৈতিক সুফল পাবে।

কয়েকটি দেশের রাজধানী পরিবর্তন

দেশ	নতুন/প্রস্তাবিত	পূর্বের
মিসর	নিউ অ্যাডমিনিস্ট্রেটিভ ক্যাপিটাল (ন্যাক)	কায়রো
ইন্দোনেশিয়া	নুসানতারা	জাকার্তা
কাজাখস্তান	নুরসুলতান	আসতানা
মিয়ানমার	নাইপিদো	ইয়াঙ্গুন
নাইজেরিয়া	আবুজা	লাগোস

প্রথম গোয়েন্দা জাহাজ

১৫ জানুয়ারি ২০২৫ ইরান ইতিহাসে প্রথমবারের মতো গোয়েন্দা জাহাজ উন্মোচন করে। জাহাজটির নাম জাগরোস। ইরানে নির্মিত এই অত্যাধুনিক জাহাজটি, ইন্টারসেপ্টর এবং সাইবার ও গোয়েন্দা প্রযুক্তিতে সজ্জিত। জাগরোস নামের নতুন ক্যাটাগরির এই সামরিক বাহনে উচ্চপ্রযুক্তির বৈদ্যুতিক সেন্সর রয়েছে। ফলে এ জাহাজের মাধ্যমে সাইবার হামলা ঠেকানো এবং গোয়েন্দা বৃত্তি নজরদারিতে রাখা সম্ভব হবে।

ক্ষেপণাস্ত্র সংরক্ষণাগার

১০ জানুয়ারি ২০২৫ নতুন একটি ভূগর্ভস্থ ক্ষেপণাস্ত্র সংরক্ষণাগার উন্মোচন করে ইরানের ইসলামিক রেভ্যুলুশনারি গার্ড কোর্পস (IRGC)। একইসঙ্গে, তারা নতুন বিশেষ ক্ষেপণাস্ত্রও তৈরির ঘোষণা দেয়। ২০২৩ সালের এপ্রিল ও অক্টোবরে ইসরায়েলের বিরুদ্ধে ইরান যে অভিযান চালায়, তার একাংশ পরিচালিত হয় ভূগর্ভস্থ এ ক্ষেপণাস্ত্র ঘাঁটি ব্যবহার করে। এই স্থানটিকে সুপ্ত আগ্নেয়গিরি বলে বর্ণনা করা হয়। এছাড়াও ২০২৫ সালের জানুয়ারিতে নতুন মহড়া ও যুদ্ধ মহড়ার আয়োজন করে ইরান, যার মধ্যে 'ক্ষেপণাস্ত্র ও ড্রোন সিটি' উন্মোচিত হয়।

www.abswer.com

www.abswer.com

ডোনাল্ড ট্রাম্পের প্রত্যাবর্তন

বিশ্বের সবচেয়ে ক্ষমতাধর ও শীর্ষ অর্থনীতির দেশ মার্কিন যুক্তরাষ্ট্র। মার্কিন প্রেসিডেন্ট ক্ষমতার দিক থেকে পৃথিবীর সবচেয়ে ক্ষমতাধর ব্যক্তি। তিনি যা করেন তা বিশ্বের প্রায় অধিকাংশ দেশেই কিছু না কিছু প্রভাব ফেলে। দ্বিতীয়বারের মতো মার্কিন প্রেসিডেন্ট হিসেবে ২০ জানুয়ারি ২০২৫ দায়িত্ব গ্রহণ করেন বহু বিতর্কের জন্মদাতা ডোনাল্ড ট্রাম্প।

অভিষেক ২০ জানুয়ারি

যুক্তরাষ্ট্রে নভেম্বর মাসে নির্বাচনের পর ২০ জানুয়ারি দুপুরে নতুন প্রেসিডেন্ট শপথ নেওয়ার মধ্য দিয়ে রাষ্ট্রের নির্বাহী প্রধান হিসেবে অভিষিক্ত হন। সেই দিন বেলা ১১টা ৫৯ মিনিট ৫৯ সেকেন্ড পর্যন্ত ক্ষমতায় থাকেন আগের প্রেসিডেন্ট। তবে এ ক্ষেত্রে একটি ব্যতিক্রম রয়েছে। কোনো বছরের ২০ জানুয়ারি যদি রবিবার পড়ে, তবে প্রেসিডেন্ট শপথ নিলেও বাকি আনুষ্ঠানিকতা পরদিনের জন্য তোলা থাকবে। উল্লেখ্য, ১৯৩৩ সালের পূর্বে অভিষেকের দিন ছিল ৪ মার্চ। ১৯৩৩ সালে সংবিধানে ২০তম সংশোধনী আনা হয়। এ সংশোধনী অনুসারে অভিষেকের দিন ২০ জানুয়ারি এবং নতুন কংগ্রেসের প্রথম অধিবেশন শুরুর জন্য ৩ জানুয়ারি তারিখ নির্ধারণ করা হয়। ২০ জানুয়ারি ১৯৩৭ প্রথমবার প্রেসিডেন্টের অভিষেক দিবস পালন করা হয়, যা বর্তমানে চলমান। সেদিন প্রথম মার্কিন প্রেসিডেন্ট হিসেবে শপথ নেন ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট। সেটি ছিল তার দ্বিতীয় মেয়াদ। প্রথম মেয়াদে তিনি শপথ নেন সংবিধানে উল্লিখিত ৪ মার্চ।

শপথবাক্য

মার্কিন সংবিধানের ২০তম সংশোধনীর অনুচ্ছেদ ২-এর সেকশন-১-এ শপথ বাক্যও উল্লেখ রয়েছে। মাত্র ৩৫ শব্দের এই শপথবাক্য হলো— 'আমি গভীর শ্রদ্ধার সঙ্গে শপথ নিচ্ছি (বা দৃঢ়তার সঙ্গে ঘোষণা করছি) যে, আমি যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট কার্যালয়ের দায়িত্ব বিশ্বস্ততার সঙ্গে পালন করব এবং আমার সর্বোচ্চ ক্ষমতা দিয়ে মার্কিন সংবিধানের সংরক্ষণ, এর সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করার চেষ্টা করব।' প্রধান বিচারপতি এই শপথবাক্য পাঠ করানোর রেওয়াজ থাকলেও এ ক্ষেত্রে কোনো সাংবিধানিক বাধ্যবাধকতা নেই। শপথটি প্রেসিডেন্ট চাইলে বাইবেল ছুঁয়ে বা না ছুঁয়ে করতে পারেন। তবে অধিকাংশ মার্কিন প্রেসিডেন্টই বাইবেল বা অনুরূপ কোনো বই বা লেখা ছুঁয়ে শপথ নেন। ২০২৫ সালে ট্রাম্পকে শপথবাক্য পাঠ করান প্রধান বিচারপতি জন রবার্টস। এ নিয়ে তিনি দ্বিতীয়বারের মতো ট্রাম্পকে প্রেসিডেন্ট হিসেবে শপথ পড়ালেন।

ট্রাম্প ৪৫ ও ৪৭তম প্রেসিডেন্ট

ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয় ব্যক্তি হিসেবে প্রথম প্রেসিডেন্ট নির্বাচনে জয়, পরেরবার হার, এরপর তৃতীয় নির্বাচনে আবার জয় পান। আর প্রথম ব্যক্তি হিসেবে এমন জয় পান গ্রোভার ক্লিভল্যান্ড, ১৩২ বছর আগে। তিনি ১৮৮৪, ১৮৮৮ ও ১৮৯২ সালের নির্বাচনে অংশ নেন। এ কারণে গ্রোভার ক্লিভল্যান্ড যুক্তরাষ্ট্রের ২২তম ও ২৪তম প্রেসিডেন্ট আর ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্রের ৪৫তম ও ৪৭তম প্রেসিডেন্ট।

বিদায় জো বাইডেন

১৫ জানুয়ারি ২০২৫ হোয়াইট হাউসের ওভাল অফিস থেকে বিদায়ী ভাষণ দেন বাইডেন। এরপর ২০ জানুয়ারি ২০২৫ বিদায় নেন ৪৬তম মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। তিনি ২০ জানুয়ারি ২০২১ যুক্তরাষ্ট্রের ৪৬তম প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।

সবচেয়ে বয়স্ক প্রেসিডেন্ট

২০ জানুয়ারি ২০২৫ সবচেয়ে বেশি বয়সি প্রেসিডেন্ট হিসেবে ক্ষমতায় বসেন ডোনাল্ড ট্রাম্প। দায়িত্ব গ্রহণের সময় তার বয়স ছিল ৭৮ বছর ২১৯ দিন। এর আগে ২০ জানুয়ারি ২০১৭ ডোনাল্ড ট্রাম্প যখন ৪৫তম প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেন তখনও তিনি ছিলেন দেশটির বয়স্ক প্রেসিডেন্ট (৭০ বছর ২২০ দিন)। কিন্তু ২০ জানুয়ারি ২০২১ জো বাইডেন যখন ৪৬তম প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেন তখন এ রেকর্ড চলে যায় তার অনুকূলে। এ সময় বাইডেনের বয়স ছিল ৭৮ বছর ৬১ দিন। উল্লেখ্য, জো বাইডেন ৮২ বছর ৬০ দিন বয়সে প্রেসিডেন্টের দায়িত্ব পালন শেষে হোয়াইট হাউস ত্যাগ করেন।

www.abswer.com

www.abswer.com

অফিশিয়াল পোর্ট্রেট প্রকাশ

১৬ জানুয়ারি ২০২৫ নবনির্বাচিত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্সের অফিশিয়াল পোর্ট্রেট প্রকাশ করা হয়। তার শপথগ্রহণকে সামনে রেখে এটি প্রকাশ করা হয়। অফিশিয়াল পোর্ট্রেটে দুজনকেই নীল স্যুট, সাদা শার্ট ও নীল টাই পরিহিত দেখা যায়। ট্রাম্পের স্যুটে মার্কিন পতাকার আদলে কোট পিন দেখা যায়।

মার্কিন প্রেসিডেন্টের সুযোগ-সুবিধা

মার্কিন প্রেসিডেন্ট দায়িত্ব গ্রহণ করার পর যে সকল সুযোগ-সুবিধা পান, তার একটি সংক্ষিপ্ত চিত্র—

♦ **হোয়াইট হাউস :** মার্কিন প্রেসিডেন্টের সরকারি বাসভবন। ১৮০০ সালে প্রতিষ্ঠার পর যুক্তরাষ্ট্রের দ্বিতীয় প্রেসিডেন্ট জন অ্যাডামস থেকে শুরু করে ডোনাল্ড ট্রাম্প সবাই বাস করেন এ সাদা ভবনে। হোয়াইট হাউসের অবস্থান যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসি শহরের ১৬০০ পেনসিলভানিয়া অ্যাভিনিউতে। ভবনের আয়তন প্রায় ৫৫,০০০ বর্গফুট।

♦ **ব্লেয়ার হাউস :** মার্কিন প্রেসিডেন্টের গেস্ট হাউস। ১৮২৪ সালে তৈরি করা হয়। এটি হোয়াইট হাউসের চেয়েও বড়। এর আয়তন ৭০,০০০ বর্গফুট।

♦ **ক্যাম্প ডেভিড :** মার্কিন প্রেসিডেন্টের অবকাশকেন্দ্র। ১৯৩৫ সালে মেরিল্যান্ড পর্বতে ১২৮ একর জায়গার উপর নির্মিত হয় এ ভবন। ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট থেকে শুরু করে প্রায় সব প্রেসিডেন্টই এখানে অবকাশ যাপন করেন।

♦ **দ্য বিস্ট :** মার্কিন প্রেসিডেন্টের ব্যবহৃত রাষ্ট্রীয় গাড়ি। এটিকে বিশ্বের সবচেয়ে নিরাপদ গাড়ি হিসেবে বিবেচনা করা হয়। গোলাগুলি তো বটেই, রাসায়নিক আক্রমণ ঠেকাতেও সক্ষম এ গাড়ি।

♦ **এয়ার ফোর্স ওয়ান :** মার্কিন প্রেসিডেন্টকে বহন করা এয়ারক্রাফট। ১৯৯০ সাল থেকে রাষ্ট্রপতির ফ্লাইটগুলো দুটো বিশেষভাবে নির্মিত বোয়িং ৭৪৭-২০০বি সিরিজের এয়ারক্রাফটের মাধ্যমে পরিচালিত হয়ে আসছে। এয়ার ফোর্স ওয়ান মার্কিন প্রেসিডেন্টের ক্ষমতার একটি প্রতীক হিসেবে ধরা হয়।

♦ **মেরিন ওয়ান :** মার্কিন প্রেসিডেন্টকে বহন করা হেলিকপ্টার। এতে আক্রমণ প্রতিহত করার যাবতীয় ব্যবস্থা রয়েছে। ১৯৫৭ সালে ডোয়াইট ডি. আইজেন হাওয়ার প্রথম এ হেলিকপ্টার ব্যবহার করেন।

♦ **সিক্রেট সার্ভিস :** ৫ জুলাই ১৮৬৫ আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে সিক্রেট সার্ভিস। তবে সিক্রেট সার্ভিস প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য ছিল অর্থ জালিয়াতদের পাকড়াও করা। কিন্তু ১৫ এপ্রিল ১৮৬৫ আব্রাহাম লিংকনের মৃত্যু বদলে দেয় সিক্রেট সার্ভিসের মূল উদ্দেশ্য। এখন এ নিরাপত্তা বাহিনী প্রেসিডেন্ট ও তার পরিবারের সুরক্ষা নিশ্চিত করে।

♦ **আর্থিক সুবিধা** ➤ করযোগ্য বার্ষিক বেতন ৪ লক্ষ মার্কিন ডলার • ব্যয় নির্বাহের জন্য ৫০,০০০ মা.ড. • করবিহীন ভ্রমণ ব্যয় ১ লক্ষ মা.ড. • বিনোদন ভাতা ১৯,০০০ মা.ড. • অবসরের পর বার্ষিক পেনশন ২ লাখ মা. ড • প্রেসিডেন্টের মৃত্যুর পর তার স্ত্রী/স্বামী ভাতা হিসেবে পান বার্ষিক ১ লক্ষ মা.ড.।

ট্রাম্পের নির্বাহী আদেশ

২০ জানুয়ারি ২০২৫ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে শপথ নিয়েই একের পর এক নির্বাহী আদেশে স্বাক্ষর করেন ডোনাল্ড ট্রাম্প। এর মাধ্যমে পুরানো অনেক আইন বাতিল করেন। তার এসব পদক্ষেপের মধ্য দিয়ে বাইডেন প্রশাসনের ধারা থেকে যুক্তরাষ্ট্রকে সরিয়ে আনার ইঙ্গিত রয়েছে।

নির্বাহী আদেশ কী

নির্বাহী আদেশ মূলত মার্কিন প্রেসিডেন্টদের বিশেষ ক্ষমতা, যার মাধ্যমে তারা আগের প্রেসিডেন্টের অনেক নির্দেশনাকে মুহূর্তেই বাতিল বা স্থগিত করতে পারেন। যুক্তরাষ্ট্রে যুগ যুগ ধরে এ নিয়ম চলে আসছে। ট্রাম্প যেসব নির্বাহী আদেশে স্বাক্ষর করেন, তার মধ্যে কয়েকটি মার্কিন সংবিধানের সঙ্গে সংশ্লিষ্ট। এগুলোর আইনি বাধ্যবাধকতা থাকায় মার্কিন কংগ্রেস বা আদালতের মাধ্যমে সুরাহা করতে হতে পারে।

উল্লেখযোগ্য ১০টি নির্বাহী আদেশ

- বাইডেন-যুগের অভিবাসন, জলবায়ু পরিবর্তন এবং জাতিগত সমতার সাথে সম্পর্কিত ৭৮টি নীতি বাতিল করে।
- জন্মসূত্রে মার্কিন নাগরিকত্ব বাতিলের আদেশ জারি।
- যুক্তরাষ্ট্র-মেক্সিকো সীমান্তে শরণার্থী সংকট মোকাবিলায় জাতীয় জরুরি অবস্থা ঘোষণা।
- যুক্তরাষ্ট্রে শরণার্থীদের প্রবেশ সাময়িকভাবে স্থগিত করেন।
- ৬ জানুয়ারি ২০২১ দাঙ্গার সাথে সম্পর্কিত ১,৫০০ ব্যক্তিবর্গকে ক্ষমা।
- আন্তর্জাতিক জলবায়ু চুক্তি থেকে মার্কিন যুক্তরাষ্ট্রের আনুষ্ঠানিক প্রত্যাহারের কার্যক্রম শুরু।
- ৯০ দিনের জন্য মার্কিন বিদেশি সাহায্য কর্মসূচির স্থগিতাদেশ জারি।
- বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) থেকে যুক্তরাষ্ট্রকে প্রত্যাহার।
- অবৈধভাবে যুক্তরাষ্ট্রে ঢুকে আশ্রয় চাওয়ার আবেদন বন্ধ।
- প্যারিস জলবায়ু চুক্তি থেকে বেরিয়ে যাওয়ার ঘোষণা।

www.abswer.com

www.abswer.com

গাজায় যুদ্ধবিরতি মরীচিকা নাকি শান্তি

অবরুদ্ধ অবস্থায় রাখার ক্ষোভ আর প্রতিনিয়ত ফিলিস্তিনিদের হত্যার প্রতিশোধ নিতে ৭ অক্টোবর ২০২৩ হামাস ইসরায়েলে হামলা চালায়। পাল্টা আক্রমণ হিসেবে ইসরায়েল গাজায় নির্বিচারে হামলা করে লাখ লাখ বাড়িঘর ও বহু নিরীহ মানুষকে হত্যা করে। দীর্ঘ পনের মাসের বেশি সময় যুদ্ধের পর ১৯ জানুয়ারি ২০২৫ যুদ্ধবিরতি চুক্তি কার্যকর করে হামাস ও ইসরায়েল। তিন স্তরবিশিষ্ট এ যুদ্ধবিরতি এবং যুদ্ধের ক্ষয়ক্ষতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হলো।

বিষফোঁড়ার উত্থান

২ নভেম্বর ১৯১৭ ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী লর্ড আর্থার বেলফোর জায়নবাদী নেতা ব্যারন রথচাইল্ডকে ৬৭ শব্দের এক পত্রে জানান, ব্রিটিশ সরকার ফিলিস্তিনে ইহুদিদের জাতীয় আবাসভূমি গড়ে তোলার জন্য যা করা প্রয়োজন, তার সবই করবে। এটি 'বেলফোর ঘোষণা' নামে পরিচিত। ১৯-২৬ এপ্রিল ১৯২০ ইতালির সান রেমো শহরে মিত্রশক্তির প্রতিনিধিরা একত্রিত হন। সেখানে সিদ্ধান্ত হয় যে সিরিয়া ফরাসি ম্যান্ডেটে আর ফিলিস্তিন ও ইরাক যুক্তরাজ্যের ম্যান্ডেটে শাসিত হবে। ১৯২২ সালে লিগ অব নেশনসের মাধ্যমে এই ম্যান্ডেট অনুমোদনও করা হয়। ১৯৩৭ সালে ব্রিটিশ সরকার নিযুক্ত পিল কমিশন ফিলিস্তিনকে দুই ভাগ করে ৭৫% আরব এবং বাকিটা ইহুদি রাষ্ট্র গঠনের সুপারিশ করে। ২৯ নভেম্বর ১৯৪৭ ব্রিটিশ ম্যান্ডেটে শাসিত ফিলিস্তিন ভূখণ্ডের ৫৬% ইহুদি এবং ৪৩% ফিলিস্তিনি আরবদের মধ্যে ভাগ করে দেওয়ার পরিকল্পনা জাতিসংঘের সাধারণ পরিষদে ৩৩-১৩ ভোটে গৃহীত হয়। এতে জেরুজালেমকে আন্তর্জাতিক নগরের মর্যাদা দেওয়া হয়। ১৪ মে ১৯৪৮ ফিলিস্তিনে ব্রিটিশ ম্যান্ডেট বা শাসন শেষ হওয়ার আগের দিন সন্ধ্যায় বেন গুরিয়ন আনুষ্ঠানিকভাবে তেল আবিবে স্বাধীন ইসরায়েল রাষ্ট্র ঘোষণা করেন। তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট হেনরি ট্রুম্যান সঙ্গে সঙ্গে একে স্বীকৃতি দেন।

সাম্প্রতিক যুদ্ধ

হামাস সাম্প্রতিক হামলাকে 'অপারেশন আল-আকসা ফ্লাড' নামে অভিহিত করে। হামাসের সামরিক শাখা আল-কাসসাম ব্রিগেড এ অপারেশনের নাম দেয় 'অপারেশন আল-আকসা স্টর্ম'। ৭ অক্টোবর ২০২৩ ইসরায়েলি বাহিনী নির্বিচারে গাজায় বিমান ও ক্ষেপণাস্ত্র হামলা চালায়। ৮ অক্টোবর ২০২৩ ইসরায়েল যুদ্ধকালীন মন্ত্রিসভা গঠন করে। গাজায় ইসরায়েলের হামলার প্রতিবাদে কামান ও ক্ষেপণাস্ত্র হামলা চালায় সিরিয়া ও লেবাননের হিজবুল্লাহ সশস্ত্র সংগঠন। এর ফলে লেবাননে ইসরায়েল স্থল অভিযান শুরু করে এবং হিজবুল্লাহর শীর্ষ নেতৃত্বকে শহিদ করে। এরপর ২৭ নভেম্বর ২০২৪ হিজবুল্লাহ-ইসরায়েল যুদ্ধবিরতি কার্যকর হয়।

ইসরায়েলের চক্ষুশূল হামাস

হামাস অর্থ 'উদ্যম'। এটি হারাকাত আল-মুকাওয়ামাহ আল-ইসলামিয়া বা ইসলামি প্রতিরোধ আন্দোলনের সংক্ষিপ্ত রূপ। ১৯৮৭ সালে গাজায় ইসরায়েলিদের বিরুদ্ধে ফিলিস্তিনিদের প্রথম গণজাগরণের (ইন্তিফাদা) শুরু হয়। ১০ ডিসেম্বর ১৯৮৭ PLO নেতা শেখ আহমেদ ইসমাইল হাসান ইয়াসিনসহ আরও কয়েকজনের নেতৃত্বে সংগঠনটির যাত্রা শুরু হয়। সম্প্রতি ইসরায়েলে হামলায় হামাস নেতৃত্ব দেওয়ায় সংগঠনটি চক্ষুশূলে পরিণত হয়েছে। হামাসের নতুন ভারপ্রাপ্তের দায়িত্বে রয়েছেন আন্দোলনের অন্যতম প্রতিষ্ঠাতা এবং রাজনৈতিক ব্যুরোর সদস্য খালেদ মেশাল। ইসরায়েলের প্রতিরক্ষা বাহিনী IDF'র তথ্যমতে যুদ্ধ শুরু হওয়ার পর থেকে তারা প্রায় ২০,০০০-এর মতো হামাস যোদ্ধাকে হত্যা করেছে।

Fact File

যুদ্ধ শুরু : ৭ অক্টোবর ২০২৩ • হামাসের অভিযানের নাম : 'অপারেশন আল-আকসা ফ্লাড' • যুদ্ধবিরতি চুক্তি : ১৮ জানুয়ারি ২০২৫ • গাজায় নিহত : প্রায় ৪৭,০০০ জন (গাজায় প্রতি ৫০ জনে ১ জন নিহত) • গাজায় আহত প্রায় ১,১০,২৬৫ • বিস্ফোরক ফেলা হয় : ৮৫,০০০ টন • ক্ষতিগ্রস্ত বা ধ্বংসপ্রাপ্ত বাড়ি-ঘর : ৪,৩৬,০০০, যা উপত্যকাটির মোট বাড়ি-ঘরের প্রায় ৯২% • ক্ষতিগ্রস্ত বা ধ্বংস হওয়া স্কুল : ৫৩৪টি, যা মোট স্কুলের প্রায় ৯৫% • গাজায় নিহত শিশু : ১৩,৩১৯ জন • গাজার স্বাস্থ্য অবকাঠামো খাতে হামলা : ৬৫৪টি • জিম্মি করে গাজায় আনা হয় : ২৫১ জনকে • বাস্তুচ্যুত মানুষ : ১৯ লাখ, যা মোট জনসংখ্যার ৯০%।

www.abswer.com

www.abswer.com

হামাস-ইসরায়েল যুদ্ধবিরতি চুক্তি

গাজায় ১৫ মাসের যুদ্ধের অবসান ঘটাতে হামাস ও ইসরায়েল একটি যুদ্ধবিরতি চুক্তিতে পৌঁছে। ১৭ জানুয়ারি ২০২৫ গভীর রাত পর্যন্ত হওয়া বৈঠক শেষে বেনিয়ামিন নেতানিয়াহুর জোট সরকারের ২৪ জন মন্ত্রী চুক্তির পক্ষে ভোট দেয়, ৮ জন দেয় বিপক্ষে। তিন স্তরে বা ধাপে বাস্তবায়ন করা হবে এই চুক্তি।

■ প্রথম ধাপ

- ৩৩ জন ইসরায়েলি বন্দির বিনিময়ে ১,৯০৪ জন ফিলিস্তিনি মুক্তি
- গাজার জনবহুল এলাকা ত্যাগ করবে ইসরায়েলি সেনারা
- গাজায় আরও ত্রাণ ব্যবস্থা

■ দ্বিতীয় ধাপ (৪২ দিন)

- টেকসই শান্তি পুনরুদ্ধার
- আরও বন্দিবিনিময় চুক্তি
- গাজা থেকে সম্পূর্ণভাবে ইসরায়েলি সেনা প্রত্যাহার

■ তৃতীয় ধাপ

- নিহত ইসরায়েলি ও ফিলিস্তিনি বন্দিদের লাশ বিনিময়
- গাজার পুনর্গঠন
- সীমান্ত ক্রসিংগুলো পুনরায় চালু করা

যুদ্ধবিরতি কার্যকর : ইসরায়েলের নৃশংসতা শেষে ১৯ জানুয়রি ২০২৫ উপত্যকাটিতে যুদ্ধবিরতি কার্যকর হয়। এরপর এ দিনই যুদ্ধবিরতি চুক্তির আওতায় হামাসের কাছে থাকা তিন জিম্মি নারী ইসরায়েলে ফিরেন। এছাড়াও ইসরায়েলের কারাগারগুলোতে বন্দি থাকা নারী ও শিশু মিলে ৯০ জন ফিলিস্তিনিকে মুক্তি দেয় দেশটির কর্তৃপক্ষ।

এবারের গাজা যুদ্ধে নিহত উল্লেখযোগ্য ব্যক্তি

নাম	মৃত্যু	দায়িত্ব ও পদবী
ইসমাইল হানিয়া	৩১ জুলাই ২০২৪	হামাসের সাবেক প্রধান
ইয়াহিয়া সিনওয়ার	১৬ অক্টোবর ২০২৪	হামাসের পলিট ব্যুরোর প্রধান
মহাসেন আল-খতিব	১৯ অক্টোবর ২০২৪	চিত্রশিল্পী
রেফাত আলারির	৭ ডিসেম্বর ২০২৩	কবি
ডা. সাঈদ জৌদেহ	১২ ডিসেম্বর ২০২৪	বিখ্যাত সার্জন
মারওয়ান ইসাক	২৬ মার্চ ২০২৪	হামাসের সামরিক শাখার ডেপুটি কমান্ডার

গাজায় ইসরায়েলের কিছু অভিযান (ইন্তিফাদা ব্যতীত)

অভিযানের নাম	নিহত (জনগণ)	সময়কাল
Operation Cast Lead	১,১৮২	২৭ ডিসে. ২০০৮-১৮ জানু. ২০০৯
Operation Pillar of Defense	১০৩	১৪-২১ নভেম্বর ২০১২
Operation Protective Edge	২,২৫১	৮ জুলাই-২৬ আগস্ট ২০১৪
Unity Intifada	১২৮	১০-২১ মে ২০২১

মধ্যস্থতাকারী : গাজায় দীর্ঘ ১৫ মাস ধরে চলা রক্তক্ষয়ী সংঘর্ষের পর যুদ্ধবিরতি চুক্তিতে সম্মত হয় ইসরায়েল ও ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাস। এতে মধ্যস্থতাকারী হিসেবে কাজ করে মিসর, কাতার ও যুক্তরাষ্ট্র।

গাজার নিয়ন্ত্রণ : স্থায়ী যুদ্ধবিরতির পর হামাস আর ক্ষমতায় থাকতে চায় না এবং জনগণের ম্যান্ডেটপ্রাপ্ত কোনো ফিলিস্তিনি গোষ্ঠীর কাছে ক্ষমতা হস্তান্তরের ব্যাপারে তারা সিদ্ধান্ত নিয়েছে। যুদ্ধবিরতির পর অবরুদ্ধ গাজা উপত্যকার 'পূর্ণ দায়িত্ব' নিতে প্রস্তুত আন্তর্জাতিকভাবে স্বীকৃত ফিলিস্তিনের সরকারি জোট ফিলিস্তিনি কর্তৃপক্ষ (PA)। ১৭ জানুয়ারি ২০২৫ ফিলিস্তিনের প্রেসিডেন্ট এবং PA এক বিবৃতিতে এ তথ্য জানায়। ১৯ জানুয়ারি ২০২৫ থেকে কার্যকর হওয়া যুদ্ধবিরতির ৮৪ দিন পর ১২ এপ্রিল ২০২৫ যুদ্ধবিরতির তৃতীয় ধাপ শুরু হবে। তখন এসে তিন থেকে পাঁচ বছর মেয়াদে গাজা পুনর্গঠন পরিকল্পনা গ্রহণ করা হবে। তখন প্যালেস্টাইন অথরিটির মাধ্যমেই আন্তর্জাতিক ও আরব দেশগুলোর সহায়তার মাধ্যমেই গাজাকে পুনর্গঠন করার সম্ভাবনা রয়েছে।

গাজা

গাজা উপত্যকা ৪১ কিমি দীর্ঘ এবং ১২ কিমি প্রশস্ত একটি অঞ্চল, যা ইসরায়েল, মিসর এবং ভূমধ্যসাগরের মধ্যে অবস্থিত। এখানে প্রায় ২৩ লাখ মানুষ বসবাস করে। ৩৬৫ বর্গকিমি আয়তনের অবরুদ্ধ গাজা বিশ্বের সর্বোচ্চ ঘনবসতিপূর্ণ এলাকার মধ্যে একটি। জাতিসংঘের স্যাটেলাইট সেন্টারের তথ্য অনুযায়ী, গাজার ৯২% ভবন ধ্বংস বা ক্ষতিগ্রস্ত হয়েছে। ১৫ মাসের হামলায় গাজা উপত্যকা কার্যত পরিণত হয়েছে এক ধ্বংসস্তূপে।

www.abswer.com

বিখ্যাত দার্শনিক সরেন কিয়ের্কেগার ডেনমার্কের অধিবাসী ছিলেন

www.abswer.com



রহস্যময় দ্বীপ গ্রিনল্যান্ড

যুক্তরাষ্ট্রের নতুন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সম্প্রতি বিশ্বের বৃহত্তম দ্বীপ গ্রিনল্যান্ড কিনে নেওয়ার ইচ্ছার কথা জানান। এমন একটি জায়গা কী কারণে কিনতে চান ট্রাম্প তা নিয়ে আমাদের এ আয়োজন।

পরিচিতি

Greenland অর্থ সবুজ ভূমি হলেও মূলত এটি সবুজ কোনো ভূমি নয়। জায়গাটিতে শুধু বরফ আর বরফ। এটি ডেনমার্কের একটি স্ব-শাসিত অঞ্চল। ডেনমার্ক থেকে এর দূরত্ব ২,০০০ কিলোমিটারেরও বেশি। আয়তনে মূল ডেনমার্কের চেয়ে গ্রিনল্যান্ড প্রায় ৫০ গুণ বড়। এখানকার অধিবাসীরা ইনুইট নামেই পরিচিত। ইনুইট শব্দের অর্থ মানুষ।

অবস্থান

গ্রিনল্যান্ড ভৌগোলিকভাবে উত্তর আমেরিকায় অবস্থিত। দ্বীপটি বসে আছে যুক্তরাষ্ট্র ও ইউরোপ তথা রাশিয়ার মাঝখানে। এছাড়াও উত্তর আটলান্টিক আর উত্তর মেরু সাগরের মাঝখানেও। দেশটি যত না ডেনমার্কের রাজধানী কোপেনহেগেনের কাছে, তার চেয়ে বেশি যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের নিকটে। এর সবচেয়ে কাছাকাছি দেশ হলো দ্বীপরাষ্ট্র আইসল্যান্ড।

ইতিহাস ও নামকরণ

খ্রিষ্টপূর্ব ২৫০০ সালের দিকে মানুষ প্রথম গ্রিনল্যান্ডে পৌঁছেছিল বলে মনে করা হয়। তাদের বংশধররা সম্ভবত বিলুপ্ত হয়ে গেলে আরও বেশ কয়েকটি গোষ্ঠী উত্তর আমেরিকা মহাদেশ থেকে এখানে অভিবাসনে আসে। আধুনিক ইতিহাসে ৯৮২ সালে নরওয়েজিয়ান এরিক দ্য রেড গ্রিনল্যান্ড আবিষ্কার করেন, যিনি তার আবিষ্কারকে আরও আকর্ষণীয় করে তুলতে দ্বীপটিকে 'গ্রিনল্যান্ড' বলে অভিহিত করেন। ১৪ জানুয়ারি ১৮১৪ দ্বীপটিতে ডেনমার্কের উপনিবেশ স্থাপিত হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ১৯৪১-১৯৪৫ জার্মানির সম্ভাব্য আক্রমণ থেকে রক্ষা করার জন্য যুক্তরাষ্ট্র গ্রিনল্যান্ড দখল করে। ১৯৪৫ সালে দ্বীপটি ডেনমার্কের কাছে ফেরত দেওয়া হয়। ১৯৫৩ সালে গ্রিনল্যান্ডবাসীরা ডেনিশ নাগরিকত্ব পায়। ১৯৭৯ সালে গণভোটের মাধ্যমে গ্রিনল্যান্ড স্বায়ত্তশাসন লাভ করে। ২০০৯ সাল থেকে গ্রিনল্যান্ড স্বাধীনভাবে তাদের ভূমি নিয়ন্ত্রণ করতে শুরু করে।

যুক্তরাষ্ট্রের কাছে কেন গুরুত্বপূর্ণ?

ভৌগোলিক অবস্থানগত কারণে দ্বীপটি যুক্তরাষ্ট্রের জন্য কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ। ১৮৬৭ সালে মার্কিন প্রেসিডেন্ট অ্যান্ড্রু জনসন যখন রাশিয়ার কাছ থেকে আলাস্কা ক্রয় করেন, তখন গ্রিনল্যান্ড ক্রয়ের বিষয়ও বিবেচনা করেন। জাতীয় নিরাপত্তার জন্য অপরিহার্য বিবেচনায় ১৯৪৬ সালে প্রেসিডেন্ট হ্যারি ট্রুম্যানের সময় যুক্তরাষ্ট্র পুনরায় গ্রীনল্যান্ড ১০০ মিলিয়ন ডলারে ক্রয়ের প্রস্তাব পাঠায় ডেনমার্কের কাছে। তবে ডেনিশ সরকার সেই প্রস্তাব ফিরিয়ে দেয়। একই ধারাবাহিকতায় নিজের প্রথম মেয়াদে ট্রাম্পও গ্রিনল্যান্ড ক্রয়ের চেষ্টা করেন। দ্বীপটির বরফ গলার ফলে সেখানকার ভূমি ব্যবহারের সুযোগ বাড়বে এবং প্রাকৃতিক সম্পদ ব্যবহারের অপার সম্ভাবনাও উন্মোচিত হবে। এ কারণেই ট্রাম্প গ্রিনল্যান্ড কেনায় ঝুঁকতে পারেন।

বিরল খনিজ সম্পদ

গ্রিনল্যান্ডে স্মার্টফোন, নতুন প্রজন্মের কম্পিউটার আর ব্যাটারিচালিত গাড়ির জন্য প্রয়োজনীয় দুষ্প্রাপ্য খনিজ পদার্থের বিশাল মজুত রয়েছে, রয়েছে ইউরেনিয়াম ও জিংক। গ্রিনল্যান্ড ক্রয় করতে পারলে শিল্পজাত খনিজ পদার্থের ওপর চীনের প্রাধান্য রুখে দেওয়া যাবে। এছাড়াও গ্রিনল্যান্ডে রয়েছে সোনা, হীরা, রুবি, নিকেল, কপার ও অন্যান্য খনিজ সম্পদের অফুরন্ত ভাণ্ডার।

বিভিন্ন দেশের ভূমি ক্রয়-বিক্রয়

অঞ্চল	ক্রেতা	বিক্রেতা	আয়তন (বর্গ কিমি)	সাল	মূল্য
ডানকার্ক	ফ্রান্স	ইংল্যান্ড	৪৪	১৬৬২	৫০ লাখ লিভর
লুইসিয়ানা	যুক্তরাষ্ট্র	ফ্রান্স	২১,৪০,০০০	১৮০৩	১ কোটি ৫০ লাখ মা.ড.
ফ্লোরিডা	যুক্তরাষ্ট্র	স্পেন	২,০০,০০০	১৮১৯	৫০ লাখ মা.ড
আলাস্কা	যুক্তরাষ্ট্র	রাশিয়া	১৭,১৭,৮৫৬	১৮৬৭	৭.২ মিলিয়ন মা.ড.
গোয়াদর	পাকিস্তান	ওমান	১৫,২১০	১৯৫৮	৫,৫০ কোটি রুপি
তিরান দ্বীপ এবং সানাফির দ্বীপ	সৌদি আরব	মিসর	১১৩	২০১৭	২২ বিলিয়ন মা.ড.

ডেনমার্ক ও সুইডেনকে সংযোগকারী সেতু ওরেসুন্ড সেতু (১৬ কিমি)

www.abswer.com

www.abswer.com

মানব সৃষ্ট কৃত্রিম খালের পূর্বাপর

খাল বা কৃত্রিম জলপথ হলো যা পানি নিষ্কাশন ব্যবস্থাপনার জন্য বা জল বা যানবাহন পরিবহনের জন্য ব্যবহার করা হয়। আন্তঃসাগরীয় পানামা খাল হস্তান্তরের ২৫তম বার্ষিকী উপলক্ষ্যে ও পানামা খাল ব্যবহারের ব্যয় কমাতে এবং যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রণ ফিরিয়ে আনার দাবি করেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এরই প্রেক্ষিতে পানামা ও সুয়েজ খাল নিয়ে আমাদের বিস্তর আলোচনা।

পানামা খাল

পানামা খাল খননের পূর্বে উত্তর-দক্ষিণ আমেরিকা মহাদেশের পূর্ব ও পশ্চিম উপকূলের মধ্যে কেপ হর্ন ঘুরে জাহাজ চলাচল করতো। ১৫৩৪ সালে দূরত্ব কমানোর লক্ষ্যে পানামার ইস্তমাস জুড়ে একটি খাল সম্পর্কিত প্রথম জরিপ চালানো হয়। ২২ জানুয়ারি ১৯০৩ মার্কিন যুক্তরাষ্ট্রের সেক্রেটারি অব স্টেট জন এম. হে এবং কলম্বিয়ান চার্জ ড. টমাস হেরানের মধ্যে পানামা খাল নিয়ে হে-হেরান চুক্তি স্বাক্ষরিত হয়। খালটি নির্মাণে ৩৭ কোটি ৫০ লাখ মার্কিন ডলার ব্যয় হয়। ১৫ আগস্ট ১৯১৪ খালটি উদ্বোধন করা হয়। ১৯৭৯ থেকে পানামার হাতে হস্তান্তরের পূর্বে পানামা ক্যানেল কমিশন নামে যুক্তরাষ্ট্র ও পানামার একটি যৌথ কমিশন এটি নিয়ন্ত্রণ করে। ৩১ ডিসেম্বর ১৯৯৯ পানামা খালকে যুক্তরাষ্ট্র পানামা কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করে।

■ **তথ্যকড়চা**

সংযোগ স্থাপন : আটলান্টিক ও প্রশান্ত মহাসাগরকে ♦ আয়তন : ৫০ মাইল বা ৮০ কিমি ♦ গড় গভীরতা : ১৩ মিটার ♦ প্রস্থ : ১৫০-৩০০ মিটার ♦ প্রথম অতিক্রান্ত জাহাজ : এসএস আরকন ♦ খনন : বনভূমি কেটে ♦ হস্তান্তরের ২৫ বছরপূর্তি : ৩১ ডিসেম্বর ২০২৪।

সুয়েজ খাল

মিসরের সিনাই উপদ্বীপের পশ্চিমে অবস্থিত সুয়েজ খাল মনুষ্য নির্মিত একটি সামুদ্রিক কৃত্রিম খাল। এই খালটি ভূমধ্যসাগর ও লোহিত সাগরের মাঝে সংযোগ স্থাপন করে। সুয়েজ খালের প্রকৃত নাম 'হে সুয়েজ ক্যানেল' যাকে আরবিতে বলা হয়, 'কানাত আল-সুয়াইস'। সুয়েজ খাল প্রকল্পের মূল উদ্যোক্তা ছিলেন মিসরে নিযুক্ত ফরাসি রাষ্ট্রদূত ফার্ডিনান্দ দ্য লিসেপস। ৫ ডিসেম্বর ১৮৫৮ সুয়েজ খাল খনন করতে কোম্পানি গঠন করা হয়। ২৫ এপ্রিল ১৮৫৯ ভূমধ্যসাগর এবং মানজাল হ্রদের মধ্যবর্তী এলাকায় খনন কাজ শুরু করা হয়। দীর্ঘ ১০ বছর খননের পর ১৭ নভেম্বর ১৮৬৯ সুয়েজ খালকে খুলে দেওয়া হয়।

সম্প্রসারিত অংশ : ২৮ ডিসেম্বর ২০২৪ সুয়েজ খালের ১০ কিলোমিটারের একটি সম্প্রসারিত অংশ পরীক্ষা করে মিসর। সম্প্রসারণের ফলে খালটিতে দিনে অতিরিক্ত ছয় থেকে আটটি জাহাজ চলাচল করতে পারবে।

■ **তথ্যকড়চা**

দৈর্ঘ্য : ১৯০কিমি • প্রস্থ : ২০৫ মিটার • গভীরতা : ২৪ মিটার • সুয়েজখাল খনন করেন : ফার্ডিনান্দ দ্য লিসেপস • সুয়েজখাল সংযুক্ত করেছে : লোহিত সাগর ও ভূমধ্যসাগর • খনন শুরু : ২৫ এপ্রিল ১৮৫৯ • খনন কাজ সমাপ্ত : ১৮৬৯ সাল • যাত্রা শুরু : ১৭ নভেম্বর ১৮৬৯ • আনুষ্ঠানিক উদ্বোধন : ১৬ ডিসেম্বর ১৮৬৯ • জাতীয়করন : ২৬ জুলাই ১৯৫৬ সালে • বন্ধ ছিল : ৫ জুন ১৯৬৭-৫ জুন ১৯৭৫ • কর্তৃপক্ষ : সুয়েজ ক্যানেল অথরিটি (SCA)।

বিশ্বের সবচেয়ে গভীরতম খাল

গ্রিসে অবস্থিত কোরিন্থ খালটি মানুষের তৈরি বিশ্বের সবচেয়ে গভীরতম জলপথ। নীল স্বচ্ছ পানির স্তর থেকে খালের দেয়াল প্রায় ৩০০ ফুট উঁচুতে। ১৮৮২ সালে গ্রিসের স্বাধীনতার পরে খালের নির্মাণকাজ শুরু হয়। ২৫ জুলাই ১৮৯৩ বিখ্যাত কোরিন্থ খালের উদ্বোধন করা হয়। লম্বায় ৬.৩ কিমি দৈর্ঘ্যের ও ৮ মিটার প্রস্থের খালটি তৈরি করতে ২,৫০০ বছর লাগে। খালটি কোরিন্থ উপসাগরকে এজিয়ান সাগরের সঙ্গে যুক্ত করেছে। রোমান সম্রাট নিরো ৬৭ খ্রিষ্টাব্দে এ খাল খননের উদ্যোগ নিলেও তিনি কাজ শেষ করতে পারেননি। মূলত মিসরের সুয়েজ খাল উদ্বোধনের পরই এটির পুনরায় নির্মাণ কাজ শুরু করে কর্তৃপক্ষ।

এক নজরে বিশ্বের বিখ্যাত খাল

নাম	অবস্থান	দৈর্ঘ্য (কিমি)	উদ্বোধন (সাল)
গ্র্যান্ড খাল	চীন	১৭৯৫	৬১০
গোটা খাল	সুইডেন	১৯০	১৮৩২
সুয়েজ খাল	মিশর	১৯০	১৮৬৯
পানামা খাল	পানামা	৮০	১৯১৪
ম্যানচেস্টার খাল	ইংল্যান্ড	৫৮	১৮৯৪
উইল্যান্ড খাল	কানাডা	৪৩.৫	১৮৮৭
প্রিন্সেস জুলিয়ানা খাল	নেদারল্যান্ডস	৩৬	১৯৩৫
কিয়েল খাল	জার্মানি	৯৮	১৮৯৫

যুক্তরাষ্ট্র ভার্জিনিয়া ও ওয়েস্ট ইন্ডিজের কিছু অংশ ডেনমার্কের কাছ থেকে কিনে নেয় ১৯১৭ সালে

www.abswer.com

www.abswer.com

মহাকাশ বিজ্ঞান ও প্রযুক্তি



ভারতের প্রথম মহাকাশ ডকিং মিশন

৩০ ডিসেম্বর ২০২৪ ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা (ISRO) 'স্পেস ডকিং এক্সপেরিমেন্ট' (SpaDeX) মিশন সফলভাবে উৎক্ষেপণ করে। এর মাধ্যমে ভারত প্রথমবারের মতো মহাকাশ ডকিং মিশন চালু করে। এর আগে কেবল মার্কিন যুক্তরাষ্ট্র, রাশিয়া এবং চীন সফলভাবে সম্পন্ন করে। অন্ধ্র প্রদেশের শ্রীহরিকোটা থেকে PSLV-C60 রকেটের মাধ্যমে দুটি ছোট উপগ্রহ, SDX01 (চেসার) এবং SDX02 (টার্গেট), ৪৭০ কিমি উচ্চতার কক্ষপথে স্থাপন করা হয়। মহাকাশে নিজস্ব স্পেস স্টেশন স্থাপনের লক্ষ্যে ১৬ জানুয়ারি ২০২৫ স্যাটেলাইট দুটি পাঠাতে সক্ষম হয় ISRO।

পাকিস্তানের প্রথম পর্যবেক্ষণ স্যাটেলাইট

১৭ জানুয়ারি ২০২৫ পাকিস্তান নিজেদের তৈরি প্রথম পর্যবেক্ষণ স্যাটেলইট উৎক্ষেপণ করে। PRSC—EO1 স্যাটেলাইটটি প্রাকৃতিক সম্পদ পর্যবেক্ষণ ও ব্যবস্থাপনা, দুর্যোগ মোকাবিলা, নগর পরিকল্পনা এবং কৃষি উন্নয়নে পাকিস্তানের সক্ষমতা বাড়াবে। চীনের লং-মার্চ টুডি ক্যারিয়ার রকেট EPRSC—EO1-এর পাশাপাশি আরও দুটি স্যাটেলাইট মহাকাশে পাঠায়। এগুলো হলো তিয়ানলু-১ ও ব্লু কার্বন ১।

১.৬০ লাখ বছর পর দেখা যাবে বিরল ধূমকেতু

বিশ্বের আকাশে দেখা যেতে পারে এক উজ্জ্বল ধূমকেতু; আর সেটি হলে তা হবে ১.৬০ লাখ বছরের মধ্যে বিরল এ ধূমকেতু দেখার প্রথম ঘটনা। 'সি/২০২৪ জি৩ (অ্যাটলাস)' নামের এ ধূমকেতুটি খালি চোখে দেখতে যথেষ্ট উজ্জ্বল হতে পারে। ১৩ জানুয়ারি ২০২৫ ধূমকেতুটি পেরিহেলিয়নে অবস্থান করে। এটি এমন একটি পয়েন্ট যা কোনো গ্রহকক্ষের সূর্যের সবচেয়ে নিকটবর্তী বিন্দু।

মহাকাশে চীনের বাঁধ নির্মাণ

মহাশূন্যে বাঁধ তৈরির পরিকল্পনা করছেন চীনের বিখ্যাত রকেট বিজ্ঞানী লং লেহাও। এই প্রকল্পের পোশাকি নাম 'থ্রি জর্জেস ড্যাম প্রজেক্ট অন আর্থ'। ভূপৃষ্ঠ থেকে ৩৬,০০০ কিমি উপরে পৃথিবীর জিয়োস্টেশনারি কক্ষপথে এক কিমি প্রশস্ত সৌর প্যানেল বসানোর পরিকল্পনা রয়েছে চীনা মহাকাশ গবেষকদের। মহাশূন্যে সৌর প্যানেল বসানোর কাজ শেষ হলে সেগুলো দিয়ে নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ উৎপাদন শুরু করবে চীন।

চাঁদে NASA'র বাণিজ্যিক নভোযান

১৫ জানুয়ারি ২০২৫ চন্দ্র বিজয়ের প্রায় ৫৬ বছর পর প্রথমবারের মতো বাণিজ্যিক উদ্দেশ্যে চাঁদে নভোযান পাঠায় যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা সংস্থা NASA। 'ব্লু ঘোস্ট মিশন ১' নামের এ অভিযানে পাঠানো হয় 'ব্লু ঘোস্ট' নামের একটি রোবটকে। এ অভিযানে নাসার অংশীদার হয় যুক্তরাষ্ট্রের বেসরকারি অ্যারোস্পেস প্রতিষ্ঠান ফায়ারফ্লাই অ্যারোস্পেস।

৩২ তলার লম্বা রকেট

১৩ জানুয়ারি ২০২৫ যুক্তরাষ্ট্রের বিলিয়নিয়ার জেফ বেজোসের বাণিজ্যিক রকেট কোম্পানি ব্লু অরিজিন নতুন ৩২ তলা লম্বা রকেট যুক্তরাষ্ট্রের কেপ ক্যানাভেরাল স্পেস ফোর্স স্টেশন থেকে উৎক্ষেপণ করে। স্পেসএক্সের ফ্যালকন ৯ রকেটের আধিপত্য চ্যালেঞ্জ করতে ব্লু-অরিজিন তাদের ৩২ তলার 'নিউ গ্লেন' রকেটটি তৈরি করে। নিউ গ্লেন ফ্যালকন ৯-এর চেয়ে দ্বিগুণ শক্তিশালী এবং এর পেলোড ক্যাপাসিটিও বেশি।

মঙ্গলের নতুন নাম 'নিউ ওয়ার্ল্ড'

২০৩০ সালের মধ্যে মঙ্গলে মানববসতি তৈরি এবং ২০৫৪ সালের মধ্যে গ্রহটিতে ১০ লাখ মানুষের বসবাসের উপযোগী শহর তৈরির পরিকল্পনার কথা জানায় স্পেসএক্স ও টেসলার মালিক ইলন মাস্ক। বিষয়টির গুরুত্ব তুলে ধরে মাস্ক মঙ্গলগ্রহকে 'নিউ ওয়ার্ল্ড' হিসেবে নামকরণের প্রস্তাব দেন। ১৪৯২ সালে অভিযাত্রী ক্রিস্টোফার কলম্বাস আমেরিকা মহাদেশে প্রথম পা রাখার পর থেকে আমেরিকাকে নতুন পৃথিবী বা নিউ ওয়ার্ল্ড নামে ডাকা হতো।

কর্মী হিসেবে 'AI এজেন্ট'

কৃত্রিম বুদ্ধিমত্তা বা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সযুক্ত (AI) কিছু প্রোগ্রাম বা সফটওয়্যার স্বয়ংক্রিয়ভাবে বেনামে কাজ করতে পারে। এগুলো কৃত্রিম বুদ্ধিমান প্রতিনিধি বা AI এজেন্ট নামে পরিচিত। Open AI যে এআই এজেন্ট তৈরি করছে, তার কোডনাম দেওয়া হয় 'অপারেটর'। মাইক্রোসফটের পক্ষ থেকে ক্লড ৩.৫ সনেট AI মডেলের ঘোষণা দেওয়া হয়। এ ধরনের এজেন্টগুলো নিজে থেকেই কম্পিউটারে মাউসের কার্সর নড়াচড়া ও টেক্সট টাইপ করার কাজ করতে সক্ষম হবে।

গ্রিনল্যান্ড এবং ফারো দ্বীপপুঞ্জ ডেনমার্কের অংশ

www.abswer.com

www.abswer.com

HMPV নতুন মহামারি



বিশেষজ্ঞদের শঙ্কা, ২০২৫ সালে আবার করোনার মতো নতুন কোনো মহামারির উদ্ভব হতে পারে। যদিও কোন রোগটি মহামারি আকার ধারণ করবে, সে বিষয়ে স্পষ্ট কোনো বার্তা এখনই তারা দিতে পারেননি। তবে এইচএমভির প্রাদুর্ভাব ভাবাচ্ছে তাদের। ইনফ্লুয়েঞ্জা ধাঁচের এই ভাইরাসে এরই মধ্যে আক্রান্ত হন অনেকে।

HMPV ভাইরাস

Human metapneumovirus (HMPV বা hMPV) কোভিড-১৯ এর মতোই একটি RNA ভাইরাস। এদের জিনের গঠন একই। এই ভাইরাসও শ্বাসযন্ত্রে আক্রমণ করে। তবে এরা একই পরিবারের ভাইরাস নয়। অর্থাৎ কোভিডের টিকা নেওয়া থাকলে বা আগে কখনো কোভিড হলেও HMPV'র সংক্রমণ হতে পারে।

প্রথম শণাক্ত

এইচএমপিভি ২০০১ সালে প্রথম আবিষ্কৃত হয় নেদারল্যান্ডসে। তবে ২০০১ সালের আগে থেকেই এই ভাইরাসটি পৃথিবীতে ছিল।

যেভাবে ছড়ায়

এটি অন্যান্য সাধারণ সর্দি-কাশি ভাইরাসের মতোই ছড়িয়ে পড়ে, সংক্রামক শ্বাসযন্ত্রের কণার মাধ্যমে যা একজন অসুস্থ ব্যক্তি থেকে অন্যদের মধ্যে বাতাসের মাধ্যমে ছড়িয়ে পড়ে। কোভিড-১৯ এর মতোই এটি চোখ, নাক বা মুখ স্পর্শ করে শরীরে প্রবেশ করতে পারে।

লক্ষণ

জ্বর, নাক বন্ধ, কাশি বা শ্বাসকষ্ট, গলা ব্যথা, মাথাব্যথা, শরীরে ব্যথার মতো সাধারণ ঠান্ডাজনিত সমস্যা দিয়ে শুরু হলেও পরবর্তী সময় এই ভাইরাসের সংক্রমণে হাসপাতালে ভর্তি হওয়ার মতো পরিস্থিতি সৃষ্টি হতে পারে। অনেক সময় সংক্রমণের তীব্রতা ব্রঙ্কাইটিস, নিউমোনিয়া, অ্যাজমা বা কানে ইনফেকশনের মতো সমস্যা সৃষ্টি করতে পারে।

চিকিৎসা

এই ভাইরাসের জন্য বর্তমানে কোনো নির্দিষ্ট অ্যান্টি-ভাইরাল ওষুধ নেই বা বিশেষ কোনো চিকিৎসা পদ্ধতিও নেই। চিকিৎসকরা সাধারণত লক্ষণ বুঝে তা উপশমের চেষ্টা করে থাকেন। যেমন জ্বর হলে তাপমাত্রা কমানোর ওষুধ দেন। সর্দি গলাব্যথা বা শ্বাস নিতে সমস্যা হলে সে অনুযায়ী চিকিৎসা বা ওষুধ দেওয়া হয়। চিকিৎসকরা বেশিরভাগ ক্ষেত্রে রোগীকে বিশ্রাম, পুষ্টিকর খাবার খাওয়া এবং পর্যাপ্ত পানি জাতীয় খাবার খাওয়ার পরামর্শ দিয়ে থাকেন।

টিকা

HMPV এর বিরুদ্ধে ব্যবহারের জন্য এখন পর্যন্ত কোনো টিকা লাইসেন্স নেই, তবে গবেষণা চলছে।

সংক্রমণ প্রতিরোধে করণীয়

- জনসমাগম বা দুর্বল বায়ু চলাচল স্থানে মাস্ক পরা
- সুষম খাদ্য গ্রহণ, নিয়মিত ব্যায়াম করা এবং সঠিকভাবে ঘুমানো
- আক্রান্ত রোগীর সংস্পর্শ থেকে যথা সম্ভব দূরে থাকা

বাংলাদেশে HMPV

বাংলাদেশে ২০০১ সালে প্রথম HMPV ভাইরাস শনাক্ত হয়। আমেরিকার জন হপকিন্স বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. ডব্লিউ এ ক্রুক্সের নেতৃত্বে দেশটির ন্যাশনাল ইন্সটিটিউট অব হেলথের অর্থায়নে icddr,b-র সহযোগিতায় ঢাকার কমলাপুরে একটি গবেষণা পরিচালিত হয়। সেখানে ১৩ বছরের কম শ্বাসতন্ত্রীয় রোগীর দেহে ৩৩.৩৩% HMPV ভাইরাস পাওয়া যায়। ২০১৪-২০১৬ সালে আরেকটি গবেষণায়ও ঢাকায় এই ভাইরাস শনাক্ত হয়। এ বছর সর্বপ্রথম ৯ জানুয়ারি ২০২৫ এক ব্যক্তির শরীরে হিউম্যান মেটানিউমোভাইরাস (HMPV) শনাক্ত হয়। ১৫ জানুয়ারি ২০২৫ এইচএমপিভি ভাইরাসে আক্রান্ত সেই নারী মারা যান।

রিওভাইরাস

রিওভাইরাস এমন একটি ভাইরাস, যা সাধারণত প্রাণী বা মানুষের মধ্যে অন্ত্রের সংক্রমণ সৃষ্টি করতে পারে। পানির মাধ্যমে ছড়াতে পারে এই ভাইরাস; যা শিশুদের ডায়রিয়া বা জ্বরের সৃষ্টি করে। রিওভাইরাসের (Reovirus) পূর্ণরূপ- Respiratory Enteric Orphan Virus। এটিকে 'অরফান' বলা হয় এই কারণে যে, এটা রোগ সৃষ্টি করে না। কিন্তু অন্যান্য রোগের সঙ্গে সম্পর্কিত থাকে। এ ভাইরাসের উপস্থিতি সাধারণত বাদুড়ে পাওয়া যায়।এটি একটি ডাবল স্ট্রান্ডেড RNA virus। বিশ্বে প্রথম রিওভাইরাস শনাক্ত হয় ১৯৫০ সালে। বাংলাদেশে ব্যাট রিওভাইরাস প্রথম শনাক্ত হয় ২০২৫ সালের জানুয়ারিতে।

www.abswer.com

www.abswer.com



বাংলাদেশের ইতিহাসের এক গৌরবময় অধ্যায় 'ভাষা আন্দোলন'। আর সেই ভাষা আন্দোলনের শহিদদের উদ্দেশে নির্মিত এক ঐতিহাসিক স্মৃতিস্তম্ভ শহিদ মিনার। ভাষা আন্দোলনের ৭৩তম বছর উপলক্ষে আমাদের এবারের আয়োজন ঐতিহাসিক 'শহিদ মিনার'।

৫২'র স্মৃতিতে নির্মিত মিনার

পটভূমি

১৯৪৭ সালে পাকিস্তান রাষ্ট্র সৃষ্টির পর ভাষা নিয়ে মতবিরোধ সৃষ্টি হয়। পরবর্তীতে ধীরে ধীরে অর্থনীতি ও রাজনীতিও হয়ে ওঠে সে বিতর্কের অনুষঙ্গ। এমন প্রেক্ষাপটে ৩১ জানুয়ারি ১৯৫২ মওলানা ভাসানীর নেতৃত্বে গঠিত সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ ৪ ফেব্রুয়ারি ধর্মঘট ও প্রতিবাদ সভা এবং ২১ ফেব্রুয়ারি প্রদেশব্যাপী হরতাল পালনের সিদ্ধান্ত নেয়। ২০ ফেব্রুয়ারি পূর্ব পাকিস্তান সরকার স্থানীয় প্রশাসনের মাধ্যমে ২১ ফেব্রুয়ারি থেকে ঢাকায় এক মাসের জন্য সভা, সমাবেশ ও মিছিল নিষিদ্ধ করে ১৪৪ ধারা জারি করে। কিন্তু ১৪৪ ধারা অমান্য করে রাজপথে বেরিয়ে এলে পুলিশ তাদের ওপর গুলি চালায়। এতে আবদুস সালাম, শফিউর রহমান, আবদুল জব্বার, আবুল বরকত, রফিকউদ্দিন আহমদ প্রমুখ নিহত হয়। ভাষা সৈনিক রফিকউদ্দিন যে স্থানে প্রাণ হারান ২২ ফেব্রুয়ারি সেখানে শহিদ মিনার বানানোর সিদ্ধান্ত হয়। ২৩ ফেব্রুয়ারি এক রাতের মধ্যে গড়ে ওঠে বাংলাদেশের প্রথম শহিদ মিনার (নকশাকার ডা. বদরুল আলম)। ২৪ ফেব্রুয়ারি ১৯৫২ শফিউরের পিতা মাহবুবুর রহমান কর্তৃক শহিদ মিনারের উদ্বোধন করা হয়। পরবর্তীতে এ শহিদ মিনার ভেঙে দেওয়া হয়। প্রথম শহিদ মিনার ভাঙার প্রত্যক্ষ সাক্ষী ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের ছাত্র তরুণ কবি আলাউদ্দিন আল আজাদ। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইকবাল হলে বসে 'স্মৃতিস্তম্ভ' শিরোনামে একটি কবিতা লিখেন।

কেন্দ্রীয় শহিদ মিনার

৩ মে ১৯৫৪ যুক্তফ্রন্ট সরকার ক্ষমতায় আসে। তাদের নির্বাচনি প্রতিশ্রুতি ছিল শহিদ মিনার নির্মাণ। ৩০ মে ১৯৫৪ যুক্তফ্রন্ট সরকার ক্ষমতাচ্যুত হয়। ফলে ওই বছর তা বাস্তবায়ন করা সম্ভব হয়নি। এরপর ২১ ফেব্রুয়ারি ১৯৫৬ তৎকালীন পূর্ব পাকিস্তানের মুখ্যমন্ত্রী আবুল হোসেন মেডিকেল হোস্টেল প্রাঙ্গণে শহিদ মিনারের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। পরবর্তীতে আতাউর রহমান খান মুখ্যমন্ত্রী হলে তিনি শহিদ মিনারের ব্লুপ্রিন্ট ও ডিজাইন তৈরির জন্য প্রখ্যাত স্থপতি হামিদুর রহমানকে নিযুক্ত করেন। নকশা অনুযায়ী ১৯৫৭ সালের নভেম্বর মাস থেকে কাজ শুরু হয়। কিন্তু ১৯৫৮ সালের অক্টোবর মাসে সামরিক আইন জারি হওয়ার পর শহিদ মিনার তৈরির কাজ বন্ধ হয়ে যায়। ১৯৬২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের তৎকালীন ভিসি অধ্যাপক ড. মাহমুদ হোসেনের নেতৃত্বে গঠিত কমিটির পরামর্শ মতে মূল নকশায় পরিবর্তন ও সঙ্কুচিত করা হয়। এ নকশানুযায়ী নির্মিত শহিদ মিনারটি ২১ ফেব্রুয়ারি ১৯৬৩ উদ্বোধন করেন শহিদ বরকতের মা হাসিনা বেগম। ১৯৭২ সালে স্বাধীন বাংলাদেশে শহিদ মিনার নতুন করে তৈরির উদ্যোগ নেওয়া হয়। ১৯৭৬ সালে নতুন নকশা অনুমোদিত হলেও তা আর বাস্তবায়িত হয়নি। পরে ১৯৮৩ সালে মিনার চত্বরের কিছুটা বিস্তার ঘটিয়ে শহিদ মিনারটিকে বর্তমান অবস্থায় নিয়ে আসা হয়। বর্তমানের শহিদ মিনার তার স্থাপত্য-ভাস্কর্যগত অসম্পূর্ণতা নিয়েই সংগ্রামের প্রতীক হিসেবে দাঁড়িয়ে রয়েছে।

স্থপতি হামিদুর রহমানের মূল নকশা ছিল নিম্নরূপ—

স্তম্ভগুলোর সামনের চত্বরের মধ্যস্থলে একটি সরোবর ♦ সরোবরে রক্তকমল শাপলা ♦ স্তম্ভগুলোর অবনত মাথার ছায়া ♦ স্তম্ভগুলোর মধ্যবর্তী ফাঁকে ফাঁকে শিক ♦ মূল শহিদবেদীর দুই পার্শ্বে দুইটি সবুজ কামরা। একটি পাঠাগার, অন্যটি জাদুঘর ♦ মূল চত্বরের বাহিরে একটি বেদী। উঁচুবেদী হইবে সাংস্কৃতিক ও অন্যান্য অনুষ্ঠানের স্থান।

জানেন কি

- ❖ শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান কেন্দ্রীয় শহিদ মিনারে ২১ ফেব্রুয়ারি রাত ১২টা ১ মিনিটে পুষ্পস্তবক দেওয়ার রীতি প্রবর্তন করেন।
- ❖ কেন্দ্রীয় শহিদ মিনারের রক্ষণাবেক্ষণের দায়িত্ব ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওপর ন্যস্ত। যদিও বাংলাদেশ সরকারের সংস্কৃতি মন্ত্রণালয় শহিদ মিনারে ২১শে ফেব্রুয়ারির শ্রদ্ধার্ঘ্য অনুষ্ঠানের জন্য অনুদান প্রদান করে থাকে।

স্থপতির ব্যাখ্যা

- মূল বেদী : জন্মভূমি
- অবনত মাথা, স্তম্ভগুলি ও পাশের স্তম্ভগুলি : জনতা
- স্বচ্ছজল : শহিদের আত্মা
- রক্তকমল শাপলা : আত্মদানের প্রতীক
- সরোবরে অবনত শিরের ছায়া : শহিদদের আত্মদানের প্রতি দেশবাসীর কৃতজ্ঞতা।

গ্রিনল্যান্ডে বসবাসকারী প্রধান জাতির নাম ইনুইট

www.abswer.com

www.abswer.com

বিশ্ব দিগন্তে বাংলা ভাষা

বাংলা এখন বিশ্বব্যাপী সমাদৃত ভাষা। এ ভাষার বিশ্বায়ন নিয়ে এবারের আলোচনা

CO'র স্বীকৃতি

১৯৯৮ কানাডায় বসবাসরত রফিকুল ইসলাম র তৎকালীন মহাসচিব কফি আনানকে চিঠি তে তিনি একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক বস হিসেবে স্বীকৃতি প্রদানের দাবি জানান। রফিকুল ইসলাম আরেক প্রবাসী সালামকে ভিন্ন ভাষার ১০জন সদস্য মিলে The Mother Lovers of the World নামে একটি সংগঠন । ৪ এপ্রিল ১৯৯৯ UNESCO ঐ সব বটি জাতিসংঘে আনুষ্ঠানিকভাবে উত্থাপনের নায়। পাঁচটি দেশ হলো— কানাডা, ভারত, হাঙ্গেরি এবং বাংলাদেশ। এই প্রেক্ষিতে 'র দ্বি-বার্ষিক ৩০তম সাধারণ সভার শেষ ১৭ নভেম্বর ১৯৯৯ আন্তর্জাতিক মাতৃভাষা নবে স্বীকৃতির প্রস্তাবটি উত্থাপিত হয়। স্তাবটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। ২১ ০০০ প্রথমবারের মতো বিশ্বব্যাপী পালিত তিক মাতৃভাষা দিবস।

শের সরকারি ভাষা

শ্ব বাংলাদেশসহ তিনটি দেশের সরকারি । অন্য দুটি দেশ হলো ভারত ও সিয়েরা তে সাংবিধানিকভাবে স্বীকৃত ভাষা রয়েছে র মধ্যে অন্যতম হলো বাংলা। বাংলা নের তৃতীয় 'রাষ্ট্রীয় ভাষা' হিসেবে মর্যাদা । বাংলাদেশের শান্তিরক্ষীদের অবদানের প ১২ ডিসেম্বর ২০০২ সিয়েরা লিওন কে সরকারি ভাষা (সম্মানসূচক) হিসেবে ।

মার্কিন কাউন্সিলের মাতৃভাষার স্বীকৃতি

২১ ফেব্রুয়ারিকে 'মাতৃভাষা দিবস' হিসেবে ঘোষণা দেয় নিউইয়র্ক সিটি কাউন্সিল। এ সংক্রান্ত একটি বিল ১৬ ফেব্রুয়ারি ২০২৩ সিটি কাউন্সিলে পাশ হয়। কাউন্সিল ওম্যান আমান্দা ফারিয়াস এ বিষয়ে একটি রেজুলেশন উপস্থাপন করেন। রেজুলেশনটি স্পন্সর করে সিটি কাউন্সিলের 'কমিটি অন কালচারাল অ্যাফেয়ার্স ও লাইব্রেরিজ এন্ড ইন্টারন্যাশনাল ইন্টার গ্রুপ রিলেশন্স'। রেজুলেশনে বলা হয়, ২১ ফেব্রুয়ারি 'মাদার ল্যাংয়েজ ডে' হিসাবে নিউইয়র্ক সিটিতে পালিত হবে।

ধ্রুপদি ভাষা বাংলা

৩ অক্টোবর ২০২৪ ভারতের কেন্দ্রীয় মন্ত্রিসভা বাংলা ভাষাকে Classical Language বা ধ্রুপদী ভাষার স্বীকৃতি দেয়। এই দিন বাংলাসহ আরও পাঁচটি ভাষাকে ভারতের ধ্রুপদী ভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। অন্য চারটি ভাষা হলো— মারাঠি, পালি, অসমিয়া ও প্রাকৃত ভাষা।

জাতিসংঘে বাংলায় ভাষণ প্রদান

২৫ সেপ্টেম্বর ১৯৭৪ শেখ মুজিবুর রহমান জাতিসংঘের ২৯তম সাধারণ অধিবেশনে প্রথমবারের মতো বাংলা ভাষায় ভাষণ দান করেন। সর্বশেষ ২৭ সেপ্টেম্বর ২০২৪ অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৯তম অধিবেশনে বাংলায় ভাষণ দেন।

বাংলায় বিশ্বব্যাপী প্রচার মাধ্যম

বিশ্বের প্রায় ১০টি দেশের রাষ্ট্রীয় বেতারে বাংলা ভাষার আলাদা চ্যানেল রয়েছে। যুক্তরাজ্যে ছয়টি ও যুক্তরাষ্ট্রে ১১টি বাংলাদেশি মালিকানাধীন বাংলা ভাষার টেলিভিশন চ্যানেল রয়েছে। বাংলা ভাষায় যুক্তরাজ্য থেকে ১২টি সাপ্তাহিক পত্রিকা প্রকাশিত হয়।

তথ্য প্রযুক্তিতে বাংলা ভাষা

উয়ায় বাংলায় : ১৫ জানুয়ারি ২০০১ প্রতিষ্ঠিত র থেকে ২৭ জানুয়ারি ২০০৪ বাংলা সংস্করণে উয়ার যাত্রা শুরু হয়।

ায় ডোমেইন : ডোমেইন নেম সিস্টেম পরিচালনাকারী ারী আন্তর্জাতিক সংস্থা Internet Corporation for l Names and Numbers (ICANN)। এ সংস্থার nternet Assigned Numbers Authority ৫ অক্টোবর ২০১৬ IANA বাংলাদেশকে ডটবাংলা) ডোমেইন ব্যবহারের চূড়ান্ত অনুমোদন দেয়। শর জন্য ICANN-এর স্বীকৃত ডোমেইন দুইটি ডট) ও ডট বাংলা (.bangla)।

- **ফেসবুক :** ৪ ফেব্রুয়ারি ২০০৪ বিশ্বের সর্বাধিক জনপ্রিয় সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক প্রতিষ্ঠিত হয়। ২০০৯ সালে ফেসবুক কর্তৃপক্ষ বাংলা ভাষাকে এ মাধ্যমে যুক্ত করে।
- **ই-লার্নিং প্ল্যাটফর্ম :** বিশ্ব প্রেক্ষাপটে ই-লার্নিং এখন খুবই জনপ্রিয় ও গুরুত্বপূর্ণ একটি সেবা। ১ ফেব্রুয়ারি ২০১৬ 'মুক্তপাঠ' নামে প্রথম জাতীয় ই-লার্নিং প্ল্যাটফর্ম উদ্বোধন করা হয়। স্বাস্থ্য, কৃষি, ডিজিটাল নিরাপত্তা এমন বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ের ওপর ২৬৭টি কোর্স এখন মুক্তপাঠ ওয়েবসাইটে পাওয়া যায়।

www.abswer.com

www.abswer.com

বিদ্রোহী কবি, প্রেমের কবি, বিরহের কবি, তারুণ্যের কবি অভিধায় ভূষিত বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম। তাকে জাতীয় কবির মর্যাদা দেওয়া হলেও এতদিন ছিল না কোনো রাষ্ট্রীয় স্বীকৃতি। অবশেষে স্বাধীনতার ৫৩ বছর পর কাজী নজরুল ইসলামকে 'জাতীয় কবি' হিসেবে ঘোষণা করে গেজেট প্রকাশ করা হয়।

জাতীয় কবির রাষ্ট্রীয় স্বীকৃতি

জাতীয় কবির প্রেক্ষাপট

১৫ ডিসেম্বর ১৯২৯ অবিভক্ত ভারতের কলকাতার এলবার্ট হলে সমগ্র বাঙালি জাতির পক্ষ থেকে নেতাজী সুবাস চন্দ্র বসু, বিজ্ঞানী আচার্য প্রফুল্ল চন্দ্র রায়, এস ওয়াজেদ আলী, দীনেশ চন্দ্র দাশসহ বহু বরেণ্য ব্যক্তিত্বের উপস্থিতিতে কবি কাজী নজরুল ইসলামকে 'জাতীয় কাণ্ডারী' এবং 'জাতীয় কবি' হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। ১৬ ডিসেম্বর ১৯৭১ বিজয়ের মাত্র আটদিন পর বাংলাদেশ সরকারের পক্ষ থেকে ভারত সরকার কাজী নজরুল ইসলামকে ঢাকায় নিয়ে আসার প্রাথমিক আমন্ত্রণ জানানো হয়। দেশ স্বাধীন হওয়ার পর ২৪ মে ১৯৭২ (১০ জ্যৈষ্ঠ ১৩৭৯) সরকারি উদ্যোগে কলকাতা থেকে কবিকে সপরিবারে ঢাকায় আনা হয় এবং বঙ্গভবনে সংবর্ধনা অনুষ্ঠানে তৎকালীন রাষ্ট্রপতি বাংলাদেশের জাতীয় কবি হিসেবে অভিহিত করেন। এরপর তার বসবাসের জন্য রাজধানীর ধানমন্ডিস্থ ২৮ নম্বর (পুরাতন) সড়কের ৩৩০-বি বাড়িটি তখন বরাদ্দ দেওয়া হয়।

বাংলা সাহিত্যে ও সংস্কৃতিতে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ ৯ ডিসেম্বর ১৯৭৪ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক মিলনায়তনে (TSC) এক সমাবর্তন উৎসবে তাকে সম্মানসূচক ডি-লিট উপাধি দেওয়ার সিদ্ধান্ত হয়। কিন্তু অসুস্থতার জন্য এ উৎসবে তাকে আনা সম্ভব হয়নি। তখন ঢাকা বিশ্ববিদ্যালয়ের তৎকালীন উপাচার্য অধ্যাপক আবদুল মতিন চৌধুরী নজরুলের উদ্দেশে একটি মানপত্রও পাঠ করেন। পরে ২৫ জানুয়ারি ১৯৭৫ বঙ্গভবনে একটি বিশেষ অনুষ্ঠানে কাজী নজরুল ইসলামকে ডি-লিট উপাধিতে ভূষিত করেন তৎকালীন রাষ্ট্রপতি মোহাম্মদউল্লাহ। ১৮ ফেব্রুয়ারি ১৯৭৬ (৫ ফাল্গুন ১৩৮২) কাজী নজরুল ইসলামকে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের নাগরিকত্ব প্রদান করা হয়। একই বছরের ২১ ফেব্রুয়ারি তাকে একুশে পদকে ভূষিত করা হয়। বাংলাদেশের দুটি আইনে জাতীয় কবি হিসেবে নজরুলের নাম উল্লেখ করা হয়। প্রথমটি ৭ মে ২০০৬ জাতীয় সংসদে পাস করে 'জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬' এবং দ্বিতীয় আইন ১২ ফেব্রুয়ারি ২০১৮ পাস করা হয় 'কবি নজরুল ইনস্টিটিউট আইন, ২০১৮' নামে। কবি নজরুল ইনস্টিটিউট আইনের ২ ধারায় তাকে জাতীয় কবি হিসেবে সংজ্ঞায়িত করা হয়। এছাড়া বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও স্বাধীন বাংলাদেশে কবির জন্ম বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে প্রদত্ত বাণীতে কবিকে 'জাতীয় কবি' হিসেবে আখ্যায়িত করেন। কিন্তু সবক্ষেত্রে বাংলাদেশের জাতীয় কবি হিসেবে স্বীকৃত হলেও কবি কাজী নজরুল ইসলামকে জাতীয় কবি হিসেবে ঘোষণা করে ইতিপূর্বে সরকারিভাবে কোনো গেজেট জারি করা হয়নি।

রাষ্ট্রীয় স্বীকৃতি

২২ জুন ২০২২ কাজী নজরুলকে 'জাতীয় কবি' হিসেবে ঘোষণা করে গেজেট প্রকাশের নির্দেশনা চেয়ে আসাদ উদ্দিনসহ সুপ্রিম কোর্টের ১০ আইনজীবী রিট আবেদন করেন। তাকে জাতীয় কবির ঘোষণা দিয়ে গেজেট প্রকাশ করতে কেন নির্দেশ দেওয়া হবে না, তা জানতে চেয়ে তখন রুল জারি করে হাইকোর্ট। এরপর ৫ ডিসেম্বর ২০২৪ অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদের সভায় কবি কাজী নজরুল ইসলামকে জাতীয় কবি ঘোষণা করে প্রজ্ঞাপন প্রকাশের প্রস্তাব অনুমোদন করা হয়। তবে এ বিষয়ে উচ্চ আদালতে একটি রিট আবেদন থাকায় সেটি নিষ্পত্তি সাপেক্ষে গেজেট প্রকাশ করা হবে বলে উপদেষ্টা পরিষদের বৈঠকে সিদ্ধান্ত হয়। এরপর আদালতের বিষয়টি নিষ্পত্তি করে ১৫ ডিসেম্বর ২০২৪ কবি নজরুলকে জাতীয় কবি হিসেবে প্রজ্ঞাপন জারি করে। যা ২৪ ডিসেম্বর ২০২৪ গেজেট আকারে প্রকাশ করা হয়। গেজেটে ৪ মে ১৯৭২ থেকে থেকে তাকে বাংলাদেশের 'জাতীয় কবি' হিসেবে ঘোষণা করা হয়।

কিছু দেশের জাতীয় কবি

দেশ	নাম
ফিলিস্তিন	মাহমুদ দারবিশ
পাকিস্তান	আল্লামা মুহাম্মদ ইকবাল
রাশিয়া	আলেকজেন্ডার পুশকিন
ফ্রান্স	চার্লস বোডলেয়ার
যুক্তরাজ্য	উইলিয়াম শেক্সপিয়ার
চিলি	পাবলো নেরুদা
নেপাল	মাধব প্রসাদ ঘিমিরে
ব্রাজিল	আন্তোনিও গঞ্জালভেস ডায়াস

- ফেরদৌসি বিশ্বের একমাত্র কবি যিনি একসঙ্গে ৩টি দেশ ইরান, আফগানিস্তান এবং তাজিকিস্তানের জাতীয় কবির সম্মানে ভূষিত।

ডেনমার্কের প্রধান নদী হলো গুদেন (Gudenå)

www.abswer.com

www.abswer.com

হলিউডের শহরে দাবানল

৭ জানুয়ারি ২০২৫ যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার প্যালিসেডস অঞ্চলে ভয়াবহ দাবানলের সূত্রপাত হয়। বাতাসের গতিবেগ বাড়ায় আগুন দ্রুত ছড়িয়ে পড়ে এবং পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। ৯ জানুয়ারি ২০২৫ স্থানীয় মরুভূমি থেকে সৃষ্টি হওয়া এই বাতাস লস অ্যাঞ্জেলেসের ওপর দিয়ে ঘন্টায় ৮০ থেকে ১১২ কিমি গতিতে বয়ে যায়। হলিউড হিলসসহ লস অ্যাঞ্জেলেস কাউন্টির অন্তত ছয়টি জায়গা দাবানলের কবলে পড়ে। নতুন করে ২২ জানুয়ারি ২০২৫ এ দাবানল ৩৯ বর্গকিলোমিটার এলাকা গ্রাস করেছে। নতুন দাবানলটি দ্রুত গ্রাস করছে শহরটির উত্তরাঞ্চলকে। আগুনের ভয়াবহতায় জারি করা হয়েছে রেড-ফ্ল্যাগ সতর্কতা। প্রবল বাতাস ও শুকনো ঝোপঝাড়ের কারণে দ্রুত ছড়িয়ে পড়ছে এ আগুন। লস অ্যাঞ্জেলেসের এই দাবানলের নাম করণ করা হয় 'সানসেট ফায়ার'। বিনোদনজগতের ক্ষেত্রে এই জায়গাগুলো খুবই উল্লেখযোগ্য। এই জায়গাগুলোর মধ্যেই ডলবি থিয়েটারের অবস্থান। ডলবি থিয়েটারে 'অস্কার' আয়োজন করা হয়। হলিউড-সংলগ্ন এলাকার অনেক বিনোদন তারকাই এ দাবানলে তাদের বাড়িঘর হারিয়েছেন।

দাবানল

Wildfire-এর বাংলা শব্দ দাবানল। Wild শব্দের অর্থ বন্য বা বুনো, fire শব্দের অর্থ অগ্নি বা আগুন। Wildfire-কে একত্রে বুনোআগুন বা দাবানল বলা হয়। দাবানল হলো প্রাকৃতিক বা মানবসৃষ্ট কারণে কোনো বনভূমি, তৃণভূমি বা শুষ্ক অঞ্চলজুড়ে অপ্রতিরোধ্যভাবে ছড়িয়ে পড়া আগুন। এটি দ্রুত বিস্তার লাভ করে এবং প্রচুর ক্ষতি সাধন করে। দাবানল প্রধানত দুই ভাবে ছড়ায় যথা : প্রাকৃতিক কারণ ও মানবসৃষ্ট কারণ।

- **প্রাকৃতিক :** বজ্রপাতের ফলে আগুন ধরে যাওয়া। অতি উচ্চ তাপমাত্রা ও শুষ্ক আবহাওয়া। বাতাসের চাপ ও বাতাসের প্রবাহ ইত্যাদি।
- **মানবসৃষ্ট :** জ্বলন্ত সিগারেটের অবশিষ্টাংশ ফেলে দেওয়া। ক্যাম্পফায়ার থেকে আগুন ছড়িয়ে পড়া। কৃষিজমি পরিষ্কার করার জন্য ইচ্ছাকৃতভাবে আগুন লাগানো ইত্যাদি।

নিয়ন্ত্রণ ও প্রতিকার

দাবানল নিয়ন্ত্রণে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা অত্যন্ত জরুরি। দাবানলের সৃষ্টির কারণগুলির প্রতি লক্ষ্য রেখে এর প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহন করতে হয়।

■ **প্রাকৃতিক ও মানবসৃষ্ট উভয় কারণের নিয়ন্ত্রণ :** দাবানল নিয়ন্ত্রণের জন্য একটি কার্যকরী ব্যবস্থা গঠন করা প্রয়োজন। এর মধ্যে বনভূমি থেকে মানুষকে দূরে রাখা, উপযুক্ত আগুন নিভানোর ব্যবস্থা এবং সচেতনতা বৃদ্ধি অন্তর্ভুক্ত থাকতে হবে।

■ **অগ্নি নির্বাপন ব্যবস্থা :** আধুনিক প্রযুক্তির ব্যবহার যেমন : স্যাটেলাইট নজরদারি, আগুনের পূর্বাভাস এবং অগ্নিনির্বাপক টিমের প্রস্তুতি জরুরি। আগুন নেভানোর জন্য উন্নত যন্ত্রপাতি এবং প্রশিক্ষিত কর্মী থাকা আবশ্যক।

ক্যালিফোর্নিয়ায় বিগত দাবানল

সাল	নাম
২০১৭	থমাস ফায়ার
২০১৮	মেনডোসিনো কমপ্লেক্স
২০২০	আগস্ট কমপ্লেক্স ফায়ার
২০২০	এসসিইউ লাইটনিং কমপ্লেক্স
২০২০	ত্রিক
২০২০	এলএনইউ লাইটনিং কমপ্লেক্স
২০২০	নর্থ কমপ্লেক্স
২০২১	ডিক্সি
২০২৫	সানসেট ফায়ার

দাবানলের স্থানীয় নাম

দেশ	স্থানীয় নাম
যুক্তরাষ্ট্র, কানাডা	Wildfire
অস্ট্রেলিয়া	Bushfire
ব্রাজিল	Queimadas
আর্জেন্টিনা, পেরু চিলি, বলিভিয়া	Incendios Forestales
জার্মানি	Waldbrand
চীন	Forest Fire
বাংলাদেশ	দাবানল

ফস-চেক

বিশ্বে আগুন নেভানোর কাজে সবচেয়ে বেশি ব্যবহৃত উপাদানগুলোর একটি হলো 'ফস-চেক' (Phos-Chek)। ফস-চেকের মূল উপাদান ৮০% পানি, ১৪% সারজাতীয় লবণ, ৬% রঙিন এজেন্ট এবং ক্ষয়রোধক উপাদান। ফস-চেক মূলত আগুনের উৎসের কাছাকাছি উদ্ভিদ ও জমিতে ছড়িয়ে দেওয়া হয় যাতে আগুন অন্য কোথাও ছড়াতে না পারে। এটি আগুনের গতি কমানোর জন্য ভালো কাজ করে এবং আগুনের অক্সিজেনের অভাব তৈরি করে, ফলে আগুন ধীরে ধীরে নিভে যায়। দাবানল নিয়ন্ত্রণে লস অ্যাঞ্জেলেসে হাজারো গ্যালন লাল-গোলাপি গুঁড়া (ফস-চেক) উড়োজাহাজ থেকে ছিটানো হয়। আগুন নিয়ন্ত্রণে ১৯৬৩ সাল থেকে যুক্তরাষ্ট্রে ফস-চেকের ব্যবহার হয়ে আসছে।

ট্রিটি অব কিয়েভের অধীনে নরওয়ে ডেনমার্ক থেকে আলাদা হয় ১৮১৪ সালে

www.abswer.com

www.abswer.com



টেলিস্কোপের কথা

আবিষ্কার পর্ব ৭

টেলিস্কোপ হলো মানব সভ্যতার অন্যতম একটি গুরত্বপূর্ণ আবিষ্কার। ১৭ শতকে যখন বিজ্ঞানে রেনেসাঁ আরম্ভ হয় তখন এর মূলে ছিল টেলিস্কোপ। টেলিস্কোপ ছাড়া আকাশ পর্যবেক্ষণের কথা ভাবা যায় না। পৃথিবী বা ভূ-কেন্দ্রিক জগত ব্যবস্থার বাহিরে মানুষ প্রথম ভাবতে শিখে এ টেলিস্কোপের সাহায্যে।

পরিচিতি

টেলিস্কোপ (telescope) শব্দটি প্রাচীন গ্রিক শব্দ টেলি 'দূর' এবং স্কোপেইন 'দেখতে' থেকে এসেছে। এর মূল অর্থ 'দূরদর্শন'। একে দূরবীক্ষণ যন্ত্র বা দূরবীনও বলা হয়। এটি এমন একটি যন্ত্র যা দূরবর্তী লক্ষ্যবস্তু দর্শনের জন্য ব্যবহার করা হয়। নলাকৃতির এ যন্ত্রটি লেন্স ও দর্পণ দিয়ে তৈরি করা হয়।

ইতিহাস

টেলিস্কোপ আবিষ্কারের ইতিহাসে যার নাম প্রথমেই আসে তিনি হচ্ছেন বিজ্ঞানী হাসান ইবনে আল হাইসাম। তাকে আধুনিক আলোকবিদ্যার জনক বলা হয়। আল হাইসামের পর দীর্ঘদিন পর্যন্ত টেলিস্কোপ নিয়ে কাজের তেমন কোনো ইতিহাস পাওয়া যায়নি। তারপর ১৬০৯ সালে ইতালির জ্যোতির্বিজ্ঞানী গালিলিও দূরবর্তী তারা পর্যবেক্ষণের জন্য একটি দূরবিন তৈরি করেন। তিনি এ যন্ত্র তৈরির ধারণা লাভ করেন মিডলবার্গের হ্যান্স লিপার্শে নামক এক চশমা নির্মাতার কাছ থেকে। হ্যান্স লিপার্শে ১৬০৮ সালের কোনো একদিন লক্ষ্য করেন, তার দোকানে বসানো স্থির লেন্স পদ্ধতির মধ্য দিয়ে দেখলে দূরের বাতাসের দিক নির্ধারক যন্ত্রটি বিবর্ধিত দেখা যায়। হ্যান্স লিপার্শে এ যন্ত্রটির উদ্ভাবন করলেও এটিকে সার্থক রূপ দেন ইতালির জ্যোতির্বিজ্ঞানী গ্যালিলিও। ১৬১০ সালে তিনি নিজের তৈরি টেলিস্কোপের সাহায্যে বৃহস্পতি গ্রহকে প্রদক্ষিণরত চারটি চন্দ্রকে দেখেন। ১৬১১ সালে ইয়োহানেস কেপলার একটি দূরবীক্ষণ যন্ত্র নির্মাণ করেন, যা অনেকটা জ্যোতির্বৈজ্ঞানিক দূরবীক্ষণ যন্ত্রের মতো ছিল। ১৬৬৮ সালে ইংরেজ বৈজ্ঞানিক স্যার আইজাক নিউটন রিফ্লেক্টিং টেলিস্কোপ তৈরি করেন। এটি দিয়ে দূরবর্তী অস্পষ্ট জিনিসের ছবিও দেখা সম্ভব হতো। এ আবিষ্কারের উপর ভিত্তি করেই ১৯৫৭ সালে ইংল্যান্ডের জর্ডেল ব্যাংকে তৈরি করা হয় রেডিও টেলিস্কোপ। তারপর থেকে টেলিস্কোপের আরো উন্নত সংস্করন তৈরি শুরু হয়।

প্রকারভেদ

একেক কাজে একেক ধরনের টেলিস্কোপ ব্যবহৃত হয়। টেলিস্কোপের বিভিন্ন ধরনের মধ্যে আছে—

- **এক্স-রে টেলিস্কোপ :** অতিবেগুনি আলোর চেয়ে সংক্ষিপ্ত তরঙ্গ দৈর্ঘ্য ব্যবহার করে।
- **আল্ট্রাভায়োলেট টেলিস্কোপ :** দৃশ্যমান আলোর চেয়ে কম তরঙ্গ দৈর্ঘ্য ব্যবহার করে।
- **রেডিও টেলিস্কোপ :** যা আরও দীর্ঘ তরঙ্গদৈর্ঘ্য ব্যবহার করে। এ ছাড়া আরও দুই ধরনের টেলিস্কোপ রয়েছে। সেগুলো হলো :
- **একনলা দূরবিন :** মহাকাশ দেখার জন্য বেশি ব্যবহার হয়।
- **বাইনোকুলার বা দো-নলা দুরবিন :** বাইনোকুলার প্রতিরক্ষা বাহিনী ও পশুপাখি পর্যবেক্ষণে ব্যবহৃত হয়। গোয়েন্দা বিভাগেও ব্যবহার করা হয়।

মহাশূন্যে টেলিস্কোপ

হাবল স্পেস টেলিস্কোপ

মহাকাশে ভাসমান পৃথিবীর প্রথম টেলিস্কোপ হলো হাবল স্পেস টেলিস্কোপ। ২৪ এপ্রিল ১৯৯০ এটি উৎক্ষেপন করা হয়। পৃথিবী পৃষ্ঠ থেকে ৫৯৬ কিমি উঁচুতে এর অবস্থান। টেলিস্কোপটি প্রতি ৯৭ মিনিটে একবার পৃথিবীর চারপাশ ঘুরে আসে। হাবলের মাধ্যমেই নিশ্চিত হওয়া গেছে মহাবিশ্বের বয়স ১৩.৮ বিলিয়ন বছর।

জেমস ওয়েব স্পেস টেলিস্কোপ

বিশ্বের সবচাইতে শক্তিশালী টেলিস্কোপ। এটি বছরে একবার সূর্যকে প্রদক্ষিণ করবে। ১২ জুলাই ২০২২ JWST'র তোলা মহাবিশ্বের ১৩ বিলিয়ন বা ১,৩০০ কোটি বছরের আগের অবস্থার ছবি প্রকাশ করে নাসা।

জানা-অজানা

■ বিশ্বের সবচেয়ে বড় রেডিও টেলিস্কোপ

বিশ্বের সবচেয়ে বড় রেডিও টেলিস্কোপটির নাম ফাইভ হানড্রেড মিটার অ্যাপারচার স্ফেরিক্যাল টেলিস্কোপ (FAST) যা চীনে অবস্থিত। এর আগে ৫৩ বছর ধরে সবচেয়ে বড় রেডিও টেলিস্কোপটি ছিল যুক্তরাষ্ট্রের ন্যাশনাল সায়েন্স ফাউন্ডেশনের আরেসিবো অবজারভেটরি, যা পুয়ের্তোরিকোয় অবস্থিত।

■ বাংলাদেশের প্রথম অত্যাধুনিক টেলিস্কোপ

৯ মার্চ ২০২৩ ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ (IUB) দেশের প্রথম অত্যাধুনিক ডিপ-স্কাই ইমেজিং টেলিস্কোপ উন্মোচন করে। কানাডার ইউনিভার্সিটি অব টরন্টোর ডানল্যাপ ইনস্টিটিউট ফর অ্যাস্ট্রোনমি অ্যান্ড অ্যাস্ট্রোফিজিক্স-এর গ্লোবাল আউটরিচ প্রোগ্রামের অংশ হিসেবে IUB কর্তৃপক্ষ দুটি ইউনিস্টেলার ইকুইনক্স টেলিস্কোপ (Unistellar Equinox Telescopes) উপহার পায়।

www.abswer.com

www.abswer.com

CHAMPIONS TROPHY 2025 • PAKISTAN

আয়োজন : নবম ❙ আয়োজক : আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (ICC) ❙ সময়কাল : ১৯ ফেব্রুয়ারি-৯ মার্চ ২০২৫ ❙ ফরম্যাট : ওয়ানডে ❙ স্বাগতিক : পাকিস্তান ও সংযুক্ত আরব আমিরাত ❙ ভেন্যু : ৪টি— করাচি, লাহোর, রাওয়ালপিন্ডি ও দুবাই ❙ অংশগ্রহণকারী দল : ৮টি ❙ মোট ম্যাচ : ১৫টি ❙ সর্বশেষ চ্যাম্পিয়ন : পাকিস্তান।

বাংলাদেশ স্কোয়াড

নাজমুল হোসেন শান্ত (অধিনায়ক), মুশফিকুর রহিম, মেহেদী হাসান মিরাজ, সৌম্য সরকার, তানজিদ হাসান তামিম, তাওহিদ হৃদয়, পারভেজ হোসেন ইমন, মাহমুদউল্লাহ রিয়াদ, জাকের আলী, রিশাদ হোসেন, নাসুম আহমেদ, তাসকিন আহমেদ, তানজিম হাসান সাকিব, নাহিদ রানা ও মুস্তাফিজুর রহমান।

গ্রুপ পর্বে বাংলাদেশের ম্যাচ

প্রতিপক্ষ	তারিখ	ভেন্যু
ভারত	২০ ফেব্রুয়ারি	দুবাই
নিউজিল্যান্ড	২৪ ফেব্রুয়ারি	রাওয়ালপিন্ডি
পাকিস্তান	২৭ ফেব্রুয়ারি	রাওয়ালপিন্ডি

গ্রুপ 'এ' : বাংলাদেশ, ভারত, নিউজিল্যান্ড ও পাকিস্তান।
গ্রুপ 'বি' : আফগানিস্তান, অস্ট্রেলিয়া, ইংল্যান্ড ও দ. আফ্রিকা।

রেকর্ডবুক

সর্বোচ্চ দলীয় রান : ৩৪৭/৪; নিউজিল্যান্ড; বিপক্ষ যুক্তরাষ্ট্র; ২০০৪ • সর্বনিম্ন দলীয় রান : ৬৫; যুক্তরাষ্ট্র; বিপক্ষ অস্ট্রেলিয়া; ২০০৪ • সর্বাধিক রান : ক্রিস গেইল (ওয়েস্ট ইন্ডিজ); ১৭ ম্যাচে ৭৯১ রান • সর্বোচ্চ ব্যক্তিগত রান : নাথান অ্যাস্টল (নিউজিল্যান্ড); ১৪৫*; বিপক্ষ যুক্তরাষ্ট্র; ২০০৪ • সর্বাধিক উইকেটশিকারী : কাইল মিলস (নিউজিল্যান্ড); ১৫ ম্যাচে ২৮টি • সেরা বোলিং : ফারভেজ মাহরুফ (শ্রীলংকা); ৬/১৪; বিপক্ষ ওয়েস্ট ইন্ডিজ; ২০০৬ • সর্বাধিক ডিসমিসাল (উইকেট কিপার) : কুমার সাঙ্গাকারা (শ্রীলংকা); ২২ ম্যাচে ৩৩টি • সর্বাধিক ম্যাচ খেলা ক্রিকেটার : কুমার সাঙ্গাকারা ও মাহেলা জয়াবর্ধান (শ্রীলংকা); ২২ ম্যাচ।

চ্যাম্পিয়ন্স ট্রফিতে বাংলাদেশ

১৯৯৮ সালে প্রথমবারের মতো অনুষ্ঠিত হয় ICC চ্যাম্পিয়ন্সট্রফির আসর। ঐ আসরটি অনুষ্ঠিত হয় বাংলাদেশে। কিন্তু বাংলাদেশ সেবার অংশ নিতে পারেনি। ২০০০ সালে কেনিয়ায় অনুষ্ঠিত ICC চ্যাম্পিয়নট্রফির দ্বিতীয় আসরে বাংলাদেশ প্রথমবারের মতো অংশ নেয়। ২০০০ ও ২০০৬ সালে প্রাক-বাছাই পর্বে ২০০২ ও ২০০৪ সালে গ্রুপ পর্বে এবং ২০১৭ সালে সেমিফাইনালে প্রতিদ্বন্দ্বিতা করে বাংলাদেশ। চারবারের প্রতিযোগিতায় বাংলাদেশ ১২টি ম্যাচে অংশ নিয়ে মাত্র ২টিতে জয়ী হয়। ২০২৫ সালে বাংলাদেশ ৬ষ্ঠবারের মতো চ্যাম্পিয়ন্স টফিতে অংশ নিবে।

সর্বোচ্চ দলীয় রান : ৩০৫/৬; বিপক্ষ ইংল্যান্ড; ২০১৭ • সর্বনিম্ন দলীয় রান : ৭৭; বিপক্ষ নিউজিল্যান্ড; ২০০২ • সর্বাধিক রান : তামিম ইকবাল, ৪ ম্যাচে ২৯৩ রান • সর্বোচ্চ উইকেট : মোহাম্মদ রফিক; ৮টি ম্যাচে ৬টি • সেরা বোলিং : মোসাদ্দেক হোসেন; ৩/১৩; বিপক্ষ নিউজিল্যান্ড • সর্বাধিক ডিসমিসাল : খালেদ মাসুদ পাইলট : ৮ ম্যাচে ৬টি • সর্বাধিক ম্যাচ : খালেদ মাসুদ পাইলট ও মোহাম্মদ রফিক; ৮টি করে; ২০০০-২০০৬ • সর্বাধিক ম্যাচে অধিনায়কত্ব : মাশরাফী বিন মোর্ত্তজা; ৩ ম্যাচে।

এক নজরে ৮টি ট্রফি

সাল	সময়কাল	স্বাগতিক	চ্যাম্পিয়ন	রানার্সআপ	দল
১৯৯৮	২৪ অক্টোবর-১ নভেম্বর	বাংলাদেশ	দ. আফ্রিকা	ওয়েস্ট ইন্ডিজ	৯টি
২০০০	৩-১৫ অক্টোবর	কেনিয়া	নিউজিল্যান্ড	ভারত	১১টি
২০০২	১২-৩০ সেপ্টেম্বর	শ্রীলংকা	ভারত ও শ্রীলংকা	-	১২টি
২০০৪	১০-২৫ সেপ্টেম্বর	ইংল্যান্ড	ওয়েস্ট ইন্ডিজ	ইংল্যান্ড	১২টি
২০০৬	৭ অক্টোবর-৫ নভেম্বর	ভারত	অস্ট্রেলিয়া	ওয়েস্ট ইন্ডিজ	১০টি
২০০৯	২২ সেপ্টেম্বর-৫ অক্টোবর	দক্ষিণ আফ্রিকা	অস্ট্রেলিয়া	নিউজিল্যান্ড	৮টি
২০১৩	৬-২৩ জুন	ইংল্যান্ড ও ওয়েলস	ভারত	ইংল্যান্ড	৮টি
২০১৭	১-১৮ জুন	ইংল্যান্ড ও ওয়েলস	পাকিস্তান	ভারত	৮টি

www.abswer.com

www.abswer.com

খেলাধুলা

জাতীয় ক্রিকেট লিগ NCL

[Note : NAM'র বর্তমান সদস্য ১২১]

৮. **নিচের কোন সংস্থাটির স্থায়ী সদর দপ্তর নেই?** [৪০তম বিসিএস]
ক NATO খ NAM গ EU ঘ ASEAN

উত্তর

১. ক
২. গ
৩. খ
৪. Note
৫. ঘ
৬. Note
৭. Note
৮. খ

নরওয়ের প্রথম সংবিধান গৃহীত হয় ১৮১৪ সালে

www.abswer.com

www.abswer.com

তথ্যকোষে রূপক কথা

পর্ব-৪

রাজনীতি, অর্থনীতি ও বিভিন্ন ক্ষেত্রে নানা শব্দপুঞ্জ ব্যবহৃত হয়। সে শব্দগুলোর বিভিন্ন পারিভাষিক অর্থ রয়েছে। বর্তমানে আলোচিত কিছু শব্দ নিয়ে আমাদের এ আয়োজন।

ফুল কোর্ট

দেশের সর্বোচ্চ এ আদালতে দুইটি বিভাগে বিচার কার্যক্রম পরিচালিত হয়। এ দুটি বিভাগ হলো আপিল বিভাগ এবং হাইকোর্ট বিভাগ। এ দুই বিভাগের সকল বিচারপতির অংশগ্রহণে যে সভা অনুষ্ঠিত হয় তাকেই 'ফুল কোর্ট' সভা বলা হয়। বিচার বিভাগের প্রধান নির্বাহী হিসেবে এই সভা আহ্বানের এখতিয়ার প্রধান বিচারপতির। 'ফুল কোর্ট' বৈঠকে বিচার বিভাগের বিভিন্ন বিষয় নিয়ে সবার সাথে আলোচনা করেন প্রধান বিচারপতি।

গার্লস টেকওভার

গার্লস টেকওভার (Girls Takeover) শব্দের অর্থ মেয়েদের নেতৃস্থানীয় পদ দখল করা। শব্দটি প্ল্যান ইন্টারন্যাশনালের একটি প্রতীকী কর্মসূচি, যার মাধ্যমে মেয়েদের নেতৃত্ব ও সিদ্ধান্ত গ্রহণের বিষয়টি তুলে ধরা হয়। সামাজিক নেতৃত্বে ভূমিকা পালনে এগিয়ে আনতে নারীদের স্বপ্ন দেখানো আর সাহস জোগাতে এই আয়োজন করে থাকে প্ল্যান ইন্টারন্যাশনাল। প্রতীকী এই কর্মসূচির মাধ্যমে এক দিনের জন্য সমাজের গুরুত্বপূর্ণ কোনো পদের দায়িত্ব হস্তান্তর করা হয় একজন কন্যাশিশুর কাছে।

AIVS

Automated Information and Verification System (AIVS) হলো দ্রুততম সময়ে একজন ব্যক্তির পরিচয় শনাক্ত করার জন্য নতুন একটি প্রযুক্তি। এই সিস্টেমের মাধ্যমে মূলত বহনযোগ্য একটি ডিভাইসের মাধ্যমে যে কোন জায়গায় থাকা কোনো ব্যক্তির আঙ্গুলের ছাপ, জাতীয় পরিচয়পত্রের নম্বর বা জন্ম তারিখের মাধ্যমে ওই ব্যক্তির পরিচয় শনাক্ত করা যায়।

রিসেট বাটন

রিসেট বাটন (Reset Button) হলো হার্ডওয়্যার বা সফটওয়্যার এর একটি প্রক্রিয়া যা একটি যন্ত্রকে পুনরায় চালু করে। রাজনীতিতে প্রতীকী অর্থে একটি দুর্নিতীগ্রস্থ রাজনীতি থেকে পুনরুদ্ধারকে বুঝায়। মার্চ ২০০৯ রাশিয়া ও যুক্তরাষ্ট্র রিসেট বাটন চালু করে। এটির উদ্দেশ্য ছিল পূর্বের সকল ঘটনাকে ভুলে নতুন করে সম্পর্ক তৈরি করা।

ড্রাগন ট্রায়াংগেল

ড্রাগন ট্রায়াংগেল বলতে শয়তানের সাগর বা ড্রাগন ত্রিভুজ বা সাগরের জাদুকে বোঝায়। যা প্যাসিফিক বারমুডা ট্রায়াঙ্গেল নামেও পরিচিত। যা টোকিওর দক্ষিণে প্রায় ১০০ কিমি দূরে মিয়াকে-জিমা (মিয়াকে দ্বীপ) ঘিরে প্রশান্ত মহাসাগরের একটি বিশেষ অঞ্চল। শয়তানের সাগরকে কখনও কখনও একটি অতি-প্রাকৃতিক অবস্থান হিসেবে বিবেচিত করা হয়।

ট্রোজান হর্স

ট্রোজান হর্সের (Trojan Horse) অর্থ হলো ট্রয়ের ঘোড়া, যা ট্রয় নগরের পতনের বিখ্যাত গ্রিক উপকথার সঙ্গে জড়িত কাঠের ঘোড়া। বর্তমানে এ নামে একটি কম্পিউটারের ভাইরাসের নামকরণ করা হয়। ট্রোজান হর্স বলতে এমন কৌশলকে বোঝানো হয় যা নিরাপদ বা সুরক্ষিত ঘাঁটিতে শত্রুকে আমন্ত্রণ জানায়।

পোস্ট-ট্রমাটিক স্ট্রেস ডিসঅর্ডার

Post-Traumatic Stress Disorder (PTSD) হলো একটি মানসিক এবং আচরণগত ব্যাধি যেটি যৌন নিপীড়ন, যুদ্ধ, ট্র্যাফিক সংঘর্ষ, শিশু নির্যাতন, গার্হস্থ্য সহিংসতা বা একজন ব্যক্তির উপর অন্যান্য হুমকির ফলে আঘাতমূলক ঘটনার সম্মুখীন হওয়ার ফলে বিকাশ লাভ করে।

ক্রোনি ক্যাপিটালিজম

ক্রোনি ক্যাপিটালিজম শব্দটি (Crony Capitalism) পুঁজিবাদের রূপগুলোকে বোঝায় যেখানে নেতৃস্থানীয় ব্যবসায়ীরা প্রধান রাজনীতিবিদদের সাথে ঘনিষ্ঠ ব্যক্তিগত সম্পর্ক রাখে। অর্থের জন্য রাজনৈতিক দলগুলোরও ব্যবসায়ীদের ওপর নির্ভরতা একবারে কম নয়। ব্যবসা ও রাজনীতির এ পরস্পর নির্ভরশীলতাকে কেন্দ্র করে উন্নয়ন অর্থনীতিতে নতুন একটি পুঁজিবাদী ধারা তৈরি হয়। এটিই মূলত ক্রোনি ক্যাপিটালিজম বা স্বজনতোষী পুঁজিবাদ।

ডিপ স্টেট

যে সকল ব্যক্তি বা ব্যক্তিসমষ্টি রাষ্ট্র ও সরকারের মধ্যে প্রবল ক্ষমতা নিয়ে সক্রিয় থাকে তাদেরকে ডিপ স্টেট (Deep State) বলে। তারা কাজ করে তাদের বা কোনো বেসরকারি স্বার্থে রাষ্ট্র ও সরকারের ক্ষমতাকে ব্যবহার করে। কিন্তু দায় পড়ে রাষ্ট্র ও সরকারের উপর। অথবা ডিপ স্টেট হলো এক ধরনের সরকার যা ক্ষমতার সম্ভাব্য গোপন ও অনুমোদিত নেটওয়ার্কের সমন্বয়ে গঠিত হয়। যা একটি রাষ্ট্রের রাজনৈতিক নেতৃত্বের নিজস্ব এজেন্ডা এবং লক্ষ্য অর্জনের জন্য স্বাধীনভাবে কাজ করে।

www.abswer.com

www.abswer.com

Short Notes

Conflict of Interest

A conflict of interest arises when an individual, organization, or entity is involved in multiple interests, one of which could potentially compromise their objectivity, integrity, or ability to act impartially. These interests might be financial, personal, or professional and may lead to biased decision-making that serves private interests over public or ethical responsibilities. The concept of a conflict of interest, though ancient in practice, was formally recognized in governance and law during the Roman Republic. Roman senators were prohibited from engaging in trade or commerce to avoid compromising their impartiality in legislative and judicial duties. The phrase itself gained prominence in modern contexts with the rise of corporate governance and professional ethics in the 20th century. Today, conflicts of interest are prevalent in various fields, including politics, law, business, healthcare, and academia. The negative effects of conflicts of interest are significant, starting with the loss of trust as they undermine public, employee, or stakeholder confidence. They often lead to poor decision-making, resulting in biased or unethical actions that can harm the public or organizations.

Axis of Resistance

The Axis of Resistance refers to an alliance of states, political movements, and militias in the Middle East that oppose Western influence, Israeli policies, and, to some extent, Sunni Arab dominance aligned with the U.S. The term typically includes Iran, Syria, Hezbollah in Lebanon, and certain Iraqi and Yemeni groups. These actors collectively advocate for a regional order free from U.S. and Israeli interference, often using both political and military means to achieve their goals. The concept emerged in the aftermath of the 1979 Iranian Revolution, which established the Islamic Republic of Iran as a regional power opposing Western hegemony. Iran's alignment with Hezbollah in Lebanon in the 1980s and its strategic partnership with Syria under Hafez al-Assad laid the foundation for the alliance. The term 'Axis of Resistance' gained prominence after the 2006 Lebanon War, where Hezbollah's resistance against Israel was framed as a symbol of defiance against Western-backed forces in the region. Today, the Axis of Resistance plays a pivotal role in Middle Eastern geopolitics. It acts as a counterbalance to U.S.-aligned powers such as Saudi Arabia, Israel, and the UAE. The alliance is deeply involved in regional conflicts, including the wars in Syria, Iraq, and Yemen, and supports Palestinian groups opposing Israel.

Kleptocracy

A kleptocracy is a form of government or political system where leaders, often holding positions of power, exploit national resources and use their authority to enrich themselves and their close associates, rather than serving the public. The term comes from the Greek words klepto ('thief') and kratos ('power' or 'rule'), meaning 'rule by thieves.' While kleptocratic tendencies have existed throughout history, the term 'kleptocracy' was first coined in the 19th century to describe corrupt governance. Kleptocracy is commonly associated with authoritarian or semi-authoritarian regimes, but it can also manifest in democratic systems where corruption flourishes. In modern contexts, kleptocratic leaders often exploit public funds by diverting money from budgets intended for health, education, or infrastructure into their personal accounts. They manipulate state-owned enterprises, particularly in industries like oil, gas, and mining, to enrich themselves and their associates. Many kleptocrats launder stolen wealth abroad through foreign banks, real estate, or offshore accounts, while simultaneously undermining institutions such as legal, judicial, and enforcement systems to avoid accountability.

www.abswer.com

www.abswer.com

Feature

Gen-Z Factor in Geopolitics & Bangladesh

The emergence of Generation Z, or Gen-Z, as a significant demographic force is reshaping global geopolitics in unprecedented ways. Born between the late 1990s and early 2010s, this generation has grown up in a digitally interconnected world defined by rapid technological advancements, climate urgency, and shifting political paradigms. In the context of Bangladesh, the Gen-Z factor is becoming a vital element in shaping its global interactions and geopolitical standing.

Timeline of Generations

Generations are broadly defined cohorts whose traits and timelines are shaped by significant historical, cultural, and technological events. These events include wars, economic shifts, and technological breakthroughs, such as the advent of the internet. Below is a catalog of recent and preceding generational cohorts.

♦ **The Silent Generation (1928–1945)** : Born during the Great Depression and World War II, this generation experienced significant hardships during their formative years. Silent generatin is also known as Traditionalist. Known for their resilience, work ethic, and conformity, they prioritized stability and long-term careers. Many played a crucial role in rebuilding economies and shaping mid-20th century institutions.

♦ **Baby Boomers (1946–1964)** : Born during the post-World War II baby boom, this generation grew up during a period of economic prosperity and social change. Boomers are known for their optimism, focus on personal achievement and contributions to social movements like civil rights and feminism. They also witnessed the rise of consumerism and mass media.

♦ **Generation X (1965–1980)** : Gen X is often considered a transitional generation, coming of age during the Cold War and the advent of personal computing, Independent, pragmatic, and resourceful, they value work-life balance and were early adopters of digital technology. Many became entrepreneurial and skeptical of traditional institutions.

♦ **Millennials (1981–1996)** : Millennials experienced the digital revolution, globalization and significant economic disruptions, including the 2008 financial crisis. Tech-savvy, socially conscious and collaborative, they are characterized by their adaptability and focus on experiences over material possessions.

♦ **Generation Z (1997–2012)** : Generation Z, or Gen Z, represents the first cohort to grow up with pervasive digital technology. Smart phones, social media, and online platforms have been constants in their lives, influencing their behaviors and worldviews. This generation is characterized by environmental consciousness, political awareness, and a strong sense of social responsibility.

♦ **Generation Alpha (2013–2024)** : Generation Alpha is the most tech-savvy generation to date. Born into an era of unprecedented digital fluency, their lives are deeply intertwined with social media, artificial intelligence, and smart devices. Diversity, digital fluency, and adaptability are key characteristics.

♦ **Generation Beta (2023–2039)** : Still in its infancy, Generation Beta is expected to inherit and expand upon the tech-savviness of Generation Alpha. They will grow up in a world dominated by artificial intelligence, global digital connectivity and pressing environmental challenges.

The Gen-Z Factor in Geopolitics

Technological advancement has given rise to a generation that is politically aware, globally informed, and capable of mobilizing at unprecedented speed. In geopolitics, Gen-Z exerts influence in several key ways.

♦ **Digital Advocacy and Global Solidarity** : Through platforms like TikTok, Instagram, and Twitter, Gen-Z has demonstrated its ability to organize movements that transcend national borders. From climate protests to human rights campaigns, their actions pressure governments, corporations, and international organizations to adopt more inclusive and sustainable policies.

www.abswer.com

www.abswer.com

◆ **Climate Activism** : Climate change is a cornerstone issue for Gen-Z, as they view themselves as inheritors of a warming planet. Their demands for environmental justice are shaping international agreements and influencing the strategies of major geopolitical actors.

◆ **Economic Behavior** : Gen-Z's preferences for ethical consumption and sustainable practices are reshaping global trade dynamics, influencing multinational corporations, and prompting governments to prioritize green economies.

◆ **Gender Equality** : Generation Z is a driving force in promoting gender equality, emphasizing inclusivity and systemic change. They challenge traditional gender roles, advocate for intersectional policies, and support gender equality. They demand workplace equity, comprehensive sex education, and global solutions to issues like child marriage and gender-based violence. Despite facing resistance and institutional barriers, Gen Z remains committed to creating a more equitable and inclusive world.

Bangladesh's Gen-Z : A Rising Force

Bangladesh, with a influential amount young people, is home to a significant Gen-Z population poised to redefine its domestic and international trajectory. This generation is characterized by a unique blend of traditional values and progressive ideals. From protests for road safety in 2018 to movements against environmental degradation, Bangladesh's Gen-Z has shown its ability to mobilize and demand accountability. Recent overthrowing of government on and forming a government of their own with active participation of their representatives make the country's youth proactive in nation building. What began as student demonstrations against job quotas quickly coalesced into a full-fledged people's revolution leading to the dissolution of parliament. Generation Z made it possible to resign a government as powerful as it was. Gen-Z in Bangladesh is driving the country's digital transformation as well. With increasing access to smart phones and the internet, they are creating new opportunities in e-commerce, freelancing and tech entrepreneurship.

Bangladesh's Gen-Z in Geopolitics

Bangladesh's geopolitical relevance stems from its strategic location between South Asia and Southeast Asia, its burgeoning economy, and its critical role in climate diplomacy. As one of the most climate-vulnerable nations, Bangladesh's Gen-Z has the potential to lead global conversations on climate justice. Also the entrepreneurial and tech-savvy nature of Bangladeshi Gen-Z positions the country as an emerging player in global supply chains, particularly in technology and innovation-driven industries. Gen-Z's commitment to accountability and transparency can contribute to strengthening Bangladesh's democratic institutions. This, in turn, bolsters its international standing as a stable and progressive nation. Gen Z's understanding of global dynamics enables them to advocate for policies that align with Bangladesh's strategic interests. The legacy of Muhammad Yunus in promoting entrepreneurship and social responsibility highlights the potential for Gen Z to drive innovative economic solutions. By embracing these values, Gen Z can strengthen Bangladesh-US relations and foster sustainable development.

Challenges and the Way Forward

Despite its potential, the Gen-Z factor in Bangladesh faces significant challenges. Limited access to quality education, digital divides between urban and rural areas, and unemployment are barriers that hinder their full potential. Additionally, the country's political landscape, often marked by polarization and suppression of dissent, poses risks to the free expression and activism of young people. To harness the power of Gen-Z, Bangladesh must invest in education, digital infrastructure, and skill development while fostering an environment that encourages innovation and civic engagement.

The Gen-Z factor is a transformative force in geopolitics, and in the context of Bangladesh, it holds immense potential to reshape the country's dynamics with the world. By leveraging their global awareness, digital skills, and activism, Bangladeshi Gen-Z can enhance the country's geopolitical relevance, foster sustainable development and strengthen its global image.

www.abswer.com

www.abswer.com

প্রবন্ধ

বাংলাদেশের পররাষ্ট্রনীতি ও কূটনীতি

১৬ ডিসেম্বর ১৯৭১ বাংলাদেশ স্বাধীনতা অর্জনের পর জাতীয় স্বার্থ, সার্বভৌমত্ব রক্ষা, শান্তি স্থাপন, এবং উন্নয়নের লক্ষ্য নির্ধারণ করা হয়। বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনৈতিক পরিবর্তনের ফলে পররাষ্ট্রনীতিতেও চিন্তার নতুন পরিসর যুক্ত হচ্ছে। আমাদের এবারের আয়োজনে থাকছে বাংলাদেশের পররাষ্ট্রনীতি ও কূটনীতি নিয়ে বিস্তর আলোচনা।

পররাষ্ট্রনীতি বা Foreign Policy হলো বৈদেশিক নীতি; এটি একটি রাষ্ট্র পরিচালনার অত্যাবশ্যকীয় অংশ। পররাষ্ট্রনীতি হচ্ছে কোনো রাষ্ট্রের জাতীয় নীতির সেই অংশ, যা বহির্বিশ্বের সঙ্গে যুক্ত। রাষ্ট্রীয় স্বার্থ সংরক্ষণের জন্য আন্তর্জাতিক রাজনীতিতে রাষ্ট্রের আর্থ-সামাজিক ও রাজনৈতিক বাধ্য-বাধকতার আলোকে বৈদেশিক সম্পর্ক পরিচালনার নীতিকে বলা হয় পররাষ্ট্রনীতি।

বাংলাদেশের পররাষ্ট্রনীতি

বাংলাদেশের পররাষ্ট্রনীতি মূলত চারটি প্রধান স্তম্ভের ওপর ভিত্তি করে গড়ে উঠেছে। যথা— সার্বভৌমত্ব এবং স্বাধীনতা রক্ষা, আন্তর্জাতিক শান্তি এবং স্থিতিশীলতার প্রতি প্রতিশ্রুতি, অখণ্ডতার প্রতি শ্রদ্ধা ও নিরপেক্ষতা, দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক সম্পর্ক উন্নয়ন। এছাড়াও বাংলাদেশের পররাষ্ট্রনীতির কতগুলো বিশেষ বৈশিষ্ট্য রয়েছে, যা গত পাঁচ দশক ধরে কূটনৈতিক ক্ষেত্রে দিক নির্দেশকের ভূমিকা পালন করে। United Nation (UN), European Economic Community (EEC), European Union (EU), ASEAN, OPEC, OIC, Gulf Cooperation Council (GCC), Arab League (AU), Commonwealth প্রভৃতি সংস্থাগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

সংবিধানের আলোকে পররাষ্ট্রনীতি

পৃথিবীর সকল রাষ্ট্রের ন্যায় বাংলাদেশেরও নিজস্ব বৈদেশিক নীতি রয়েছে। সংবিধানের ২৫নং অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশের বৈদেশিক নীতিসমূহ হলো—

ক. আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে শক্তিপ্রয়োগ পরিহার এবং সাধারণ ও সম্পূর্ণ নিরস্ত্রীকরণের জন্য চেষ্টা করিবেন;

খ. প্রত্যেক জাতির স্বাধীন অভিপ্রায় অনুযায়ী পথ ও পন্থার মাধ্যমে অবাধে নিজস্ব সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ব্যবস্থা নির্ধারণ ও গঠনের অধিকার সমর্থন করিবেন; এবং

গ. সাম্রাজ্যবাদ, ঔপনিবেশিকতাবাদ বা বর্ণবৈষম্যবাদের বিরুদ্ধে বিশ্বের সর্বত্র নিপীড়িত জনগণের ন্যায়সঙ্গত সংগ্রামকে সমর্থন করিবেন।

পররাষ্ট্রনীতির ভূ-রাজনৈতিক ভিত্তি

দক্ষিণ ও পূর্ব এশিয়ার মধ্যবর্তী দেশ বাংলাদেশ। বঙ্গোপসাগর বাংলাদেশের দক্ষিণে অবস্থিত। ভৌগোলিক ও ঐতিহাসিকভাবে এটি বাংলাদেশের সাথে জড়িত। বাংলাদেশ থেকে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার রাজনীতি, অর্থনীতি ও ব্যবসা-বাণিজ্য নিয়ন্ত্রণ করার সুযোগ রয়েছে। প্রায় ৩০০ কোটি মানুষের অর্থনৈতিক বাজারের অঞ্চল এই বঙ্গোপসাগরকে ঘিরে। বাংলাদেশের মধ্য দিয়ে ৯০° পূর্ব দ্রাঘিমা অতিক্রম করেছে। বাংলাদেশ আন্তঃমহাদেশীয় ক্ষেপণাস্ত্র স্থাপন করলে আশপাশের প্রায় ৪,৮২৭ কিলোমিটার পর্যন্ত ধ্বংসলীলা চালানো সম্ভব হবে। এমতাবস্থায় যুক্তরাষ্ট্র, চীনসহ অনেক সামরিক শক্তিধর দেশের বাংলাদেশের ওপর তীক্ষ্ণ দৃষ্টি রয়েছে।

- **সমুদ্রসীমা ও অর্থনৈতিক গুরুত্ব :** বাংলাদেশের সমুদ্রসীমা একটি ত্রিভুজ আকৃতি সৃষ্টি করেছে। যার অর্থনৈতিক সমুদ্রসীমা ২০০ নটিক্যাল মাইল বা ৩৭০.৪০ কিমি। দক্ষিণ ভারত মহাসাগরে একমাত্র দিয়াগো গার্সিয়া ছাড়া এর আশপাশে আর কোনো মার্কিন সামরিক ঘাঁটি নেই। এ জন্যই সেন্টমার্টিন দ্বীপটি একটি গুরুত্বপূর্ণ ভূ-রাজনৈতিক প্রপঞ্চক যার ওপর যুক্তরাষ্ট্রসহ বহু দেশের লোলুপ দৃষ্টি রয়েছে। এক সমীক্ষায় বলা হয়েছে, বঙ্গোপসাগরে প্রায় ৪৭৬ প্রজাতির মৎস্যসম্পদ রয়েছে যা ধরতে পারলে প্রতিবছর বাংলাদেশের জাতীয় বাজেটের সমান অর্থ উপার্জন করা সম্ভব।
- **দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার রাজনৈতিক অবস্থান :** আঞ্চলিক সমঝোতা, বাণিজ্য ও নিরাপত্তা প্রশ্নে এক রাষ্ট্র অন্য রাষ্ট্রের সাথে ঘনিষ্ঠভাবে সম্পর্কিত। এই বাস্তবতা থেকেই বাংলাদেশের নেতৃত্বে দক্ষিণ এশিয়ার সাতটি দেশ নিয়ে SAARC নামে একটি আঞ্চলিক রাষ্ট্রজোট গঠন করা হয়েছে। বাংলাদেশের পররাষ্ট্রনীতির ক্ষেত্রে এটি একটি বড় বিজয়। এ ছাড়া ASEAN, সিয়াটো, সেন্টো, BIMSTEC প্রভৃতি আঞ্চলিক, সামরিক ও অর্থনৈতিক গোষ্ঠী দ্বারাও বাংলাদেশের পররাষ্ট্রনীতি বহুলাংশে প্রভাবিত।

কূটনীতি

কূটনীতির ইংরেজি প্রতিশব্দ Diplomacy। গ্রিক Diploma শব্দটি থেকে Diplomacy শব্দটির সৃষ্টি বলে ধারণা করা হয়। Diploma শব্দটি গ্রিক ক্রিয়াশব্দ Diplon থেকে এসেছে। যার অর্থ— ভাজ করা। অষ্টাদশ শতাব্দীতে, ফরাসিরা সরকারিভাবে নিয়োগপ্রাপ্ত রাষ্ট্রীয় আলোচককে বোঝার জন্য কূটনীতিক শব্দটি ব্যবহার শুরু করে। আধুনিক বিশ্বে কূটনীতি বলতে বিভিন্ন রাষ্ট্রের মধ্যে পারস্পরিক স্বার্থে সাহায্য ও সহযোগিতার সম্পর্ককে বোঝায়। বাংলাদেশের কূটনীতির মধ্যে রয়েছে— অর্থনৈতিক কূটনীতি, জলবায়ু কূটনীতি, নিরাপত্তা কূটনীতি, পরিবেশ কূটনীতি, মানবাধিকার কূটনীতি, জাতিসংঘ কূটনীতি ও দ্বিপাক্ষিক কূটনীতি প্রমুখ।

www.abswer.com

www.abswer.com

■ বাংলাদেশের অর্থনৈতিক কূটনীতি

সাধারণভাবে অর্থনৈতিক কূটনীতি বলতে এমন একটি অবস্থাকে বোঝায়, যেখানে কোনো দেশ বা আঞ্চলিক জোটের সঙ্গে সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে অর্থনৈতিক স্বার্থকে প্রাধান্য দেওয়া হয়। বিশ্ব পরিমণ্ডলে একসময় ক্ষুদ্র অর্থনীতির দেশ বলে পরিচিত ছিলো বাংলাদেশ। আজ আর্বিভূত হয়েছে বিশ্বের সবচেয়ে দ্রুত বর্ধনশীল অর্থনীতির দেশ হিসেবে। বাংলাদেশের পররাষ্ট্রনীতির অন্যতম ফোকাসিং পয়েন্ট হলো ইকোনমিক ডিপ্লোমেসি।

বাংলাদেশ ব্যাংকের তথ্য মতে, ২০২৩-২০২৪ অর্থবছরের প্রথম ৫ মাসে মোট FDI এসেছে ১৮৪ কোটি ৫০ লাখ মার্কিন ডলার। ২০২২-২০২৩ অর্থবছরের FDI এসেছিল ২১৫ কোটি ৮০ লাখ মার্কিন ডলার। FDI আহরণে এ ব্যর্থতার মূল কারণ হচ্ছে আমরা সঠিকভাবে অর্থনৈতিক কূটনীতি পরিচালনা করতে পারিনি। এই দিকে আরও জোর দিলে কূটনৈতিকভাবে ব্যাপক সফল হওয়ার সম্ভাবনা রয়েছে।

■ বাংলাদেশের জলবায়ু কূটনীতি

জলবায়ু পরিবর্তনে উল্লেখযোগ্য অবদান না থাকা সত্ত্বেও এর অভিঘাতে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে স্বল্পোন্নত দেশগুলো। ২০২৪ সালে জাতিসংঘের এক আলোচনায় অর্থনীতিবিদরা জানায় যে, উন্নয়নশীল দেশগুলোতে জলবায়ু পরিবর্তন মোকাবিলায় ২০৩০ সালের মধ্যে বছরে অন্তত ১ ট্রিলিয়ন ডলার প্রয়োজন। জলবায়ু কূটনীতিতে বাংলাদেশের নেতৃত্ব শুধু জলবায়ু-সংবেদনশীল দেশগুলোর দুর্দশার বিষয়ে সচেতনতাই বাড়ায়নি বরং উন্নত দেশগুলোর কাছ থেকে জলবায়ু অর্থায়ন ও অভিযোজন সহায়তার প্রতিশ্রুতিও অর্জন করেছে।

প্রতিবেশি রাষ্ট্রের সাথে কূটনৈতিক সম্পর্ক

বাংলাদেশ এবং ভারত ৪,১৫৬.৫৬ কিমি দীর্ঘ আন্তর্জাতিক সীমানা ভাগাভাগি করে, এটা বিশ্বের পঞ্চম দীর্ঘতম ভূমি সীমানা। বাংলাদেশের সাথে ভারতের সীমানা রয়েছে, ভারতের পশ্চিমবঙ্গ, আসাম, ত্রিপুরা, মিজোরাম ও মেঘালয় রাজ্যের। বাংলাদেশ ও ভারতে মধ্যে যেমন রয়েছে অত্যন্ত নিবিড় সম্পর্ক তেমনি রয়েছে বেশকিছু উদ্বেগেরও বিষয়, তারমধ্যে ভারতের সীমান্তে মানবাধিকার লঙ্ঘন, জলভাগের সমস্যা, রাজনৈতিক হস্তক্ষেপ, সীমান্ত অপরাধ ও পাচার, বিভিন্ন অসম চুক্তিসহ রোহিঙ্গা সংকটে ভারতের নেতিবাচক ভূমিকা উল্লেখযোগ্য।

বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত ভূ-কৌশলগত কারণে বাংলাদেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। মিয়ানমারের সাথে বাংলাদেশের সীমান্ত রয়েছে রাঙ্গামাটি, বান্দরবান ও কক্সবাজার। বাংলাদেশ-মিয়ানমারের সীমারেখা ২৭১ কি.মি.। বাংলাদেশের জ্বালানি নিরাপত্তা ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে মিয়ানমার বড় সহায়ক দেশ হতে পারে। মিয়ানমার সীমান্তবর্তী রাজ্যে যে সহিংসতা চলছে, তা নিয়ে বাংলাদেশ বেশ উদ্বিগ্ন। এই সহিংস পরিস্থিতিতে নতুন করে রোহিঙ্গা শরণার্থী প্রবেশের আশঙ্কা, মিয়ানমারের সামরিক জান্তার বিরুদ্ধে সশস্ত্র বিদ্রোহী জাতিগোষ্ঠী 'থ্রি ব্রাদারহুড অ্যালায়েন্স' যে সাঁড়াশি আক্রমণের প্রভাব বাংলাদেশের সাথে মিয়ানমারের পররাষ্ট্রনীতি হুমকির মুখে পড়েছে।

বাংলাদেশের পররাষ্ট্রনীতির চ্যালেঞ্জসমূহ

- **ভৌগোলিক ও অর্থনৈতিক অবস্থান :** বাংলাদেশ একটি উপমহাদেশীয় দেশ যা দুটি বৃহৎ শক্তির, চীন এবং ভারতের মধ্যে অবস্থিত। বাংলাদেশ অর্থনৈতিক উন্নয়নের জন্য বিদেশি সহায়তা ও বিনিয়োগের উপর নির্ভরশীল। এই অবস্থান বাংলাদেশের পররাষ্ট্রনীতির জন্য একটি গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ।
- **সামাজিক ও রাজনৈতিক অস্থিতিশীলতা :** বাংলাদেশ একটি বহুজাতিক ও বহুধর্মী দেশ যা সামাজিক ও রাজনৈতিক অস্থিতিশীলতার সম্মুখীন। এই অবস্থান বাংলাদেশের পররাষ্ট্রনীতির জন্য একটি অন্তর্নিহিত চ্যালেঞ্জ।
- **আঞ্চলিক স্বার্থের পার্থক্য :** বাংলাদেশ দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা (SAARC) এবং দক্ষিণ-পূর্ব এশীয় দেশগুলোর সংস্থা (ASEAN) উভয়েরই সদস্য। প্রতিটি সংস্থার নিজস্ব স্বার্থ এবং অগ্রাধিকার রয়েছে, যা কখনও কখনও বাংলাদেশের স্বার্থের সাথে সংঘর্ষে লিপ্ত হতে পারে।
- **আন্তর্জাতিক নিষেধাজ্ঞা :** বাংলাদেশ অতীতে মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইউরোপীয় ইউনিয়নের অর্থনৈতিক নিষেধাজ্ঞার সম্মুখীন হয়েছে, যা দেশটির বৈদেশিক নীতির উদ্দেশ্যগুলো অনুসরণ করার ক্ষমতার উপর নেতিবাচক প্রভাব ফেলেছে।

পররাষ্ট্রনীতি ও কূটনীতি শক্তিশালীকরণে করণীয়

বাংলাদেশকে তার ভৌগোলিক অবস্থানের কারণে ভারত ও চীনের সাথে সু-সম্পর্ক বজায় রাখতে হবে। এটি বাংলাদেশের স্বার্থের জন্য অপরিহার্য। এর সাথে বাংলাদেশকে বিশ্ব অর্থনীতিতে অংশগ্রহণের মাধ্যমে তার অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করতে হবে, যা বাংলাদেশের জন্য একটি গুরুত্বপূর্ণ লক্ষ্য। বাংলাদেশ তার পররাষ্ট্রনীতির মাধ্যমে এই চ্যালেঞ্জগুলো মোকাবিলায় সফল হতে পারে, যদি সে তার স্বার্থের সাথে সামঞ্জস্যপূর্ণ একটি কার্যকর পররাষ্ট্রনীতি প্রণয়ন ও বাস্তবায়ন করতে পারে।

নরওয়ে দ্বিতীয় বিশ্বযুদ্ধকালে (১৯৪০-১৯৪৫) নাৎসি বাহিনী জার্মানির দখলে ছিল

www.abswer.com

www.abswer.com

৪৬তম বিসিএস লিখিত
Exclusive Suggestion

Bangladesh & International Affairs

পর্ব ২

বাংলাদেশ বিষয়াবলি

♦ ছাত্র-জনতার গণঅভ্যুত্থান
- জুলাই প্রোক্লেমেশন
- গণঅভ্যুত্থানের মাধ্যমে সাংস্কৃতিক দিক
- গণঅভ্যুত্থানে প্রবাসীদের অবদান
- জুলাই বিপ্লবের অর্জন
- অভ্যুত্থানে নারীদের অবদান
- জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তর
- ART OF TRIUMPH

♦ ড. মুহাম্মদ ইউনূস
- নেশন বিল্ডার
- জাতীয় ঐক্যমত গঠন
- রেভল্যুশনারি ইকনোমিস্ট
- বহির্বিশ্বে দেশের ভাবমূর্তি উন্নয়নে ভূমিকা

♦ শিক্ষা
- শিক্ষাক্রমের নতুন মূল্যায়ন পদ্ধতি
- স্থায়ী শিক্ষাক্রমের গুরুত্ব
- বহুমুখী শিক্ষা বনাম একমুখী শিক্ষা
- চিকিৎসা শিক্ষা অ্যাক্রেডিটেশন কাউন্সিল
- জাতীয় অধ্যাপক

♦ চুক্তি
- দ্বৈত কর পরিহার চুক্তি
- বাংলাদেশ-জাপান অংশীদারত্ব চুক্তি
- এপোস্টল কনভেনশনে বাংলাদেশ
- বন্দি বিনিময় চুক্তি
- BBNJ চুক্তিতে বাংলাদেশ
- VCLT'র পক্ষভুক্ত বাংলাদেশ

♦ আইন আদালত
- সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯
- নির্বাহী বিভাগ ও বিচার বিভাগ পৃথকের কারণ ও ফলাফল
- সংবিধান সংস্কার
- বিচারপতি অপসারণের ক্ষমতা
- অত্যাবশ্যকীয় পণ্য আইন, ২০২৪
- অ্যাটর্নি জেনারেল

♦ প্রতিরক্ষা
- বাংলাদেশের প্রতিরক্ষা নীতি
- আধুনিক যুদ্ধাস্ত্রের প্রয়োজনীয়তা
- প্রতিরক্ষা সহযোগী দেশের ভূমিকা

♦ যোগাযোগ
- এক্সপ্রেসওয়ে
- ট্রানজিট
- বাংলাদেশে রেল যোগাযোগের ভূমিকা ও করণীয়
- বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের উন্নয়নের প্রয়োজনীয়তা

♦ পরিবেশ
- বায়ুদূষণ
- শব্দদূষণ
- ট্রাফিক জ্যাম
- জলবায়ু পরিবর্তন মোকাবিলায় গৃহীত পদক্ষেপ
- প্লাস্টিক ও ইলেক্ট্রনিক্স বর্জ্য

♦ বিদ্যুৎ
- বাংলাদেশের নবায়নযোগ্য জ্বালানি বিদ্যুতের সম্ভাবনা ও গুরুত্ব
- বিদ্যুৎ আমদানির ফলাফল
- বিদ্যুৎ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতার উপায়
- ক্যাপাসিটি চার্জের কারণ ও ফলাফল
- পারমাণবিক বিদ্যুৎ : উপকার ও ক্ষতি

♦ দুর্যোগ
- নদী দূষণ
- আকস্মিক বন্যা
- ভূমিকম্প
- অগ্নিদুর্ঘটনা
- দুর্যোগ মোকাবিলায় বাংলাদেশের প্রস্তুতি

♦ সরকার-প্রশাসন
- আন্তঃক্যাডার দ্বন্দ্ব ও বৈষম্য
- পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (PPP)
- সুশাসনে জেলা প্রশাসন
- জাতীয় সেমিকন্ডাক্টর টাস্কফোর্স

♦ দ্বিপাক্ষিক সম্পর্ক
- বাংলাদেশ : ১. মিয়ানমার ২. ভারত ৩. পাকিস্তান ৪ চীন ৫. যুক্তরাষ্ট্র ৬. রাশিয়া ৭. EU ৮. তুরস্ক।

♦ ক্রিয়েটিভ রাইটিং
- দেশের সামগ্রিক উন্নয়নে নদীবন্দর ও স্থলবন্দরের গুরুত্ব
- GI পণ্যের প্রয়োজনীয়তা
- দেশের অর্থনীতিতে বঙ্গোপসাগরে তেল-গ্যাসের গুরুত্ব
- তৈরি পোশাক শিল্পের সম্ভাবনা ও করণীয়
- বাংলাদেশে ওষুধ শিল্পের সম্ভাবনা ও ওষুধ শিল্প পার্ক
- বিশ্ব প্রামাণ্য ঐতিহ্যে বাংলাদেশ
- বাংলাদেশের EPI কর্মসূচীর গুরুত্ব
- কলম্বো সিকিউরিটি কনক্লেভে বাংলাদেশের অন্তর্ভুক্তি ও ফলাফল
- কৃষির উন্নয়ন ও খাদ্য স্বয়ংসম্পূর্ণতায় ফসলের নতুন ও উচ্চ ফলনশীল জাত আবিষ্কারের গুরুত্ব
- গণতন্ত্র ও নতুন রাজনৈতিক দলের নিবন্ধন
- পার্বত্য চট্টগ্রামের স্থিতিশীলতায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর উন্নয়ন ও অন্যান্য করণীয়
- সমৃদ্ধ বাংলাদেশ গঠনে প্রবাসী আয়ের ভূমিকা
- পল্লী উন্নয়ন একাডেমি

♦ বিবিধ
- পানি আগ্রাসনের শিকার বাংলাদেশ : সম্ভাব্য প্রতিকার
- জাতীয় কবির রাষ্ট্রীয় স্বীকৃতি
- কমোডিটি এক্সচেঞ্জ
- প্রবাসীদের ভোটাধিকার
- আউটসোর্সিংয়ে বাংলাদেশের সম্ভাবনা
- মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাসের গুরুত্ব

www.abswer.com

www.abswer.com

আন্তর্জাতিক বিষয়াবলি

♦ মধ্যপ্রাচ্য
- বাশার আল-আসাদের পতন
- সিরিয়ার সশস্ত্র সংগঠন
- ফিলিস্তিন রাষ্ট্রের বৈশ্বিক স্বীকৃতি
- চাবাহার সমুদ্র বন্দর
- মাহমুদ আব্বাসের উত্তরসূরী
- ভূ-রাজনৈতিক জটিল সমীকরণে মধ্যপ্রাচ্য

♦ যুক্তরাষ্ট্র
- সরকার ব্যবস্থা
- নির্বাচনি ব্যবস্থা
- নতুন বাণিজ্য নীতি/ট্রাম্পের বাণিজ্য নীতি
- মেক্সিকোর সাথে সীমান্ত ও অভিবাসী সমস্যা
- মধ্যপ্রাচ্যের স্থিতিশীলতায় যুক্তরাষ্ট্রের ভূমিকা

♦ চীন
- BRI প্রকল্প
- Global Development Initiative
- Global Security Initiative
- Global Civilization Initiative
- চীন ও তাইওয়ানের সাম্প্রতিক সম্পর্ক
- জন্মহার বাড়াতে নানা উদ্যোগ
- চীন-আফ্রিকা সম্পর্ক
- চীন-রাশিয়া সম্পর্ক

♦ ইউরোপ
- জার্মানির রাজনৈতিক সংকট
- গ্রিনল্যান্ড
- ফ্রান্সের রাজনৈতিক সংকট
- জার্মানিতে অপরচুনিটি কার্ড
- সীমান্তে কঠোর নিয়ন্ত্রণ : শেনজেন ও ইউরোপীয় ইউনিয়েনের ভবিষ্যৎ
- অভিবাসী স্থানান্তরে ইতালি-আলবেনিয়া চুক্তি

♦ জাতিসংঘ
- জাতিসংঘ সনদের ৯৯ ও ৩৭৭ ধারা
- ৭৯তম অধিবেশন
- ভারতের স্থায়ী সদস্য হওয়ার আগ্রহ
- বিশ্ব শান্তি রক্ষায় ভূমিকা ও ব্যর্থতা

♦ রাশিয়া
- নাইজেরিয়ায় রুশ সেনাবাহিনী
- আফ্রিকায় চীনের প্রভাব
- আফ্রিকায় তুরস্কের প্রভাব
- আফ্রিকার দেশে সামরিক অভ্যুত্থানের কারণ ও ফলাফল
- আফ্রিকায় বাংলাদেশের বাণিজ্যিক ভবিষ্যৎ

♦ মিয়ানমার
- ন্যাশনাল ইউনিটি গভর্নমেন্ট
- থ্রি-ব্রাদারহুড অ্যালায়েন্স
- ওয়াটারমেলন গুপ্তচর বাহিনী
- অপারেশন ১০২৭
- সাম্প্রতিক পরিস্থিতি
- ব্রিগেড ৬১১

♦ কূটনীতি
- কনস্যুলেট হামলা : আন্তর্জাতিক আইন
- 'সংঘবদ্ধ অপপ্রচার' বন্ধে কূটনীতি
- কূটনৈতিক অতি তৎপরতা বন্ধে আন্তর্জাতিক আইন

♦ সংস্থা-সংগঠন
- OPEC+
- D-8
- WTO
- Commonwealth
- NASA, CERN
- BIMSTEC
- MERCOSUR

♦ সমরাঙ্গন
- হাইপারসনিক ক্ষেপণাস্ত্র
- ICBM
- ওরেশনিক ক্ষেপণাস্ত্র
- শুল্ক যুদ্ধ

♦ চুক্তি-জোট
- CEPA
- FTA
- গুজব মোকাবিলায় নতুন জোট
- বিমসটেকের সনদ কার্যকর
- দ্বৈত কর আরোপ পরিহার চুক্তি
- ট্রিনিটি হাউস এগ্রিমেন্ট

♦ দীর্ঘমেয়াদি ফলাফল
- মালি-নাইজেরিয়া-বুরকিনা ফাসো কনফেডারেশন
- জার্মানিতে মার্কিন ক্ষেপণাস্ত্র মোতায়েন
- ইউরোপের সুয়েজ খাল
- তিব্বতে বিশ্বের সর্ববৃহৎ জলবিদ্যুৎ বাঁধ
- চীনের সাথে মালদ্বীপের প্রতিরক্ষা চুক্তি ও ভারতের সেনা প্রত্যাহার

♦ বিবিধ
- সোমালিয়ান জলদস্যু
- বিভিন্ন দেশের চন্দ্রাভিযানের নেপথ্যের কথা
- বৈশ্বিক অভিবাসী ও শরণার্থী সমস্যা
- টিকা কূটনীতি
- পানামা খাল
- চাগোস দ্বীপপুঞ্জ

তথ্যকোষ
- অর্থনৈতিক অঞ্চল
- টাকা-পে (Taka Pay)
- পারচেজিং ম্যানেজারস ইনডেক্স (PMI)
- অর্থঋণ আদালত
- পঞ্চবার্ষিকী পরিকল্পনা
- পারমাণবিক জ্বালানি
- সবুজ জ্বালানি
- রিজিওনাল কনফ্লিক্ট
- সিলেকটিভ জেনোসাইড
- ডিজিটাল ক্র্যাক ডাউন
- ডিপ্লোমেটিক নোট
- ন্যায়পাল
- ধ্রুপদি ভাষা
- ডিজিটাল মুদ্রা
- ফিফথ কলামিস্ট
- আর্মচেয়ার পলিটিশিয়ান
- ব্লকচেইনভিত্তিক পেমেন্ট সিস্টেম
- হর্স ট্রেডিং (Horse Trading)
- কারেন্সি সোয়াপ
- বাণিজ্য যুদ্ধের নতুন অস্ত্র 'দুর্লভ খনিজ পদার্থ'
- এশিয়ান টাইগার, নেক্সট এশিয়ান টাইগার
- ক্রনি কেপিটালিজম

www.abswer.com

সুইডেনের রাষ্ট্রীয় নাম Kingdom of Sweden

www.abswer.com

৪৭তম বিসিএস প্রিলিমিনারি

বাংলাদেশ সিভিল সার্ভিসের (BCS) জন্য কয়েকটি ধাপে ক্যাডার নির্বাচন করা হয়। বিসিএসের প্রথম ধাপ প্রিলিমিনারি পরীক্ষায় পাস করার জন্য আপনি যদি একটু কৌশলী হন, তাহলেই প্রিলিমিনারি পাস করা অনেক সহজ হয়। ৪৭তম বিসিএস আয়োজনে বিষয়ভিত্তিক গুরুত্বপূর্ণ অধ্যায়ের টিপস নিয়ে আমাদের ধারাবাহিক আয়োজনের শেষ পর্বে থাকছে ভূগোল, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা; নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন; গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা।

ভূগোল, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা

সম্ভাব্য প্রশ্নাবলি

- ✓ বাংলাদেশের সর্ব দক্ষিণের ইউনিয়ন— সেন্টমার্টিন দ্বীপ।
- ✓ বাংলাদেশের সর্ববৃহৎ দ্বীপ— ভোলা।
- ✓ অতীতে যে দেশ উপনিবেশে পরিণত হয়নি — থাইল্যান্ড।
- ✓ দক্ষিণ-পূর্ব এশিয়ার যে দেশটি স্পেনীয় সম্রাজ্যভুক্ত ছিল— ফিলিপাইন।
- ✓ পৃথিবীর বৃহত্তম উপদ্বীপ— আরব উপদ্বীপ।
- ✓ পৃথিবীর বৃহত্তম সুড়ঙ্গ পথের নাম— চ্যানেল টানেল।
- ✓ শহিদী স্কয়ার (পূর্বনাম গ্রিন স্কয়ার) অবস্থিত— ত্রিপোলি, লিবিয়া।
- ✓ বেলিজের পূর্বনাম— ব্রিটিশ হন্ডুরাস।
- ✓ বাংলাদেশের প্রথম মানচিত্র আঁকেন— জেমস রেনেল।
- ✓ বাংলাদেশের মহীসোপানের সীমা— ৩৫০ নটিক্যাল মাইল।
- ✓ চীনের সঙ্গে স্থলসীমা রয়েছে— ১৪টি দেশের সাথে।
- ✓ গোলান মালভূমি অবস্থিত— সিরিয়ায়।
- ✓ ইউরোপের দীর্ঘতম নদী— ভলগা।
- ✓ নর্দান লিমিট লাইন হলো— উত্তর ও দক্ষিণ কোরিয়ার মধ্যে চিহ্নিত সমুদ্রসীমা।
- ✓ ত্রিপুরা ও মিজোরামের সাথে সীমান্ত জেলা— ১টি (রাঙ্গামাটি)।
- ✓ বাংলাদেশ ও ভারতের মধ্যে সীমান্ত চিহ্নিতকরণের লক্ষ্যে গঠিত কমিটি— Joint Boundary Working Groups (JBWG)।
- ✓ বাংলাদেশে স্থল সীমান্ত চুক্তি পাশ হয়— বাংলাদেশ সংবিধানের ৩য় সংশোধনীর মাধ্যমে।
- ✓ বাংলাদেশের সর্বোচ্চ ভবনের নাম— সিটি সেন্টার।
- ✓ বাংলার রাজধানী সোনারগাঁওয়ে স্থাপন করেন— ঈসা খান।
- ✓ উত্তর আয়ারল্যান্ডের রাজধানী ও প্রধান শিল্পকেন্দ্র— বেলফাস্ট।
- ✓ মাতারবাড়ি গভীর সমুদ্রবন্দর নির্মাণ একনেকে অনুমোদিত হয়— ১০ মার্চ ২০২০।
- ✓ বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ— নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনে।
- ✓ টাইটানিক জাহাজের নির্মাতা প্রতিষ্ঠান— হোয়াইট স্টার মাইন।
- ✓ পরাজাস বিমানবন্দর অবস্থিত— স্পেনে।
- ✓ যুক্তরাজ্যের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ হলো— রেন নেভিস।
- ✓ পৃথিবীর ছাদ বলা হয়— পামীর মালভূমিকে।
- ✓ 'দিয়াগো গার্সিয়া' দ্বীপ অবস্থিত— ভারত মহাসাগরে।
- ✓ 'সেনকাকু দ্বীপ'— পূর্ব চীন সাগরে অবস্থিত।
- ✓ গ্রেট আমেরিকা হচ্ছে— একটি মরুভূমি।
- ✓ বিশ্বের বৃহত্তম উপসাগর— মেক্সিকো উপসাগর ও বঙ্গোপসাগর।
- ✓ উইল্যান্ড খাল অবস্থিত— কানাডা।
- ✓ পৃথিবীর রুটির ঝুড়ি বলা হয়— প্রেইরি অঞ্চলকে।
- ✓ বাংলাদেশের অভ্যন্তরে গঙ্গা নদীর একমাত্র উপনদীর নাম— মহানন্দা।
- ✓ শাহবাজপুর দ্বীপের বর্তমান নাম— ভোলা।
- ✓ 'চর মাদ্রাজ' অবস্থিত— চরফ্যাশন, ভোলা।
- ✓ ঋজুক জলপ্রপাত অবস্থিত— বান্দরবানের রুমায়।
- ✓ স্বর্ণা সার আবিষ্কার করেন— বাংলাদেশের বিজ্ঞানী ড. আব্দুল খালেক।
- ✓ 'শস্যভান্ডার' হিসেবে পরিচিত— বরিশাল জেলা।
- ✓ 'খরিপ শস্য' বলতে বোঝায়— গ্রীষ্মকালীন শস্যকে।
- ✓ সারিকা-১ হচ্ছে— উন্নত জাতের ধান।
- ✓ বাংলাদেশের দ্বিতীয় অর্থকরী ফসল— আলু।
- ✓ পীতরাজ হচ্ছে— দেশের অন্যতম তেলবীজ।
- ✓ টিপাইমুখ বাঁধ অবস্থিত— ভারতের মণিপুর রাজ্যে।
- ✓ বাংলাদেশের সবচেয়ে বড় সেচ প্রকল্প— তিস্তা সেচ প্রকল্প।
- ✓ বাংলাদেশে পরিবেশ নীতি ঘোষণা করা হয়— ১৯৯২ সালে।
- ✓ সূর্যকন্যা বলা হয়— তুলা গাছকে।
- ✓ দেশের প্রথম চিংড়ি গবেষণা কেন্দ্র অবস্থিত— টেকনাফে।
- ✓ দৈনিক সবচেয়ে বেশি গ্যাস উত্তোলন করা হয়— বিবিয়ানা গ্যাসক্ষেত্র থেকে।
- ✓ দেশের বৃহত্তম বায়ুবিদ্যুৎ কেন্দ্র অবস্থিত— খুরুশকুল, কক্সবাজার।
- ✓ পৃথিবীর মোট দরিদ্র জনসংখ্যার মধ্যে বাংলাদেশে রয়েছে— ৫%।
- ✓ বাংলাদেশ মন্ট্রিল প্রটোকল স্বাক্ষর করে— ২ আগস্ট ১৯৯০।
- ✓ বৃষ্টিপাত পরিমাপক যন্ত্রের নাম— রেইনগেজ।

সুইডেনের নামটি প্রোটো-ইন্দো-ইউরোপীয় শব্দমূল থেকে এসেছে যার অর্থ নিজের

www.abswer.com

www.abswer.com

✓ বাংলাদেশে সকল ধরনের পলিথিন ব্যাগের উৎপাদন, ব্যবহার ও বাজারজাতকরণ প্রথম নিষিদ্ধ করে— ১ মার্চ ২০০২।
✓ বাংলাদেশে আবহাওয়া পর্যবেক্ষণাগার— ৬১টি।
✓ ঘন গভীর বনের মাটি সব সময়— আর্দ্র থাকে।
✓ আখ চাষের জন্য বৃষ্টিপাতের প্রয়োজন হয়— ১৫০ সেন্টিমিটার।
✓ পরিবেশবান্ধব পাটের তৈরি পলিথিন (সোনালি ব্যাগ) উদ্ভাবন করেন— ড. মুবারক আহমদ খান।
✓ সবার জন্য টেকসই জ্বালানি দশক— ২০১৪-২৪।
✓ WMO-এর পূর্ণরূপ— World Meteorological Organization।
✓ IUCN হলো— জীববৈচিত্র্য সংরক্ষণবাদী সংস্থা।
✓ WWF প্রতিষ্ঠিত হয়— ২৯ এপ্রিল ১৯৬১।
✓ COP29 সম্মেলনের সময়কাল— ১১-২২ নভেম্বর ২০২৪।
✓ বাংলাদেশ ভিয়েনা কনভেনশন অনুমোদন করে— ২ আগস্ট ১৯৯০।
✓ 'মন্ট্রিল প্রটোকল' কার্যকর হয়— ১ জানুয়ারি ১৯৮৯।
✓ কিয়োটো প্রটোকল বাস্তবায়নের জন্য অনুমোদন প্রয়োজন ছিল— ১৪৪টি দেশের।
✓ নদীবন্দরের জন্য সতর্ক সংকেত— ৪টি।
✓ ভূমিকম্পের দিক দিয়ে বাংলাদেশের সবচেয়ে কম ঝুঁকিপূর্ণ অঞ্চল— দক্ষিণ-পশ্চিম অঞ্চল।
✓ 'টর্নেডো' শব্দটি— স্প্যানিশ।
✓ বন্যা প্রতিরোধে শহরে নির্মিত বাঁধকে বলা হয়— বেস্টনীমূলক বাঁধ।
✓ দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচির প্রথম পর্বের কাজ শেষ হয়— ২০০৯ সালে।
✓ 'স্পারসো' যে মন্ত্রণালয়ের অধীন— প্রতিরক্ষা।
✓ দুর্যোগের বার্তা প্রেরণ করা হয়— তিনটি পদ্ধতিতে।

বিগত সালের প্রশ্ন

✓ বাংলাদেশের সর্ববৃহৎ গ্যাসক্ষেত্র— তিতাস।
✓ বাংলাদেশের প্রথম কয়লানির্ভর বিদ্যুৎ কেন্দ্র অবস্থিত— বড়পুকুরিয়া, দিনাজপুর।
✓ ডাউকি ফল্ট বরাবর প্রচণ্ড ভূমিকম্পের পর বাংলাদেশের যে নদীর গতিপথ পরিবর্তন হয়— ব্রহ্মপুত্র নদী।
✓ ইউরোপীয় ইউনিয়নের সদস্য নয়— আলজেরিয়া।
✓ যে দেশটি ইউরোপের বাল্টিক অঞ্চলে অবস্থিত নয়— অস্ট্রিয়া।
✓ ইউরোপের ককপিট বলা হয়— বেলজিয়ামকে।
✓ নিশীথ সূর্যের দেশ নামে পরিচিত— নরওয়ে।
✓ যে দেশের সাথে বাংলাদেশের আন্তর্জাতিক সীমানা রয়েছে— মিয়ানমার ও ভারত।
✓ 'লাইন অব কন্ট্রোল' যে দুটি রাষ্ট্রের সীমান্তবর্তী রেখা চিহ্নিত করে— ভারত ও পাকিস্তান।
✓ মিয়ানমারের সাথে বাংলাদেশের সীমান্ত রয়েছে— ৩টি জেলার।
✓ আফ্রিকার সাব-সাহারা অঞ্চলকে যে নামে অভিহিত করা হয়— সাহেল।
✓ বাংলাদেশের সবচেয়ে প্রাচীন বসতি— পুণ্ড্রবর্ধন।
✓ গ্রেট হল অবস্থিত— চীনে।
✓ 'বেঙ্গল ফ্যান' ভূমিরূপটি অবস্থিত— বঙ্গোপসাগরে।
✓ গ্রিনল্যান্ডের মালিকানায় রয়েছে— ডেনমার্কের।
✓ 'তিব্বত' একটি— উপত্যকা।
✓ পৃথিবীর গভীরতম স্থান যে মহাসাগরে অবস্থিত— প্রশান্ত মহাসাগরে।
✓ হোয়াংহো নদীর উৎপত্তি স্থল— কুনলুন পর্বতে।
✓ বাংলাদেশের যেখানে প্লাইস্টোসিন কালের সোপান দেখা যায়— কুমিল্লায়।
✓ ভূতাত্ত্বিকভাবে বাংলাদেশের সবচেয়ে পুরাতন ভূমিরূপ গঠিত হয়— টারশিয়ারি যুগে।
✓ বাংলাদেশের যে অঞ্চল বেশি খরাপ্রবণ— উত্তর-পশ্চিম অঞ্চল।
✓ বাংলাদেশের নবীনতম নদী— মেঘনা।
✓ যে উপজেলা সবচেয়ে বেশি নদীভাঙ্গণ প্রবণ— নড়িয়া।
✓ প্রান্তিক হ্রদ যে জেলায় অবস্থিত— বান্দরবান জেলায়।
✓ বাংলাদেশের যে বনভূমি শালবৃক্ষের জন্য বিখ্যাত— ভাওয়াল ও মধুপুরের বনভূমি।
✓ জলজ উদ্ভিদ নয়— গজারি।
✓ বাংলাদেশের লাউয়াছড়া জাতীয় উদ্যান যে ধরনের— ক্রান্তীয় চিরহরিৎ, আধা-চিরহরিৎ জাতীয়।
✓ বাংলাদেশের সর্ববৃহৎ গ্যাসক্ষেত্র— তিতাস।
✓ বিশ্বব্যাপী যে অর্থনৈতিক খাত থেকে সবচেয়ে বেশি গ্রিন হাউস গ্যাস নির্গত হয়— বিদ্যুৎ ও তাপ উৎপাদন।
✓ নবায়নযোগ্য সম্পদ— বায়ু।
✓ Lunar eclipse cccurs on— A full moon day.
✓ ক্রমহ্রাসমান হারে ওজোনস্তর ক্ষয়কারী উপাদান বিলীনের বিষয়টি বলা হয়— মন্ট্রিল প্রটোকল চুক্তিতে।
✓ জলবায়ুর উপাদান নয়— সমুদ্রস্রোত।
✓ বিশ্ব পরিবেশ দিবস— ৫ জুন।
✓ International Union for Conservation of Nature (IUCN) প্রতিষ্ঠিত হয়— ১৯৮৪ সালে; ফ্রান্সে।
✓ ভূমিকম্প সংঘটন বিন্দুর সরাসরি উপরে ভূপৃষ্ঠের বিন্দুকে বলে— এপিসেন্টার।
✓ যে দুর্যোগের কার্যকর পূর্বাভাস দেওয়া সম্ভব নয়— ভূমিকম্প।
✓ দুর্যোগ ব্যবস্থাপনা চক্রের যে স্তরটি বেশি ব্যয়বহুল— প্রশমন।
✓ UDMC-এর পূর্ণরূপ হলো— Union Disaster Management Committee।
✓ নিরক্ষীয় তল থেকে উত্তর মেরুর কৌণিক দূরত্ব বা উৎপন্ন কোণ— ৯০°।

সুইডেনের রাজধানী স্টকহোম

www.abswer.com

www.abswer.com

নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন

■ সুশাসন

✓ সুশাসনের ইংরেজি প্রতিশব্দ— Good Governance।
✓ সুশাসনের পূর্বশর্ত— মত প্রকাশের স্বাধীনতা, মানবাধিকার প্রতিষ্ঠা, ন্যায়বিচার প্রতিষ্ঠা, স্বচ্ছতা ও জবাবদিহিতা ইত্যাদি।
✓ বিশ্বব্যাংকের মতে সুশাসনের লক্ষ্য ও উদ্দেশ্য— টেকসই উন্নয়ন সাধন করা।
✓ জাতিসংঘের মতে সুশাসনের লক্ষ্য ও উদ্দেশ্য— মৌলিক স্বাধীনতার উন্নয়ন।
✓ UNDP-এর মতে সুশাসনের লক্ষ্য ও উদ্দেশ্য— অর্থপূর্ণ রাজনৈতিক পরিবেশ প্রতিষ্ঠা।
✓ সুশাসনের মূলভিত্তি— আইনের শাসন।
✓ সুশাসনের চালিকাশক্তি— স্বচ্ছতা।
✓ সুশাসনের মূল চাবিকাঠি— জবাবদিহিতা।
✓ সুশাসনের অন্তরায়— দুর্নীতি ও স্বজনপ্রীতি।
✓ সুশাসনের মানদণ্ড— জনগণের সন্তুষ্টি।
✓ Fourth Estate বলা হয়— গণমাধ্যমকে।
✓ Fifth Estate বলা হয়— সুশীল সমাজকে।

■ মূল্যবোধ

✓ মূল্যবোধ বিষয়টি নির্ভরশীল— নৈতিকতার ওপর।
✓ মূল্যবোধের অপরিহার্য উপাদান— শৃঙ্খলা।
✓ মূল্যবোধের বহিঃপ্রকাশ ঘটে— আচার-আচরণের মধ্য দিয়ে।
✓ মূল্যবোধ গড়ে ওঠার পেছনে সহায়ক হিসেবে কাজ করে— পরিবার, ধর্ম, শিক্ষা প্রতিষ্ঠান, আইন-কানুন, সংবিধান ইত্যাদি।
✓ সামাজিক মূল্যবোধ হলো— ন্যায়পরায়নতা, সততা, শিষ্টাচার, সহনশীলতা ইত্যাদি।
✓ মূল্যবোধের চালিকা শক্তি— সংস্কৃতি।
✓ মূল্যবোধ শিক্ষার শুরু হয়— পরিবার থেকে।
✓ মূল্যবোধ নির্ধারিত হয়— নৈতিকতার মাধ্যমে।
✓ মানুষের বাহ্যিক ও অভ্যন্তরীণ আচরণকে নিয়ন্ত্রণ করে— মূল্যবোধ।
✓ জাতীয় জীবনের দর্পণস্বরূপ— মূল্যবোধ।
✓ আইনের ভিত্তি হিসেবে কাজ করে— মূল্যবোধ।
✓ বয়স ও সময়ের সাপেক্ষে পরিবর্তিত হয়— মূল্যবোধ।
✓ মূল্যবোধ দৃঢ় হয়— শিক্ষার মাধ্যমে।

■ নৈতিকতা

✓ নৈতিকতার ইংরেজি প্রতিশব্দ— Morality।
✓ Moralitas-এর অর্থ— সঠিক আচরণ বা চরিত্র।
✓ নৈতিকতা বাহ্যিক আচরণের পাশাপাশি নিয়ন্ত্রণ করে — মানুষের চিন্তাকেও।
✓ নৈতিকতার উৎস— প্রথা, বিবেক, জ্ঞান ও ধর্ম।
✓ মূল্যবোধের অপরনাম— নৈতিকতা।
✓ নৈতিকতার প্রতি প্রথম গুরুত্ব আরোপ করেন— সক্রেটিস।
✓ নৈতিকতার লক্ষ্য— মানুষের কল্যাণ করা।

উক্তি

■ সুশাসন

✓ রাষ্ট্রের সকল ক্ষেত্রে উন্নয়নের জন্য সুশাসন আবশ্যক — মিশেল ক্যামডেমাস।
✓ শাসক যদি ন্যায়পরায়ণ হয় তাহলে আইন নিষ্প্রয়োজন, আর শাসক যদি দুর্নীতিপরায়ণ হয় তাহলে আইন নিরর্থক— প্লেটো।
✓ আইনের চোখে সকলেই সমান—অধ্যাপক ডাইসি।
✓ অনিয়ন্ত্রিত আমলাতন্ত্র গণতন্ত্রের জন্য হুমকিস্বরূপ— রিচার্ড ক্রসম্যান।

■ মূল্যবোধ

✓ ভালো-মন্দ, কাঙ্ক্ষিত-অনাকাঙ্ক্ষিত এবং ঠিক-বেঠিক সম্পর্কে সমাজে বিদ্যমান ধারণার নামই মূল্যবোধ— শেফার।
✓ মূল্যবোধ হলো আবেগিক ও আদর্শগত ঐক্যের বোধ—ফ্রাঙ্কেল।
✓ যেখানে আইন থাকে না, সেখানে স্বাধীনতা থাকতে পারে না— জন লক।
✓ আমরা 'যা' সেটাই আমাদের সংস্কৃতি এবং আমাদের যা আছে সেটাই হলো সভ্যতা— ম্যাকাইভার।

■ নৈতিকতা

✓ ধর্ম, ঐতিহ্য ও মানব আচরণ-এ তিনটি থেকে নৈতিকতার উদ্ভব— জোনাথন হাইট।
✓ শুভর প্রতি অনুরাগ ও অশুভর প্রতি বিরাগই হচ্ছে নৈতিকতা— ম্যুর।
✓ Virtue is knowledge— সক্রেটিস।

বিভিন্ন দার্শনিক ও তাদের গ্রন্থ

দার্শনিক	পরিচিতি	গ্রন্থ
প্লেটো	গ্রিক দার্শনিক	The Republic
থমাস হবস	ব্রিটিশ দার্শনিক	Leviathan
চার্লস ডিকেন্স	ঔপন্যাসিক	A Christmas Carol
জন স্টুয়ার্ট মিল	ব্রিটিশ দার্শনিক, রাজনৈতিক ও অর্থনীতিবিদ	On Liberty, Utilitarianism
বার্ট্রান্ড রাসেল	ব্রিটিশ গণিতবিদ ও দার্শনিক	Human Society in Ethics Polities, The Problems of Philosophy, Marriage and Morals, Political Ideals
জেরেমি বেন্থাম	ব্রিটিশ দার্শনিক ও সমাজ সংস্কারক	An Introduction to the Principles and Morals and Legislation
এরিস্টটল	গ্রিক দার্শনিক ও বিজ্ঞানী	Nicomachean Ethics
ইমানুয়েল কান্ট	জার্মান ও দার্শনিক	Critique of Practical Reason, Critique of Judgment

স্টকহোমের উপনাম হলো উত্তরের ভেনিস (Venice of the North)

www.abswer.com

www.abswer.com

গাণিতিক যুক্তি

পাটি গণিত

বাস্তব সংখ্যা

♦ **প্রয়োজনীয় টিপস**

✓ ১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা— ২৫টি।

✓ ১ থেকে ৫০ পর্যন্ত মৌলিক সংখ্যা— ১৫টি।

✓ ৫০ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা— ১০টি।

✓ ১ থেকে ১০০ এর মধ্যে প্রতি ১০ অন্তর মৌলিক সংখ্যা মনে রাখা যেতে পারে ৪, ৪, ২টি ২৩২, ২৩২ মিলে ১টি।

✓ একটি সংখ্যা এত থেকে যতবড় এত থেকে তত ছোট এরূপ থাকলে।

সংখ্যাটি হবে $= \frac{\text{এত সংখ্যা + এত সংখ্যা}}{২}$।

✓ দুটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর x হলে,

বড় সংখ্যাটি $= \frac{\text{বর্গের অন্তর + ১}}{২}$

ছোট সংখ্যাটি $= \frac{\text{বর্গের অন্তর - ১}}{২}$

✓ $i^2 = -1, i^3 = -i\omega^3 = 1, 1 + \omega + \omega^2 = 0$।

♦ **প্রশ্নোত্তর**

✓ ২ এবং ৩২ এর মধ্যে মোট মৌলিক সংখ্যা কতটি?— ১০টি।

✓ একমাত্র জোড় মৌলিক সংখ্যা কোনটি?— ২।

✓ সবচেয়ে ছোট মৌলিক সংখ্যা— ২।

✓ $\sqrt{2}$ সংখ্যাটি কী সংখ্যা?— অমূলদ সংখ্যা।

✓ x ও y উভয়ই বিজোড় সংখ্যা হলে জোড় সংখ্যা হবে— x + y।

✓ একটি সংখ্যা ৬৫০ থেকে যত বড় ৮২০ থেকে তত ছোট। সংখ্যাটি কত?— ৭৩৫।

✓ i^{-49} এর মান কত?— –i।

✓ দুটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ২৫১ হলে বড় সংখ্যাটি— ১২৬।

✓ ১০০৮ এর ভাজক আছে— ৩০টি।

[টেকনিক : ১০০৮ = ২ × ২ × ২ × ২ × ৩ × ৩ × ৭ = $২^৪ \times ৩^২ \times ৭^১$

১০০৮ এর ভাজক সংখ্যা = (৪ + ১) × (২ + ১) × (১ + ১) = ৫ × ৩ × ২ = ৩০।]

✓ ২৪৫০ সংখ্যাটিকে সর্বনিম্ন কোন সংখ্যা দ্বারা গুণ করলে, পূর্ণ বর্গ সংখ্যা পাওয়া যাবে?— ২।

[টেকনিক : ২৪৫০ = ২ × ৫ × ৫ × ৭ × ৭ যদি কমপক্ষে ২ দ্বারা গুণ করি তাহলে পূর্ণ বর্গ হবে।]

ল.সা.গু ও গ.সা.গু

♦ **প্রয়োজনীয় সূত্র**

✓ দুটি সংখ্যার গুণফল = ল.সা.গু × গ.সা.গু

✓ ভগ্নাংশের গ.সা.গু $= \frac{\text{লবগুলোর গ.সা.গু}}{\text{হরগুলোর ল.সা.গু}}$

✓ ভগ্নাংশের ল.সা.গু $= \frac{\text{লবগুলোর ল.সা.গু}}{\text{হরগুলোর গ.সা.গু}}$

✓ ল.সা.গু = সংখ্যাগুলোর অনুপাতের গুণফল × গ.সা.গু

✓ গ.সা.গু $= \frac{\text{ল.সা.গু}}{\text{সংখ্যাগুলোর অনুপাতের গুণফল}}$

♦ **প্রশ্নোত্তর**

✓ সর্বমোট যে সংখ্যক গাছ হলে একটি বাগানে ৭,১৪, ২১, ৩৫, ৪২ সারিতে গাছ লাগালে একটিও কম বা বেশি হবে না— ২১০।

✓ কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ১০২ ও ১৮৬ কে ভাগ করলে প্রত্যেকবার ৬ অবশিষ্ট থাকবে?— ১২।

✓ ০, ২, ৩, ৫, এর গ.সা.গু কত?— ১।

✓ ৩টি ঘণ্টা যথাক্রমে ২ ঘণ্টা, ৪ ঘণ্টা, ৬ ঘণ্টা পর পর বাজে। কত ঘণ্টা পরে ৩টি ঘণ্টা একত্রে বাজবে?— ১২ ঘণ্টা।

✓ দুটি সংখ্যার ল.সা.গু ৭২ ও গ.সা.গু ১২। একটি সংখ্যা ৪৮ হলে অপরটি কত?— ১৮।

✓ দুটি সংখ্যার গুণফল ১৮০। একটি সংখ্যা ৯ হলে অপরটি কত?— ২০।

শতকরা

♦ **শর্টকাট সূত্র**

✓ শতকরা $= \left(\frac{\text{প্রাপ্ত মান}}{\text{মোট মান}}\right) \times ১০০$।

✓ শতকরা বৃদ্ধি/হ্রাস % $= \left(\frac{\text{বৃদ্ধি/হ্রাসের পরিমাণ}}{\text{মূল পরিমাণ}}\right) \times ১০০$।

✓ শতকরা পরিবর্তন $= \left(\frac{\text{নতুন মান – পুরানো মান}}{\text{পুরানো মান}}\right) \times ১০০$।

✓ যদি x% বের করতে হয়, তাহলে $x \times \frac{\text{মোট মান}}{১০০}$।

✓ আয়তক্ষেত্রের দৈর্ঘ্য এবং প্রস্থের হ্রাস/বৃদ্ধি হলে উক্ত আয়তক্ষেত্রের ক্ষেত্রফলেরও হ্রাস/বৃদ্ধি হয়। এ ধরনের সমস্যা সমাধানের জন্য সূত্রটি $= (\pm a \pm b \pm \frac{ab}{100})\%$।

[যেখানে a এক দিকের বাহু এবং b অপরদিকের বাহু। বাহুর দৈর্ঘ্য বৃদ্ধি পেলে (+ a/+ b) এবং বাহুর দৈর্ঘ্য হ্রাস হলে (– a/– b) বসিয়ে সমাধান করা হয়। হ্রাস বৃদ্ধির পরিবর্তে লাভ/ক্ষতি থাকতে পারে। যদি উত্তরে (– ve) হয় তাহলে ক্ষতি হবে, (+ ve) হলে লাভ হবে।]

✓ যদি কোনো কিছুর মূল্য x% বৃদ্ধি/হ্রাস পায় তবে সেটির ব্যবহার শতকরা কত কমালে/বাড়ালে সেটি বাবদ ব্যয় বৃদ্ধি পাবে না?

$= \frac{x \times 100}{x \pm 100}$ [বৃদ্ধি হলে (+ ve) হবে, হ্রাস হলে (- ve) হবে।

♦ **প্রশ্নোত্তর**

✓ ফোনের মাসিক বিল এসেছে ৪২০ টাকা। যদি ১ বছর পর ১০% বৃদ্ধি পায় এবং আরও ৬ মাস পর ২০% বৃদ্ধি পায়, তাহলে ১৮ মাস পর বিল কত হবে— ৫৫৪.৪০ টাকা।

✓ $\frac{১১}{৮০}$ কে শতকরায় প্রকাশ করলে কত হয়?— ১৩ $\frac{৩}{৪}$%।

✓ একটি পণ্য ২০% এবং ১৫% ছাড় দিলে একত্রে কত ছাড় হবে?— ৩২%।

www.abswer.com

www.abswer.com

✓ লিমন সাহেবের বেতন ১০% কমানোর পর হ্রাসকৃত বেতন ১০% বাড়ানো হলে তার ক্ষতি হলো— ১%।
✓ একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ২০% বৃদ্ধি এবং প্রস্থ ১০% হ্রাস করা হলে এর ক্ষেত্রফল শতকরা কত পরিবর্তন হবে?— ৮%।
✓ কোন সংখ্যার ৩৭% থেকে ৩৭ বিয়োগ করলে বিয়োগফল ৩৭ হবে?— ২০০।
✓ ১০ এর ৩০% কোন সংখ্যার ১০%?— ৩০।

সরল ও যৌগিক মুনাফা/লাভ ও ক্ষতি

♦ **প্রয়োজনীয় সূত্র**

✓ $I = Pnr$ [সরল মুনাফা বা সরল সুদের ক্ষেত্রে] [যেখানে, I = মুনাফা, P = আসল, r = মুনাফার হার n = সময়]
✓ $C = P(1+r)^n$ [চক্রবৃদ্ধির ক্ষেত্রে]
✓ $I_c = P\{(1+r)^n - 1\}$ [যেখানে, P = আসল, r = মুনাফার হার, n = সময়, C = চক্রবৃদ্ধির মুনাফা – আসল, I_c = মুনাফা]
✓ লাভ = বিক্রয়মূল্য – ক্রয়মূল্য
✓ ক্ষতি = ক্রয়মূল্য – বিক্রয়মূল্য
✓ লাভ বা ক্ষতি সব সময় ক্রয়মূল্যের ওপর নির্ভর করে।

♦ **প্রশ্নোত্তর**

✓ বার্ষিক ১২% মুনাফায় ১০০০০ টাকায় ৪ বছরের মুনাফা কত?— ৪৮০০ টাকা।
✓ $৬\frac{১}{৪}$% মুনাফা হারে কত সময়ে ৯৬ টাকার মুনাফা ১৮ টাকা হবে?— ৩ বছর।
✓ ৫০০০ টাকায় একটি ছাগল কিনে ৮% লাভে বিক্রি করলে বিক্রয়মূল্য কত টাকা?— ৫৪০০ টাকা।
✓ কোনো দ্রব্যের ক্রয়মূল্য বিক্রয়মূল্যের $\frac{৪}{৫}$ অংশ হলে শতকরা লাভের হার— ২৫%।
✓ বার্ষিক শতকরা ১০ টাকা হার সুদে কোনো মূলধন যত বছরের সুদাসলে দ্বিগুণ হবে— ১০ বছর।
✓ ১০০ টাকায় ১০টি ডিম কিনে ১০০ টাকায় ৮টি ডিম বিক্রয় করলে শতকরা লাভ হয়— ২৫%।

বীজগণিত

বীজগাণিতিক সূত্রাবলি

♦ **বর্গের গুরুত্বপূর্ণ সূত্রাবলি**

$(a+b)^2 = a^2 + 2ab + b^2$
$(a+b)^2 = (a-b)^2 + 4ab$
$(a-b)^2 = a^2 - 2ab + b^2$
$(a-b)^2 = (a+b)^2 - 4ab$
$a^2 + b^2 = (a+b)^2 - 2ab = (a-b)^2 + 2ab$
$2(a^2+b^2) = (a+b)^2 + (a-b)^2$
$a^2 - b^2 = (a+b)(a-b)$
$4ab = (a+b)^2 - (a-b)^2$
$ab = (\frac{a+b}{2})^2 - (\frac{a-b}{2})^2$
$(a+b+c)^2 = a^2 + b^2 + c^2 + 2(ab+bc+ca)$

♦ **ঘন-এর সূত্রাবলি**

$(a+b)^3 = a^3 + 3a^2b + 3ab^2 + b^3$
$= a^3 + b^3 + 3ab(a+b)$
$(a-b)^3 = a^3 - 3a^2b + 3ab^2 - b^3$
$= a^3 - b^3 - 3ab(a-b)$
$a^3 + b^3 = (a+b)^3 - 3ab(a+b)$
$= (a+b)(a^2 - ab + b^2)$
$a^3 - b^3 = (a-b)(a^2 + ab + b^2)$

♦ **গুরুত্বপূর্ণ প্রশ্নোত্তর**

✓ $x + y = 6$ এবং $x - y = 4$ হলে, xy এর মান কত?— 5।
✓ $x + y = 12$ এবং $x - y = 2$ হলে, xy এর মান কত?— 35।
✓ $x + y = 5$ এবং $x - y = 3$ হলে, $x^2 + y^2$ এর মান কত?— 17।
✓ $P + 2^{1/3} + 2^{2/3} = 0$ হলে, $P^3 + 6$ এর মান কত?— 6x।
✓ $a + b + c = 0$ হলে, $a^3 + b^3 + c^3$ এর মান কত?— 3abc।
✓ $\frac{a}{b} + \frac{b}{a} = 6$ হলে, $\frac{a^2}{b^2} + \frac{b^2}{a^2} + 2$ এর মান কত?— 36।
✓ $x - \frac{1}{x} = 3$ হলে, $\frac{x^4+1}{x^2}$ এর মান কত?— 11।
✓ $a = \sqrt{6} + \sqrt{5}$ হলে, $\frac{a^6-1}{a^3}$ এর মান নির্ণয় কর?— $46\sqrt{5}$।

সরল ও দ্বিপদী সমীকরণ ও অসমতা

♦ **গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য**

সরল সমীকরণের সাধারণ রূপ $ax^2 + bx + c = 0$ হলে,
$b^2 - 4ac > 0$ হলে, মূলদ্বয়ের প্রকৃতি হবে বাস্তব ও অসমান।
$b^2 - 4ac < 0$ হলে, মূলদ্বয়ের প্রকৃতি হবে জটিল অসমান।
$b^2 - 4ac = 0$ হলে, মূলদ্বয়ের প্রকৃতি হবে বাস্তব ও সমান।

i. $a > b$ এবং $b > c$ হলে, $a > c$
✓ বলাকা, দোয়েল, জোপাটিকা ও ইনিয়া-৬৬ হলো— উন্নত জাতের গম।
✓ মিঠা পানির মাছ গবেষণা কেন্দ্র অবস্থিত— ময়মনসিংহ।
✓ মেরিন ফিশারিজ একাডেমি অবস্থিত— চট্টগ্রাম।
✓ বাংলাদেশে ইলিশের অভয়াশ্রম— ৬টি।
✓ বাংলাদেশের প্রথম হরিণ প্রজনন কেন্দ্র— ডুলাহাজরা, কক্সবাজার।
✓ ১০০০ টাকার নোট প্রথম বাজারে আসে— ২৭ অক্টোবর ২০০৮।
✓ ২০০ টাকার নোট প্রবর্তন হয়— ১৮ মার্চ ২০২০।
✓ ১ টাকা নোটের নকশা করেন— কে জি মুস্তাফা।
✓ বাংলাদেশে দারিদ্র্য পরিমাপে ব্যবহৃত হয়— খাদ্যশক্তি গ্রহণ পদ্ধতি ও প্রত্যক্ষ ক্যালরি গ্রহণ পদ্ধতি।
✓ চা গবেষণা ইনস্টিটিউট যে মন্ত্রণালয়ের অধীন— বাণিজ্য মন্ত্রণালয়।
✓ পরিবেশ সংরক্ষণ আইন পাশ হয়— ১৯৯৫ সালে।
✓ বাংলাদেশের সবচেয়ে বেশি বনভূমি রয়েছে— চট্টগ্রাম বিভাগে।
✓ সুন্দরবনে অবস্থিত ৩টি পয়েন্ট— হিরণ পয়েন্ট, জাফর পয়েন্ট ও টাইগার পয়েন্ট।
✓ জাতিসংঘের যে মহাসচিব প্রথম বাংলাদেশে আসেন— কুর্ট ওয়ার্ল্ড হেইম (১৯৭৩ সালে)।
✓ মাইজভান্ডারী বাংলাদেশের যে অঞ্চলের গান— চট্টগ্রাম।
✓ ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউটের প্রতিষ্ঠাতা— জয়নুল আবেদিন।
✓ ঢাকার লালবাগের দুর্গ নির্মাণ করেন— শায়েস্তা খান।
✓ বাংলাদেশ কপিরাইট আইন প্রণীত হয়— ২০০০ সালে।
✓ বাংলাদেশ ও মিয়ানমারের সমুদ্র সীমার রায় হয়— ১৪ মার্চ ২০১২।
✓ হাড়িয়াভাঙ্গা নদীর দৈর্ঘ্য— ৩৮ কিমি।
✓ ব্রহ্মপুত্র নদের ভারতীয় অংশের নাম— ডিহি।
✓ নদী গবেষণা বিদ্যাকে বলা হয়— পোটামোলজি।
✓ নদী রক্ষা কমিশনের তথ্যমতে দীর্ঘতম নদী হলো— পদ্মা।
✓ দেশের প্রথম মৎস্য অভয়াশ্রম— হাইল হাওড়ের বাইক্কা বিল।
✓ হাওরের গেটওয়ে বলা হয়— কিশোরগঞ্জ জেলাকে।

■ আন্তর্জাতিক

✓ এশিয়ার গার্ডেন সিটি বলা হয়— সিঙ্গাপুরকে।
✓ বার্নামা হলো— মালয়েশিয়ার সরকারি বার্তা সংস্থা।
✓ অস্ট্রেলিয়া শব্দের অর্থ— দক্ষিণাঞ্চল।
✓ অস্ট্রেলিয়ায় যে নামে ঘূর্ণিঝড়ের সৃষ্টি হয়— উইলি-উইলি
✓ আমলাতন্ত্রের প্রবক্তা— ম্যাক্স ওয়েবার।
✓ ককেশাস অঞ্চলটি অবস্থিত— ইউরোপে।
✓ এশিয়ার সর্বশেষ স্বাধীন দেশ— পূর্ব তিমুর।
✓ চীনের স্বায়ত্তশাসিত অঞ্চল— ৫টি।
✓ পোলার সিল্ক রোডের প্রবক্তা— চীন।
✓ তাইওয়ানের পূর্বনাম— ফরমোজা।
✓ পঞ্চম ড্রাগনের দেশ বলা হয়— তাইওয়ানকে।
✓ চীনের সেনাবাহিনীর নাম— Peoples Liberatio Army (PLA)।
✓ হুতিদের আনুষ্ঠানিক নাম— আনসারুল্লাহ্।
✓ নহর-ই-যোবাইদা অবস্থিত— মক্কা, সৌদি আরব।
✓ দ্বীপরাষ্ট্র সাইপ্রাস অবস্থিত— ভূমধ্যসাগরে।
✓ ২০২২ সালের বিশ্বকাপ ফুটবলের আয়োজক— কাতা
✓ বেলফোর ঘোষণাপত্রের চিঠিটি সংরক্ষিত রয়েছে— ব্রিটিশ লাইব্রেরিতে।
✓ নরওয়ের রাজধানীর নাম— অসলো।
✓ আয়তনে বৃহত্তম নর্ডিক রাষ্ট্র— সুইডেন।
✓ পূর্ব-ইউরোপের স্থলবেষ্টিত দেশ— ২টি (বেলারুশ মলদোভা)।
✓ পৃথিবীর সর্ব উত্তরের নগরী— হ্যামারফাস্ট (নরওয়ে
✓ ব্রিটেনের বর্তমান রাজা— তৃতীয় চার্লস।
✓ মুসলিম ব্রাদারহুড যে দেশের রাজনৈতিক দল— মিস

www.abswer.com

www.abswer.com

✓ পৃথিবীর প্রথম বর্ণবাদ চালু হয়— দক্ষিণ আফ্রিকায়।
✓ যুক্তরাষ্ট্রের বৃহত্তম অঙ্গরাজ্য— আলাস্কা।
✓ ইউরোপের রুটির ঝুড়ি বলা হয়— ইউক্রেনকে।
✓ মিসরের সবচেয়ে বড় পিরামিড— ফারাও খুফুর পিরামিড।
✓ সিন্ধু সভ্যতা যে যুগের— তাম্র যুগের।
✓ পৃথিবীর মানচিত্র অঙ্কন করে— গ্রিক বিজ্ঞানীরা।
✓ 'দ্য রিপাবলিক' গ্রন্থের প্রণেতা— প্লেটো।
✓ প্রথম বিশ্বযুদ্ধের অবসান হয়— ১১ নভেম্বর ১৯১৮।
✓ দুই জার্মানি পুনরায় একত্রিত হয়— ৩ অক্টোবর ১৯৯০।
✓ অভিন্ন ইউরোপীয় বাসভূমি মতবাদের প্রবক্তা— মিখাইল গর্বাচেভ।
✓ জাতিসংঘ নামকরণ করেন— রুজভেল্ট।
✓ Interventions : A Life in War and Peace আত্মজীবনীটি— কফি আনানের।
✓ বাংলাদেশের উন্নয়ন ফোরামের বৈঠক হয়— ফ্রান্সে।
✓ যে সম্মেলনের মাধ্যমে IMF গঠিত হয়— ব্রেটন উড্স সম্মেলন।
✓ OPEC-এর উদ্যোক্তা দেশ— ভেনিজুয়েলা।
✓ ADB-এর সদর দপ্তর অবস্থিত— ম্যানিলা (ফিলিপাইন)।
✓ যুক্তরাষ্ট্রের প্রথম ভাইস প্রেসিডেন্ট— জন এডামস।
✓ জোট নিরপেক্ষ আন্দোলন শুরু হয়— ১৯৫০ সালে।
✓ আফ্রিকান ইউনিয়নের পূর্বনাম— অর্গানাইজেশন অব আফ্রিকান ইউনিটি।
✓ পারস্য উপসাগরের দেশ হয়েও GCC'র সদস্য নয়— ইরান।

সাম্প্রতিক বাংলাদেশ

✓ যমুনা রেলওয়ে সেতুর দৈর্ঘ্য— ৪.৮ কিমি।
✓ বাংলাদেশের প্রথম ব্যক্তি হিসেবে চতুর্থ সর্বোচ্চ শৃঙ্গ লোৎসে জয় করেন— বাবর আলী।
✓ দেশের ৫১তম জি আই পণ্য— দিনাজপুরের বেদানা লিচু।
✓ জুলাই শহিদ স্মৃতি ফাউন্ডেশন গঠিত হয়— ১০ সেপ্টেম্বর ২০২৪।
✓ ২০২৪ সালের অনূর্ধ্ব-১৯ এশিয়া কাপে চ্যাম্পিয়ন হয়— বাংলাদেশ।
✓ UGC'র বর্তমান চেয়ারম্যান— ড. এস এম এ ফয়েজ।
✓ সুপারশপে পলিথিন ব্যাগ নিষিদ্ধ হয়— ১ অক্টোবর ২০২৪।
✓ দেশের ২৭তম পররাষ্ট্র সচিব— মো. জসীম উদ্দিন।
✓ বাংলা একাডেমির বর্তমান পরিচালক— অধ্যাপক মোহাম্মদ আজম।
✓ SVRS ২০২৩-এর চূড়ান্ত প্রতিবেদন অনুযায়ী দেশে জনসংখ্যার ঘনত্ব— ১,১৭১ জন।
✓ বাংলাদেশ ব্যাংকের বর্তমান গভর্নর— আহসান এইচ মনসুর।
✓ বাংলাদেশের ৫২তম প্রধান বিচারপতি— বিচারপতি সৈয়দ রেফাত আহমেদ।
✓ বাণিজ্য মন্ত্রণালয়ের উপদেষ্টা— শেখ বশির উদ্দীন।
✓ ১৪তম প্রধান নির্বাচন কমিশনার— এ এম এম নাসির উদ্দীন।

সাম্প্রতিক আন্তর্জাতিক

✓ ফ্রান্সের সর্বকনিষ্ঠ প্রধানমন্ত্রী ছিলেন— গ্যাব্রিয়েল আত্তাল।
✓ সেদনায়া কারাগার অবস্থিত— সিরিয়ায়।
✓ বাশার আল-আসদা সিরিয়ার প্রেসিডেন্ট হন— ১৭ জুলাই ২০০০।
✓ নিউজিল্যান্ডের বর্ষসেরা পাখি— হোইহো।
✓ আন্দামান ও নিকোবার দ্বীপপুঞ্জের নতুন রাজধানী— শ্রী বিজয় পুরম।।
✓ বিশ্বের প্রথম AI হাসপাতাল চালু হয়— চীনে।
✓ থাইল্যান্ডের সর্বকনিষ্ঠ ও দ্বিতীয় নারী প্রধানমন্ত্রী— পেতংতার্ন সিনাওয়াত্রা।
✓ মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনের দ্বিতীয় নারী প্রার্থী— কমলা হ্যারিস।
✓ ৩৪তম গ্রীষ্মকালীন অলিম্পিক অনুষ্ঠিত হবে— লস অ্যাঞ্জেলেস।
✓ জি জিরো গঠনের উদ্যোক্তা— ভুটান।

বিগত সালের প্রশ্নাবলি

✓ করতলব খান মসজিদ অবস্থিত— ঢাকায় [জাবি ২০১৫-১৬]
✓ কোন দেশ প্রথম ভার্চুয়াল ব্যাংকের অনুমোদন দেয়?— তাইওয়ান। [চবি ২০২৩-২৪]
✓ সার্পেন্ট অব দি নাইল কে?— ক্লিওপেট্রা। [ঢাবি ২০২৩-২৪]
✓ সার্ক দারিদ্র্য দূরীকরণ বর্ষ ছিল কোন বছর?— ১৯৯৫। [জবি ২০০৮-০৯]
✓ জাপানের সবচেয়ে বড় দ্বীপ— হনসু। [ঢাবি ২০০৮-০৯]
✓ বাংলাদেশের সাঁওতালরা প্রধানত বাস করে— রাজশাহী ও দিনাজপুরে। [শাবিপ্রবি ২০০৮-০৯]
✓ ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় যার গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল— নওয়াব আলী চৌধুরী। [ঢাবি ২০২০-২১]
✓ দি ওয়েলথ অব নেশনস্ গ্রন্থের রচয়িতা— অ্যাডাম স্মিথ। [ঢাবি ২০২০-২১]
✓ ক্ষুদ্র নৃগোষ্ঠীর মাতৃভাষা সংরক্ষণে '২০২১ সালের আন্তর্জাতিক মাতৃভাষা পদক' পেয়েছেন— মথুরা বিকাশ ত্রিপুরা। [ঢাবি ২০২০-২১]
✓ জাতিসংঘের মহাসচিব অ্যান্টনিও গুতেরেস কোন দেশের নাগরিক?— পর্তুগাল। [রাবি ২০২১-২২]

জুলাই অভ্যুত্থানের প্রথম শহিদ আবু সাঈদ

শিল্পী : কৌশিক সরকার

ঢাকার দেয়ালে শিক্ষার্থীদের আঁকা বর্ণিল ও বৈচিত্র্যময় গ্রাফিতি চিত্রের সংকলন Art of Triumph



দেশের প্রথম মুক্তিযুদ্ধবিষয়ক চলচ্চিত্র ওরা ১১ জন (পরিচালক : চাষী নজরুল ইসলাম)

সুইডেন স্ক্যান্ডিনেভীয় দেশগুলোর মধ্যে বৃহত্তম রাষ্ট্র

www.abswer.com

www.abswer.com

বিজ্ঞান

■ পদার্থবিজ্ঞান

✓ $\vec{A} = 2\hat{i} + 3\hat{j}$ এবং $\vec{B} = m\hat{i} - 2\hat{j}$ । m-এর মান যা হলে ভেক্টরদ্বয় পরস্পর লম্ব হবে— 3 ।

✓ একটি প্রাসের সর্বোচ্চ উচ্চতা 10m এবং আনুভূমিক পাল্লা 10m । নিক্ষেপণ বেগ $20ms^{-1}$ হলে, নিক্ষেপণ কোণ হবে— 76^0 ।

✓ 6Kg ভর বিশিষ্ট একটি বস্তু স্থিতি অবস্থায় ছিল । 30N বল প্রয়োগ করায় 10 sec পর বস্তুটির গতিশক্তি হবে— 7500J ।

✓ একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য 1m । যে দোলকটি মিনিটে 25 বার দোল দেয় তার দৈর্ঘ্য— 1.44m ।

✓ 4000 Å তরঙ্গ দৈর্ঘ্যের দুইটি একই বর্ণের আলোক তরঙ্গের মধ্যে পথ পার্থক্য 2×10^{-7} m হলে, তাদের দশা পার্থক্য হবে— π ।

✓ 1 ক্যালরি তাপ সমান— 4.2J ।

✓ তড়িৎক্ষেত্রের কোনো বিন্দুর প্রাবল্য E হলে সেখানে q আধান যে বল অনুভব করে তা— qE ।

✓ একটি পরিবাহকের ধারকত্ব 40F । এতে যত আধান প্রদান করলে এর বিভব 8V হবে— 320C ।

✓ মিটার ব্রীজে P : Q = 1 : 2, নিস্পন্দ বিন্দুর অবস্থান হবে— 33.33cm ।

✓ 5000 Å তরঙ্গ দৈর্ঘ্যের আলোকরশ্মির ফোটনের শক্তি হলো— 2.48eV ।

✓ আবেশাঙ্কের (Inductance) একক হলো— হেনরি ।

■ রসায়ন

✓ ডিউটেরিয়ামে নিউট্রনের সংখ্যা— 1টি ।

✓ Cu (29) পরমাণুর সর্ববহিঃস্থ কক্ষের ইলেকট্রনের চারটি কোয়ান্টাম সংখ্যার মান— $n = 4, l = 0, m = 0, s = +^1/_2$ ।

✓ পৃথিবীর ভূত্বকে সবচেয়ে বেশি পরিমাণে বিদ্যমান ধাতুটি হলো— Al ।

✓ হাইপো ফসফরাস অ্যাসিডের রাসায়নিক সংকেত হলো— H_3PO_2 ।

✓ $2AsH_3 \rightarrow 2As + 3H_2$ বিক্রিয়ায় উৎপন্ন As বিক্রিয়ার গতিকে ত্বরান্বিত করে, এখানে As একটি— স্ব-প্রভাবক ।

✓ অ্যাভোগাড্রো সংখ্যার অর্ধেক সংখ্যক CO_2 অণুর ক্ষেত্রে আদর্শ গ্যাসের সমীকরণ— 2PV = RT ।

✓ শুধুমাত্র জৈব পদার্থ অক্সিডাইজ করার জন্য নর্দমায় যে প্রয়োজনীয় পরিমাণ অক্সিজেন থাকে তাকে বলা হয়— BOD ।

✓ বেনজিনকে গাঢ় নাইট্রিক এসিড ও গাঢ় সালফিউরিক এসিডের সাথে বিক্রিয়া করালে বেনজিনের— নাইট্রেশন ঘটে ।

✓ প্রোটিন হলো এক প্রকার— অ্যামাইনো অ্যাসিড ।

✓ সোডিয়াম পরমাণুর ভর— 3.82×10^{-23}g ।

✓ সুক্রোজের আদ্র বিশ্লেষণে উৎপন্ন হয়— গ্লুকোজে ও ফ্রুকটোজ ।

■ জীববিজ্ঞান

✓ কোষ বিভাজনের সময় মাইটোটিক অ্যাপারেটাস তৈরি করে— মাইক্রোটিউবিউলিস ।

✓ দ্বি-সূত্রক নিউক্লিক অ্যাসিডের নাইট্রোজেনঘটিত ক্ষারকের ক্রম হলো— ATGC ।

✓ মাইটোসিসের যে পর্যায়ে ক্রোমোসোমগুলোকে ইংরেজি বিভিন্ন অক্ষরের মতো দেখায়— অ্যানাফেজ ।

✓ বাস্তুতন্ত্রের মধ্যে উৎপাদক দ্বারা উৎপাদিত জটিল জৈব খাদ্যটি হলো— গ্লুকোজ ।

✓ যে ভাইরাসে এক সূত্রক DNA পাওয়া যায়— কলিফায ।

✓ চিকুনগুনিয়া জ্বরের ক্ষেত্রে সঠিক নয়— DNA ভাইরাসজনিত জ্বর ।

✓ মসের প্রোটোনেমা— হ্যাপ্লয়েড ।

✓ ক্র্যাঞ্জ অ্যানাটমি দেখা যায়— C_4 উদ্ভিদে ।

✓ দুটি হ্যাপ্লয়েড গ্যামেটের মিলনকে বলে— জাইগোস্পোর ।

✓ ফিনাইলকিটোনুরিয়া রোগ নিরাময়ে ব্যবহৃত হয়— টিস্যু প্লাসমিনোজেন অ্যাকটিভেটর ।

✓ CFC পরিবেশের জন্য মারাত্মক ক্ষতিকর; কারণ এটি— O_3 স্তর ক্ষয় করে ।

✓ মানুষের শ্বেত রক্তকণিকা প্রকৃতপক্ষে— বর্ণহীন ।

✓ দেহের অভ্যন্তরীণ হোমিওস্ট্যাসিস বজায় রাখে— নেফ্রন ।

✓ সর্বপ্রথম Ethology শব্দটি চয়ন করে— St Hilarie ।

✓ রানি মৌমাছির দেহ হতে যে হরমোন নিঃসৃত হয়— ফেরোমন ।

■ গণিত

✓ $2x - 3y + 6 = 0$ রেখার ওপর লম্ব এবং (1, –1) বিন্দুগামী সরলরেখার সমীকরণ— $3x + 2y = 1$ ।

✓ একটি বৃত্ত $x = 0, y = 0$ $x = a$ এবং $y = a$ সমীকরণগুলোকে স্পর্শ করে । বৃত্তটির সমীকরণ— $4(x^2 + y^2) - 4a(x + y) + a^2 = 0$ ।

✓ $\int_0^1 e^{-x}\,dx$ এর মান— $(-\frac{1}{e} + 1)$ ।

✓ (4, 3) বিন্দুতে $3x^2 - 4y^2 = 12$ অধিবৃত্তের স্পর্শকের ঢালের মান— 1 ।

বিগত সালের প্রশ্নাবলি

✓ 4μF ধারকত্বের 4টি ধারক শ্রেণি সমবায়ে সংযুক্ত করা হলো । তাদের তুল্য ধারকত্ব কত?— 1μF । [ঢাবি অধিভুক্ত সরকারি সাত কলেজ, ২০২২-২৩]

✓ 27^0C তাপমাত্রা $A(g) \rightleftharpoons 2B(g)$ বিক্রিয়াটির Kp-এর মান 8.314×10^2 Pa হলে Kc-এর মান কত mol/m^3?— $^1/_3$ । [GST-গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় ২০২২-২৩]

✓ দুই বা ততোধিক জোড়া বিপরীত বৈশিষ্ট্যসম্পন্ন জীবের মধ্যে ক্রস ঘটালে F_2 জনুতে কোন ধরনের ফিনোটাইপিক অনুপাত পাওয়া যাবে?— 9 : 3 : 3 : 1 । [ঢাবি ২০২৩-২৪]

✓ $y^2 = 4x$ পরাবৃত্ত $3y = x$ সরলরেখা দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল কত?— $^8/_3$ । [ঢাবি ২০২৩-২৪]

www.abswer.com

www.abswer.com

ব্যবসায় শিক্ষা

সম্ভাব্য প্রশ্নাবলি

■ হিসাব বিজ্ঞান

✓ মালিকের মূলধন দায় হিসেবে গণ্য করা হয় কারণ আমরা অনুসরণ করি— সত্তার নীতি।
✓ যদি অনুপার্জিত আয়ের সমন্বয় দাখিলা না দেওয়া হয় তবে— দায় বেশি দেখানো হবে।
✓ অবচয় প্রক্রিয়া— ব্যয় বন্টন।
✓ মোট মুনাফা হলো— বিক্রয় ও বিক্রিত পণ্যের ব্যয়ের উদ্বৃত্ত।
✓ অসম্পূর্ণ হিসাবের একটি সঠিক বিবরণ হতে পারে— এক তরফা দাখিলা, দু'তরফা এবং কোন দাখিলা নাই এর সংমিশ্রণ।
✓ বোনাস শেয়ার ইস্যু করা হলে ঘটবে— মালিকানা- স্বত্ব অপরিবর্তিত থাকবে।
✓ ১৯৯৪ সালের কোম্পানি আইন অনুসারে উদ্বর্তপত্রের ছক— তালিকা-১১।
✓ একটি ফার্মের নীট মুনাফা ৬,০০ টাকা এবং করের হার ৪০% হলে কর পূর্ব মুনাফা হবে— ১০,০০০ টাকা।
✓ বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়ের উদাহরণ— শেয়ার বাট্টা।
✓ একটি কোম্পানির সমচ্ছেদ বিন্দু নির্ণয়ে যে তথ্যটি অপ্রয়োজনীয়— গড় ব্যয়।
✓ পরিবর্তনশীল ব্যয় যেমন— প্রত্যক্ষ মালামাল।

■ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

✓ একটি পাবলিক লিমিটেড কোম্পানির পরিচালক পর্ষদে সর্বনিম্ন পরিচালক থাকতে হয়— ৩ জন।
✓ কোম্পানি যে দলিলের মাধ্যমে জনসাধারণকে শেয়ার ও ঋণপত্র ক্রয়ের আমন্ত্রণ জানায় তাকে বলা হয়— বিবরণ পত্র।
✓ দেশে প্রথম শেয়ার বাজার প্রতিষ্ঠিত হয়— ১৯৫৪ সালে।
✓ শেয়ার হতে অর্জিত আয়কে বলে— লভ্যাংশ।
✓ সমবায়ের মূল উদ্দেশ্য— সদস্যদের পারস্পরিক স্বার্থ উন্নয়ন।
✓ রাষ্ট্রীয় ব্যবসায়ের ক্ষতি বহন করে— সরকার।
✓ ব্যবস্থাপক হিসেবে আমরা যখন নির্ধারিত লক্ষ্য অর্জনের জন্য অন্যদের কার্যবলি প্রভাবিত করি তখন তাকে বলা হয়— নেতৃত্ব।
✓ প্রেষণার চাহিদা সোপান তত্ত্বের প্রবর্তক হলেন— আব্রাহাম মাসলো।
✓ একটি ব্যবসায়ের SWOT বিশ্লেষণ O দ্বারা বোঝায়— Overcome।
✓ একজন ব্যবস্থাপকের প্রত্যক্ষ তত্ত্বাবধানে অধীনস্থ কর্মী সংখ্যাকে বলা হয়— তদারকের পরিসর।
✓ আর্থিক প্রণোদনার উদাহরণ নয়— কার্য সমৃদ্ধকরণ। [illegible] বৃদ্ধি। [ঢাবি-২০২৩-২৪]

■ ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা

✓ জিরো কুপন বন্ড বিক্রয় করা হয়— অবহারে।
✓ বোনাস শেয়ার বন্টন করা হয়— Existing shareholders।
✓ বুল মার্কেট বলতে বোঝায়— মূল্য ঊর্ধ্বমুখী বাজার।
✓ যে বিনিয়োগ সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ— Purchase of Ordinary share.
✓ দীর্ঘমেয়াদি অর্থায়নের ক্ষেত্রে অভ্যন্তরীণ উৎস— সংরক্ষিত মুনাফা।
✓ সরকার যে বন্ড ইস্যু করে তাকে — বলা হয়— ট্রেজারি বন্ড।
✓ অর্থ সংস্থান বিল লেখা হয়— মেয়াদান্ত পর্যন্ত ধরে রাখার জন্য।
✓ ব্যাংক তহবিলের প্রধান উৎস— প্রাপ্ত আমানত।
✓ শ্রেণিবিন্যাসিত ঋণ বলে পরিচিত— সন্দেহজনক ঋণ।
✓ এক দেশের মুদ্রার পরিপ্রেক্ষিতে আরেক দেশের মুদ্রার মূল্যকে বলা হয়— বিনিময় হার।
✓ SWIFT হলো— একটি পরিশোধ পদ্ধতি।

■ উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন

✓ গ্যান্ট চার্ট তৈরির উদ্দেশ্য ছিল— সময় নিরীক্ষণ।
✓ স্টাইলের সাথে সম্পর্কযুক্ত— পণ্য নকশা।
✓ পণ্য ডিজাইন করে— কারিগরি বিভাগ।
✓ মানসম্মত উৎপাদন বলতে বোঝায়— মানসম্মত কর্মী।
✓ ব্যবসায় স্থানীয়করণের ফলে যে সুবিধা পাওয়া যায়— প্রচার সুবিধা।
✓ বিন্যাসের উদ্দেশ্য— স্থানের কাম্য ব্যবহার।
✓ বিপণনের সবচেয়ে পুরাতন ধারণা— উৎপাদন।
✓ জীবন যাত্রার ব্যয় সূচক পরিমাপ করে— জীবনযাত্রার মান।
✓ বাজারজাতকরণ পরিবেশের অনিয়ন্ত্রণযোগ্য উপাদান— প্রযুক্তি।
✓ একটি পণ্যের ইমেজ বৃদ্ধিতে সবচেয়ে বেশি ভূমিকা রাখে— পণ্যের ব্র্যান্ড নাম।
✓ লোভনীয় পণ্যের উদাহরণ— আইসক্রিম।
✓ বিজ্ঞাপনের প্রধান কাজ— অবহিতকরণ।
✓ টেলি মার্কেটিং যার অংশ— প্রত্যক্ষ মার্কেটিং।

বিগত সালের প্রশ্নাবলি

✓ অবিরাম মজুতপণ্য পদ্ধতি ব্যবহৃত হয় এমন একটি পণ্যদ্রব্য বিক্রয়কারী কোম্পানির খতিয়ানে যে হিসাব থাকবে না— ক্রয় ফেরত। [ঢাবি-২০২২-২৩]
✓ স্টক শেয়ারে প্রবর্তিত নতুন পদ্ধতি— ডিম্যাট। [কুবি ২০১৫-১৬]
✓ CSR-এর পূর্ণরূপ— Corporate Social Responsibility। [চবি ২০১৭-১৮]
✓ প্রারম্ভিক মজুত ১০,০০০ টাকা; ক্রয় ২,০০,০০০ টাকা; সমাপনী মজুত ৩০,০০০ টাকা। বিক্রয় ২,২৫,০০০ টাকা হলে বিক্রীত পণ্যের উপর মুনাফার হার— ২৫%। [রাবি ২০১৭-১৮]
✓ সার্বিক মান ব্যবস্থাপনার উদ্দেশ্য— ধারাবাহিক [illegible]

www.abswer.com

www.abswer.com

বিশ্ববিদ্যালয় লিখিত প্রস্তুতি

শিক্ষাবর্ষ ২০২৪-২০২৫

মানবিক বিভাগ

■ বাংলা

১. কাজী নজরুল ইসলামের সাম্যবাদী ভাবনার পরিচয় দাও।
২. উদাহরণসহ প্রমিত বাংলা বানানের চারটি নিয়ম লেখ।
৩. 'অল্পবিদ্যা ভয়ঙ্করী' প্রবাদটির নিহিতার্থ বিশ্লেষণ কর।
৪. 'মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী আর হাতে রণ-তূর্য'; ব্যাখ্যা কর।
৫. **অনুচ্ছেদটি পড়ে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :**
যার ভিত্তি পচে গেছে, তাকে একদম উপড়ে ফেলে নতুন করে ভিত্তি না গাঁথলে তার ওপর ইমারত যতবার খাড়া করা যাবে, ততবারই তা পড়ে যাবে। দেশের যারা শত্রু, দেশের যা-কিছু মিথ্যা, ভণ্ডামি, মেকি তা সব দূর করতে প্রয়োজন হবে আগুনের সম্মার্জনা! আমার এমন গুরু কেউ নেই, যার খাতিরে সে আগুন সত্যকে অস্বীকার করে কারুর মিথ্যা বা ভণ্ডামিকে প্রশ্রয় দেবে। আমি সে-দাসত্ব হতে সম্পূর্ণ মুক্ত। আমি কোনো দিনই কারুর বাণীকে বেদবাক্য বলে মেনে নেব না, যদি তার সত্যতা প্রাণে তার সাড়া না দেয়। না বুঝে বোঝার ভণ্ডামি করে পাঁচ জনের শ্রদ্ধা আর প্রশংসা পাবার লোভ আমি কোনো দিনই করব না।
ক. 'আগুনের সম্মার্জনা' বলতে কী বোঝানো হয়েছে?
খ. ইমারত পড়ে যাওয়ার কথা বলা হয়েছে কেন?
গ. উপরের অংশটুকু কার লেখা? কোন রচনার অংশবিশেষ?
ঘ. লেখক কোন দাসত্বের কথা বলেছেন?
ঙ. এখানে ভণ্ডামি বলতে কী বোঝানো হয়েছে?
৬. **সারমর্ম লেখ :**
তোমার মাপে হয়নি সবাই
তুমিও হওনি সবার মাপে
তুমি মর কারো ঠেলায়
কেউ-বা মরে তোমার চাপে।
তবু ভেবে দেখতে গেলে
এমনি কীসের টানাটানি,
তেমন করে হাত বাড়ালে
সুখ পাওয়া যায় অনেকখানি।
আকাশ তবু সুনীল থাকে
মধুর থাকে ভোরের আলো,
মরণ এলে হঠাৎ দেখি
মরার চেয়ে বাঁচাই ভালো।
৭. **বানান ভুল ও বাক্যের অসংগতি দূর করে বাক্যগুলো আবার লিখ।**
ক. এইসব মানুষগুলো আজ উদ্বাস্তু জীবন কাটিয়েছে।
খ. মুর্খ লোকের দূর্গতির সীমা থাকে না।
গ. তাহার জন্য অপেক্ষা করা মোটেও সমীচিন হবে না।
ঘ. তোমার অসৌজন্যে তিনি ব্যাথিত হয়েছে।
ঙ. তুমি কী ধৈর্য ধারণ করতে পারছ না।

■ General English

1. Write about the 'Three Zero's World' and Sustainable Development.
2. What measures should be taken if someone is infected by Dengue virus.
3. Mention the main features of the Universal Declaration of Human Rights.
4. Write a paragraph on Tertiary Level Education in Bangladesh, Global Warming, Food Adulteration, A Street Accident, Climate Change, Environmental Pollution, Traffic Jam.
5. Explain the proverb-Where there is a will, there is a way, Actions speak louder than words, Honesty is the best policy, It never rains but pours, A stitch in time saves nine.
6. Write meaningful sentences of your own with each of the following words: Noteworthy, Generosity, Mandatory, Performance, Endangered.
7. Explain the following statement in five sentences: 'While adolescence is a time of tremendous growth and potential, it is also a time of considerable risks.'

■ সাধারণ জ্ঞান

১. ঢাকা শহরের যানজট নিরসনে মেট্রোরেল কীভাবে ভূমিকা রাখতে পারে তা ব্যাখ্যা কর?
২. এসডিজি কী? এর সাতটি লক্ষ্য লিখ।
৩. পাঁচজন বীরশ্রেষ্ঠের পদবীসহ নাম লিখ।
৪. সাম্প্রতিক সিরিয়ার গণঅভ্যুত্থানের কারণ ব্যাখ্যা কর।
৫. সামাজিক ব্যবসা কী? ব্যাখ্যা কর।
৬. লালবাগ কেল্লার ঐতিহাসিক ও স্থাপত্যিক গুরুত্ব আলোচনা কর।
৭. রোহিঙ্গা কারা? তাদের সমস্যাগুলো সংক্ষেপে লিখ।

www.abswer.com

www.abswer.com

ব্যবসায় শিক্ষা

■ বাংলা

১. Translate the following sentences into English :
   a. আমাদের পানি দূষণ রোধ করা উচিত।
   b. তুমি ফিরে না আসা পর্যন্ত আমি অপেক্ষা করব।
   c. আপনি কি নির্দিষ্ট কিছু খুঁজছেন।
   d. তার বক্তব্য সবাইকে আকৃষ্ট করে।
   e. শোনা কথায় বিশ্বাস করো না।

২. নিচের বাক্যগুলোর বানান ও ব্যাকরণগত ত্রুটি সংশোধন করে লেখ। বাক্যে শব্দ সংযোজন বা বিয়োজন করা যাবে না।
   ক. স্মার্ট-ঘড়ি নিয়া পরীক্ষার হলে প্রবেশ করায় আচরণ বিধি লঙ্ঘন হয়েছে।
   খ. একটি গোপন কথা বলি।
   গ. সব সময় সৌজন্যতা দেখানো উচিৎ।
   ঘ. বিবাদমান দুই পক্ষ অবশেষে সন্ধি স্থাপনে সম্মত হলো।
   ঙ. প্রশ্নের ডান পাশে উল্লিখিত সংখ্যা মান নির্দেশক।

■ ইংরেজি

১. Translate the following sentences into Bangla:
   a. On hearing this he burst into crying.
   b. Have you finished reading the book?
   c. Today is a nice day, isn't it?
   d. Because of heavy fog, we could not go out.
   e. Now it is half past four.

২. Read the following sentences carefully and identify the errors. Write the corrected words/phrase in your script.
   a. We were already to leave for the amusement park when Kajol's car broke down.
   b. Each one of the dogs in the show require a special kind of diet.
   c. Since we were caught completely unawares, the affect of Mrs. Huda's remarks was startling.
   d. Bangladesh has received 'developing country' status after 47 years of independent.
   e. We must look upon the correct figures before quoting a price for the computer.

■ হিসাব বিজ্ঞান

১. ৩১ ডিসেম্বর ২০২৪ 'রাফি অ্যান্ড বাবর' লিমিটেডের চলতি সম্পদ ১,২০,০০০ টাকা ও চলতি মূলধন ৩০,০০০ টাকা। ঐ তারিখে তড়িৎ অনুপাত ০.৫:১ হলে মজুত মালের মূল্য কত?

২. একটি ফার্মের মালিকানা সত্ত্বে ব্যয়ের প্রভাব কী?

৩. আকিল সাহেব একটি পণ্যের ১৫,৬০০ ইউনিট প্রস্তুত করতে প্রত্যক্ষ কাঁচামালে ১০,৫০০ টাকা, প্রত্যক্ষ শ্রমে ২১,০০০ টাকা, উৎপাদনের উপরি-ব্যয়ে ১৫,৩০০ টাকা, প্রশাসনিক উপরি-ব্যয়ে ১৫,৬০০ টাকা এবং বিক্রয় উপরি-ব্যয়ে ৩১,২০০ টাকা খরচ করেন। প্রতি ইউনিটের উৎপাদন ব্যয় কত হবে?

৪. জুনায়েদের নিকট হতে ৫,০০০ টাকার পণ্য ধারে ক্রয় করা হলো। এই লেনদেনটি হিসাব সমীকরণকে কীভাবে প্রভাবিত করবে?

৫. প্রারম্ভিক মজুতমাল ৭,৫০০ টাকা, ক্রয় ৫২,৫০০ টাকা, বিক্রয় ৫০,০০০ টাকা এবং লাভের হার ২০% হলে সমাপনী মজুত মাল কত হবে?

■ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

১. ডাম্পিং অর্থ কী?
২. মালিকানায় স্বাধীনতা কোন পরিবেশের উপাদান?
৩. খনি থেকে কয়লা উত্তোলন কোন শিল্পের অন্তর্ভুক্ত?
৪. বন থেকে কাঠ সংগ্রহ কোন শিল্পের অন্তর্ভুক্ত?
৫. বৈজ্ঞানিক ব্যবস্থাপনা কী?
৬. প্রেষণার দ্বি-উপাদান তত্ত্বের প্রবর্তক কে?

■ উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন

১. কোনো পণ্য বা সেবা একজন ব্যক্তি বা কোম্পানির পছন্দ বা প্রয়োজন অনুযায়ী, পরিবর্তন করার কাজকে কী বলা হয়?
২. ভোক্তা বাজার বিভক্তিকরণের ভিত্তিসমূহ উল্লেখ কর?
৩. পণ্য সম্পর্কিত তথ্য সংগ্রহ, বিশ্লেষণ, ব্যাখ্যা ও প্রতিবেদন প্রণয়নকে কী বলা হয়?
৪. পরবর্তীতে বিক্রয় বা ব্যবহারের জন্য সেবাসমূহ সংরক্ষণ করা যায় না-এটি সেবার কোন বৈশিষ্ট্যের অন্তর্ভুক্ত?
৫. ভোক্তাদের দৃষ্টিকোণ থেকে বিপণন মিশ্রণে প্রসার উপাদানটি কীভাবে বিবেচিত হয়?

■ ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা

১. পণ্যের স্তরগুলোর মধ্যে শেষ স্তর কোনটি?
২. পণ্যের জীবন চক্রের কোন স্তরে প্রতিযোগিতা বৃদ্ধি পায়?
৩. বৈজ্ঞানিক ব্যবস্থাপনা কোন ধরনের বিপ্লব ছিল?
৪. বন থেকে কাঠ সংগ্রহ কোন শিল্পের অন্তর্ভুক্ত?
৫. 'Psychology and Industrial Efficiency' বইটি কে লিখেছেন?
৬. ব্যবসায়ী প্রতিষ্ঠান ও অব্যবসায়ী প্রতিষ্ঠানের মধ্যে ৪টি পার্থক্য বর্ণনা কর?

■ ভাষা জ্ঞান

১. উন্নয়নশীল অর্থ ব্যবস্থায় কেন্দ্রীয় ব্যাংকের ৫টি ভূমিকা ইংরেজিতে লিখ।
২. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস একুশে ফেব্রুয়ারির গুরুত্ব ব্যাখ্যা কর।
৩. জনসংখ্যা সম্পদ, না দায় সে সম্পর্কে তোমার মতামত উপস্থাপন কর।
৪. ২০২৪ সালের বৈষম্যবিরোধী আন্দোলনের কারণ ও ফলাফল লিখ।
৫. সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকের তিনটি করে সুবিধা-অসুবিধা উল্লেখ কর।
৬. সাইবার সিকিউরিটির তিনটি গুরুত্ব ইংরেজিতে লিখ।

www.abswer.com

www.abswer.com

বিজ্ঞান বিভাগ

■ পদার্থবিজ্ঞান

১. 500kg ভরের স্থিরভাবে ভাসমান একটি নৌকার দুই প্রান্তে দুইজন সাতারু স্থিরভাবে দাড়িয়ে আছে। তাদের ভর যথাক্রমে 50kg এবং 75kg। তারা প্রত্যেকে একসাথে বিপরীত দিকে 10m/sec বেগে আনুভূমিক ভাবে নৌকা থেকে লাফ দিলে নৌকাটি কত বেগে গতিশীল হবে?

২. একটি সরল দোল গতিসম্পন্ন বস্তুর ব্যবকলনীয় সমীকরণ লিখ। দেখাও যে $X = A\sin(\omega t + \varphi)$ উক্ত সমীকরণের একটি সমাধান।

৩. কোন গতিশীল বস্তুর বেগ 2 m/s এবং গতিশক্তি 1 J হলে, বস্তুর ভর কত হবে?

৪. একটি সুর শলাকা যে সময়ে 200 বার কম্পন দেয় সে সময়ে এটি দ্বারা সৃষ্ট শব্দ তরঙ্গ বাতাসে 140 মিটার দূরত্ব অতিক্রম করে। সুর শলাকার কম্পাঙ্ক 500 Hz হলে বায়ুতে শব্দের বেগ কত?

৫. অবস্থান ভেক্টর $\vec{r} = 3x\hat{i} + 2y\hat{j} + 4z\hat{k}$-এর ডাইভারজেন্স কত?

৬. একটি কণা 1.5m বৃত্তাকার পথে প্রতি মিনিটে 120 বার আবর্তন করে। এর রৈখিক বেগ কত?

৭. আদর্শ গ্যাসের ক্ষেত্রে প্রমাণ কর যে, PV = nRT, এখানে, প্রতীকগুলো প্রচলিত অর্থ বহন করে।

৮. মায়োপিয়া এবং হাইপার মেট্রোপিয়া কী? ব্যাখ্যা কর।

■ রসায়ন

১. 1L আয়তনের একটি পাত্রে 0.25g O_2, 0.25g N_2 এবং 0.25g CO_2 গ্যাস মিশ্রিত আছে। মিশ্রণে কোন গ্যাসটির আংশিক চাপ সর্বাধিক?

২. অনুবন্ধী অ্যাসিড ও অনুবন্ধী ক্ষার কী? উদাহরণসহ ব্যাখ্যা কর।

৩. পানির বিশুদ্ধতার তিনটি মানদণ্ড লিখ?

৪. জ্যামিতিক সমাণুতার শর্ত কী কী? 2-বিউটেনের সমাণুসমূহের গাঠনিক কাঠামো অঙ্কন কর।

৫. আন্তঃআণবিক হাইড্রোজেন বন্ধন কী? উদাহরণসহ লিখ।

৬. জুল-থমসন প্রভাব কী? এই প্রভাব ব্যবহার করে কীভাবে কোনো গ্যাসকে তরল করা যায়?

৭. ন্যানো প্রযুক্তি কী? পরমাণু, অণু ও ন্যানো কণার একটি তুলনামূলক চিত্র দেখাও।

■ জীববিজ্ঞান

১. মানুষের লোহিত কণিকায় ম্যালেরিয়ার পরজীবীর বহুবিভাজন প্রক্রিয়ায় অযৌন জননকে কী বলে? ম্যালেরিয়া রোগের লক্ষণ/উপসর্গ কী কী?

২. ম্যালপিজিয়ান নালিকা কী? ব্যাখ্যা কর?

৩. Poaceae গোত্রের পাঁচটি প্রধান শনাক্তকারী বৈশিষ্ট্য লিখ।

৪. বৈজ্ঞানিক নাম লিখ- গৃহ মাছি, গোলকৃমি, রুইমাছ, দোয়েল, গোখরা সাপ।

৫. হাইড্রার খাদ্য গ্রহণ ও পরিপাক সম্পর্কে লিখ।

৬. সিলোম কী? সিলোমের বিভিন্নতার ভিত্তিতে প্রাণীদের যেসব গোষ্ঠীভুক্ত করা যায় তার আলোচনা কর।

৭. ভাইরাস সজীব ও জড় বস্তুর মাঝামাঝি পর্যায়ের একটি সত্ত্বা-ব্যাখ্যা কর।

৮. ইকোসিস্টেম কী? উদাহরণসহ উপাদানগুলো লিখ।

৯. Chordata পর্বের তিনটি মৌলিক বৈশিষ্ট্য লিখ। উদাহরণসহ এই পর্বের উপ পর্বগুলোর নাম লিখ।

১০. প্রতিবর্তী ক্রিয়া কী? এর বৈশিষ্ট্য লিখ।

১১. জেনেটিক কোডের বৈশিষ্ট্য লিখ।

■ গণিত

১. $y = \cos x \ln \frac{1}{(\sec x + \tan x)}$ হলে, $\frac{d^2y}{dx^2} + y =$ কত?

২. x এর মান কত হলে, ফাংশন $f(x) = x/\ln(x)$ এর মান ক্ষুদ্রতম হবে?

৩. $A = [1\ 2\ 3], BA = \begin{bmatrix} 2 & 4 & 6 \\ 3 & 6 & 9 \\ 1 & 2 & 3 \end{bmatrix}$ হলে B ম্যাট্রিক্সটি নির্ণয় কর।

৪. $\sin^{-1} 4/5 + \cos^{-1} 2/5$ এর মান নির্ণয় কর।

৫. যদি $f(x) = -\sqrt{x} - 1$ এর বিপরীত ফাংশন $f^{-1}(x)$ হয় তবে দেখাও যে, $f(f^{-1}(x)) = f^{-1}(f(x))$।

৬. $1 + 3/1! + 5/2! + 7/3! + ...$ ধারাটির যোগফল বের কর।

৭. $\frac{1}{|3x-5|} > 2$ অসমতাটি সমাধান কর এবং সমাধান সেট সংখ্যা রেখায় দেখাও।

৮. যদি $A + B = \frac{\pi}{4}$ হয়, তবে $(1 + \tan A)(1 + \tan B)$ এর মান নির্ণয় কর?

৯. $(\frac{x}{y} + \frac{y}{x})^{10}$ এর বিস্তৃতিতে মধ্যপদটি নির্ণয় কর?

■ গাণিতিক যুক্তি ও বুদ্ধিমত্তা

১. রাজু মিনার থেকে লম্বা কিন্তু রিশাদের থেকে খাটো। রিনা করিমের থেকে লম্বা কিন্তু মিনার থেকে খাটো। এর মধ্যে সবচেয়ে লম্বা কে?

২. আমার কক্ষে এক বৃদ্ধ দম্পতি ও তাদের সাথে দুই দম্পতি প্রত্যেকে একজন করে সন্তানসহ আমার কক্ষে প্রবেশ করল। আমার কক্ষে মোট কতজন লোক হলো?

৩. '?' চিহ্নিত স্থানের সঠিক সংখ্যা কত?

৩	১	?
৪	২	৫
২	৫	৩
৮১	৬৪	১৬৯

৪. If a – b = 7 and ab = 44, then Calculate the value of $a^2 + b^2$.

৫. একটি আয়তকার জমির ক্ষেত্রফল 28 একক। দৈর্ঘ্য ও প্রস্থ 3 : 2। তাহলে জমির পরিসীমা কত?

www.abswer.com

www.abswer.com

বিশ্ব-জ্ঞান-দৃষ্টি

পর্ব-৭

সাধারণ জ্ঞানের পরিধি ব্যাপক। এ ব্যাপকতার মধ্যে জানার জন্য প্রয়োগ করতে হয় নানা ধরনের টেকনিক। তাই এবারের পর্বে রয়েছে— বিশ্বের যে সকল দেশের সমুদ্র বন্দর ও সেনাবাহিনী নেই।

যে দেশগুলোর সেনাবাহিনী নেই

সেনাবাহিনী হলো একটি দেশের সশস্ত্র বাহিনী যারা মূলত স্থলভাগে যুদ্ধ বা দেশের প্রতিকূল অবস্থায় কাজ করে।

- **মরিশাস :** মরিশাস হলো ভারত মহাসাগরের একটি দ্বীপ রাষ্ট্র। মরিশাসের নিজস্ব এবং নিয়মিত কোনো সেনাবাহিনী নেই।
- **মোনাকো :** বিশ্বের দ্বিতীয় ক্ষুদ্রতম রাষ্ট্র হলো মোনাকো। ১৭ শতকের পর থেকে এদেশে আর কোনো রাষ্ট্রীয় সেনাবাহিনী নেই। এই দেশকে রক্ষা করেন ফরাসি সেনারা।
- **কোস্টারিকা :** ১৯৪৯ সাল থেকে কোস্টারিকার কোনো সশস্ত্র বাহিনী নেই। তবে এদেশের পুলিশ বাহিনী সাধারণত প্রতিরক্ষার কাজ করে থাকেন।
- **আইসল্যান্ড :** ন্যাটোর সদস্য হলেও আইসল্যান্ডের কোনও স্থায়ী সামরিক বাহিনী নেই। ১৮৬৯ সাল থেকে এই দেশের সীমান্তে কোনও সেনাবাহিনী নেই। ন্যাটোর সদস্য হওয়ায় দেশের যাবতীয় সুরক্ষার দায়িত্ব মার্কিন যুক্তরাষ্ট্রের।
- **গ্রানাডা :** ১৯৩৩ সালে গ্রানাডায় মার্কিন আক্রমণের পর থেকে দেশটিতে আর কোনো নিজস্ব সামরিক বাহিনী গঠন করা হয় নাই।

উল্লেখ্য, সামোয়া, পানামা, লিচেনস্টাইন, সান মারিনো, সেন্ট লুসিয়া, ডমিনিকা, গ্রানাডা, সেন্ট ভিনসেন্ট অ্যান্ড দ্য গ্রানাডাইন্স, কোস্টারিকা, পালাউ, নিউয়ে, কুক আইল্যান্ড, কিরিবাতি, নাউরু, টুভালু, ভানুয়াতু, সলোমন আইল্যান্ড, মার্শাল দ্বীপপুঞ্জ, অ্যান্ডোরার নিজস্ব কোনো সেনাবাহিনী নেই। এছাড়াও কিছু দ্বীপ রয়েছে, যেগুলো বড় বা অন্য কোনো দেশের সঙ্গে চুক্তি করে নিজেদের প্রতিরক্ষা নিশ্চিত করেছে।

১. **সার্কভুক্ত কোন দেশের নিজস্ব কোনো সেনাবাহিনী নেই?** [ইবি ২০১৭-১৮]
ক ভুটান খ নেপাল
● মালদ্বীপ ঘ আফগানিস্তান

২. **ভুটানে কোন বাহিনী নেই?** [জাককানইবি ২০১৭-১৮]
ক বিমানবাহিনী ● নৌবাহিনী
গ সেনাবাহিনী ঘ কোনোটিই নয়

৩. **নিচের কোন দেশে সেনাবাহিনী নেই?** [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক ২০১১, NSI'র ফিল্ড অফিসার ২০১৭]
ক জার্মানি খ সুইজারল্যান্ড
● মালদ্বীপ ঘ জাপান

৪. **কোন দেশের স্থায়ী সেনাবাহিনী নেই?** [Desco'র সুপারভাইজার ২০১৯]
ক নিকারাগুয়া ● কোস্টারিকা
গ এল. সালভেদর ঘ কলম্বিয়া

৫. **মধ্য আমেরিকার দেশগুলোর মধ্যে কোন দেশে কোনো স্থায়ী সেনাবাহিনী নেই?** [৩১তম বিসিএস]
ক নিকারাগুয়া ● কোস্টারিকা
গ এল-সালভেদর ঘ কলম্বিয়া

সমুদ্র বন্দর বিহীন বা স্থলবেষ্টিত দেশ

যে সকল দেশে সমুদ্র নেই সে দেশসমূহে সাধারণত সমুদ্রবন্দর নেই। সমুদ্র বা নদী বন্দর বিহীন রাষ্ট্রকে স্থলবেষ্টিত রাষ্ট্রও বলা হয়।

- **এশিয়া :** আফগানিস্তান, ভুটান, কাজাখস্তান, কিরগিজস্তান, লাওস, মঙ্গোলিয়া, নেপাল, তাজিকিস্তান, তুর্কমেনিস্তান ও উজবেকিস্তান।
- **ইউরোপ :** অ্যান্ডোরা, অস্ট্রিয়া, আর্মেনিয়া, বেলারুশ, চেক-প্রজাতন্ত্র, কসোভো, লিচেনস্টাইন, লুক্সেমবার্গ, হাঙ্গেরি, মেসিডোনিয়া, মলদোভা, সান-মারিনো, সার্বিয়া, স্লোভাকিয়া, সুইজারল্যান্ড, ভ্যাটিকান সিটি।
- **আফ্রিকা :** বতসোয়ানা, বুরকিনা ফাসো, বুরুন্ডি, মধ্য আফ্রিকান প্রজাতন্ত্র, শাদ, ইথিওপিয়া, লেসোথো, মালাবি, মালি, নাইজার, রুয়ান্ডা, দক্ষিণ সুদান, ইসওয়াতিনি, উগান্ডা, জাম্বিয়া, জিম্বাবুয়ে।
- **দক্ষিণ আমেরিকা :** বলিভিয়া, প্যারাগুয়ে।

১. **নিচের কোন দেশের সমুদ্রবন্দর নেই?** [৪৫তম বিসিএস ও ঢাবি 'খ' ২০১৬-১৭]
ক লেবানন খ মিসর
● আফগানিস্তান ঘ আলজেরিয়া

২. **ইউরোপের বৃহত্তম স্থলবেষ্টিত দেশ কোনটি?** [ICB'র সিনিয়র অফিসার ২০১৪]
ক পোল্যান্ড খ আলবেনিয়া
গ ক্রোয়েশিয়া ● বেলারুশ

৩. **ভূ-বেষ্টিত রাষ্ট্র কোনটি?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার ২০২০]
ক হংকং খ পাকিস্তান
● আফগানিস্তান ঘ নাইজেরিয়া

৪. **কোন দেশটি চারদিকে অন্য একটি দেশ দ্বারা পরিবেষ্টিত?** [কর্মসংস্থান ব্যাংকের অফিসার ২০০৯]
ক বাংলাদেশ খ সার্বিয়া
গ মঙ্গোলিয়া ● লেসোথো

www.abswer.com

www.abswer.com

উত্তরের শিল্পনগরী দীপ্তিমান
নীলফামারী

পটভূমি

নীলফামারী একটি প্রাচীন জনপদ। হিমালয়ের পাদদেশে অবস্থিত নীলফামারী জেলা হিমালয় পর্বতবাহিত পলল দিয়ে গঠিত। করতোয়া, আত্রাই ও তিস্তা নদের পলিমাটি এ অঞ্চলের মৃত্তিকা গঠন ও ভূমির উর্বরতা বৃদ্ধি করেছে। নীলফামারীর এ ভূ-পৃষ্ঠকে পাদদেশীয় পাললিক সমভূমি বলা হয়। ঐতিহাসিক বিভিন্ন নিদর্শন ও প্রাচীন গ্রন্থ থেকে এ অঞ্চলে আদিম জনবসতির অস্তিত্বের কথা জানা যায়। নিলফামারী পূর্বে রংপুর জেলার অধীন একটি মহকুমা ছিল। ১৮৭৫ সালে নীলফামারীতে মহকুমা সদর স্থাপন করা হয়। ১ ফেব্রুয়ারি ১৯৮৪ নীলফামারীকে মহকুমা থেকে পূর্ণাঙ্গ জেলায় রূপান্তর করা হয়।

নামকরণ

দুই শতাধিক বছর পূর্বে এ অঞ্চলে নীল চাষের খামার স্থাপন করে ইংরেজ নীলকরেরা। এ অঞ্চলের উর্বর ভূমি নীল চাষের অনুকূল হওয়ায় দেশের অন্যান্য এলাকার তুলনায় নীলফামারীতে বেশি সংখ্যায় নীল কুঠি ও নীল খামার গড়ে ওঠে। উনবিংশ শতাব্দীর শুরুতেই দুরাকুটি, ডিমলা, কিশোরগঞ্জ, টেঙ্গনমারী প্রভৃতি স্থানে নীলকুঠি স্থাপিত হয়। 'নীল খামার' রূপান্তরিত হয় নীল খামারীতে। আর এই নীল খামারীর অপভ্রংশ হিসেবে উদ্ভব হয় নীলফামারী নামের।

সাধারণ তথ্যাবলি

- প্রতিষ্ঠা : ১ ফেব্রুয়ারি ১৯৮৪
- সীমানা : পূর্বে রংপুর ও লালমনিরহাট, দক্ষিণে রংপুর ও দিনাজপুর, পশ্চিমে দিনাজপুর ও পঞ্চগড় এবং উত্তরে ভারতের শিলিগুড়ি জেলা।
- আয়তন : ১,৫৪৬.৫৯ বর্গ কিমি
- জনসংখ্যা : ২০,৯২,৫৬৮ জন [জনশুমারি ২০২২]
- ঘনত্ব (প্রতি বর্গ কিমি) : ১,৩৫৩ জন
- স্বাক্ষরতা (৭ বছর তদূর্ধ্ব) : ৭৬.০% [SVRS ২০২৩]

প্রশাসনিক কাঠামো

- উপজেলা : ৬টি— নীলফামারী সদর, ডোমার, সৈয়দপুর, জলঢাকা, ডিমলা ও কিশোরগঞ্জ।
- থানা : ৬টি
- পৌরসভা : ৪টি
- ইউনিয়ন : ৬০টি
- সংসদীয় আসন : ৪টি।

- **প্রধান নদনদী** ➤ তিস্তা, বুড়িতিস্তা, ইছামতি, যমুনেশ্বরী, ধুম, কুমলাই, সর্বমঙ্গলা, চাড়ালকাটা, শালকী, চিকলি, বুড়িখোড়া, খড়খড়িয়া, বেওনাই ও খেড়ুয়া।

জানেন কি : নীলফামারী জেলা

- আয়তনে : দেশের ৪৩তম
  রংপুর বিভাগে : ৬ষ্ঠ
- জনসংখ্যায় : দেশের ৩৫তম
  রংপুর বিভাগে : ৫ম

মুক্তিযুদ্ধে নীলফামারী

- সেক্টর ➤ ৬নং
- হানাদার বা শত্রুমুক্ত দিবস
  ৬ ডিসেম্বর : ডোমার
  ৯ ডিসেম্বর : জলঢাকা
  ১১ ডিসেম্বর : ডিমলা
  ১৪ ডিসেম্বর : নীলফামারী সদর
  ১৫ ডিসেম্বর : কিশোরগঞ্জ
  ১৮ ডিসেম্বর : সৈয়দপুর

উল্লেখযোগ্য স্থাপনা ও দর্শনীয় স্থান

- **সৈয়দপুর** : চিনি মসজিদ
- **ডোমার** : চিলাহাটী স্থলবন্দর, ময়নামতির দুর্গ, শাহ কলন্দর মাজার
- **জলঢাকা** : ধর্মপালের গড়, হরিশচন্দ্রের পাঠ।
- **কিশোরগঞ্জ** : নীলসাগর পার্ক, ভিমের মায়ের চুলা।
- **নীলফামারী সদর** : নীলসাগর, কুন্দক পুকুর মাজার, নীল কুঠি, নীলফামারী জাদুঘর, ধর্মপালের রাজবাড়ি।

উল্লেখযোগ্য ব্যক্তিত্ব

নবাব নুরুল উদ্দীন (কৃষক বিদ্রোহের মহান নেতা), দবির উদ্দিন আহমেদ (ভাষা সৈনিক), মহেশ চন্দ্র রায় (গীতিকার, সুরকার ও কণ্ঠশিল্পী), আসাদুজ্জামান নুর (নাট্য অভিনেতা ও রাজনীতিবিদ), শাহ কলন্দর (র.) (ইসলাম প্রচারক), খরাত হোসেন (রাজনীতিবীদ), রথীন্দ্রনাথ রায় (লোকসঙ্গীত শিল্পী)।

উত্তরা রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল

উত্তরা রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (সংক্ষেপে 'উত্তরা ইপিজেড' বা 'নীলফামারী ইপিজেড') বাংলাদেশের একটি বিশেষ অর্থনৈতিক অঞ্চল। যা নীলফামারীর অদূরে সংগলশী এলাকায় অবস্থিত। এটির নির্মাণ কাজ শুরু হয় জুলাই ১৯৯৯ এবং ১ জুলাই ২০০১ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়। ২১৩.৬৬ একর এলাকার ওপর প্রতিষ্ঠিত এই ইপিজেডটি বাংলাদেশের একমাত্র কৃষিভিত্তিক এবং ৭ম বৃহত্তম রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা। এখানে বাণিজ্যিক প্লটের সংখ্যা ২০২টি যার প্রতিটির আয়তন ২০০০ বর্গ মিটার। চাহিদা বৃদ্ধির কারণে এটির আকার আরও বাড়ানো হয়।

তিস্তা ব্যারেজ

তিস্তা সেচ প্রকল্প বাংলাদেশের উত্তরাঞ্চলে অবস্থিত দেশের বৃহত্তম সেচ প্রকল্প। এ প্রকল্পটি নীলফামারী, রংপুর ও দিনাজপুর জেলার ৫,৪০,০০০ হেক্টর জমিতে সেচ সুবিধা প্রদান করে। ১৯৭৯ সালে লালমনিরহাট ও নীলফামারী মহকুমার সীমান্তে তিস্তা নদীর ওপর ৪৪টি রেডিয়াল গেট সংবলিত ৬১৫ মিটার দৈর্ঘ্য বিশিষ্ট ব্যারেজটির নির্মাণ কাজ শুরু হয়। বাইপাস ক্যানেলের ওপর নির্মিত গেটসহ এ ব্যারেজের মোট গেট সংখ্যা ৫২টি। এটির কাজ শুরু হয় ১৯৭৯ সালে এবং শেষ হয় ১৯৯০ সালে।



www.abswer.com

www.abswer.com

দহগ্রাম-আঙ্গোরপোতা ছিটমহলের জেলা

লালমনিরহাট

পটভূমি

১৭৯৩ সালে বৃহত্তর রংপুর জেলার অধীনে ২২টি থানা ছিল। এর মধ্যে বর্তমান লালমনিরহাট, ফোরনবাড়ি ও বড়াবাড়ি নাম পাওয়া যায়। ১৯১৪ সালে কুলাঘাট থেকে লালমনিরহাটে থানা স্থানান্তরিত হয়। ২৬ এপ্রিল ১৮৭৫ কুড়িগ্রাম মহকুমার জন্ম হলে লালমনিরহাট থানা কুড়িগ্রাম মহকুমার আওতাধীন হয়। ১ ফেব্রুয়ারি ১৯৮৪ লালমনিরহাট মহকুমা জেলা হিসেবে আত্মপ্রকাশ করে। ১৮ মার্চ ১৯৮৪ লালমনিরহাট সদর থানা উপজেলা হিসেবে ঘোষিত হয়। ১৭ জানুয়ারি ১৯৯০ বিদ্যমান জেলা প্রশাসকের কার্যালয় তথা কালেক্টরেট ভবনের উদ্বোধন করা হয়।

নামকরণ

লালমনিরহাট নামকরণ সম্পর্কে বেশ কয়েকটি মত চালু আছে। প্রথম মতানুসারে উনবিংশ শতাব্দিতে যখন বেংগল ডুয়ার্স রেল লাইন তৈরির জন্য মাটি খননের কাজ চলছিল তখন শ্রমিকেরা এখানে মাটির নিচে লাল পাথর দেখতে পায়। সেই থেকে এ জায়গার নাম হয় 'লালমনি'। অন্য আরেকটি মতে, ১৭৮৩ সালে সাধারণ কৃষকদের অধিকার প্রতিষ্ঠার জন্য লালমনি নামে এক মহিলা, কৃষক নেতা নুরুলদিনকে সাথে নিয়ে বৃটিশ সৈন্য ও জমিদারদের বিরুদ্ধে লড়াই করে নিজেদের জীবন উৎসর্গ করেন। কালের বিবর্তনে হাট শব্দটি 'লালমনি' শব্দের সাথে যুক্ত হয়ে 'লালমনিরহাট' নামকরণ হয়।

সাধারণ তথ্যাবলি

- প্রতিষ্ঠা : ১ ফেব্রুয়ারি ১৯৮৪
- সীমানা : উত্তরে ভারতের কোচবিহার ও জলপাইগুড়ি, দক্ষিণে রংপুর, পূর্বে কুড়িগ্রাম ও ভারতের কোচবিহার এবং পশ্চিমে রংপুর ও নীলফামারী জেলা।
- আয়তন : ১,২৪৭.৩৭ বর্গ কিমি
- জনসংখ্যা : ১৪,২৮,৪০৬ জন [জনশুমারি ২০২২]
- ঘনত্ব (প্রতি বর্গ কিমি) : ১,১৪৫ জন
- সাক্ষরতা (৭ বছর ও তদূর্ধ্ব) : ৭৪.৫৩% [SVRS ২০২৩]

প্রশাসনিক কাঠামো

- উপজেলা : ৫টি— লালমনিরহাট সদর, আদিতমারী, কালীগঞ্জ, হাতীবান্ধা, পাটগ্রাম।
- থানা : ৫টি
- পৌরসভা : ২টি
- ইউনিয়ন : ৪৫টি
- সংসদীয় আসন : ৩টি।

- প্রধান নদনদী ➤ তিস্তা, ধরলা, সতী-স্বর্ণামতি-ভাটেশ্বরী, রত্নাই।

জানেন কি : লালমনিরহাট জেলা

- আয়তনে দেশের : ৫১তম
  রংপুর বিভাগে : ৮ম
- জনসংখ্যায় দেশের : ৪৮তম
  রংপুর বিভাগে : ৭ম

মুক্তিযুদ্ধে লালমনিরহাট

- সেক্টর ➤ ৬নং
- হানাদার বা শত্রুমুক্ত দিবস
  ৫ ডিসেম্বর : কালীগঞ্জ
  ৬ ডিসেম্বর : আদিতমারী, লালমনিরহাট, হাতীবান্ধা
- পাটগ্রাম মুক্তাঞ্চল ছিল।

উল্লেখযোগ্য স্থাপনা ও দর্শনীয় স্থান

- **লালমনিরহাট সদর :** তিস্তা রেল সেতু, শুকান দীঘি, হারানো মসজিদ।
- **কালীগঞ্জ :** সাহিত্য সাধক শেখ ফজলল করিমের বাড়ী, তুষভান্ডার জমিদারী বংশ ও জমিদার বাড়ী, কাকিনা জমিদারী বংশ ও জমিদার বাড়ী।
- **হাতীবান্ধা :** তিস্তা ব্যারেজ।
- **পাটগ্রাম :** তিনবিঘা করিডোর।
- **আদিতমারী :** আদিতমারী উপজেলা পরিষদ চত্বর পুকুর, আদিতমারী উপজেলা পরিষদ স্মৃতিসৌধ, দালাই নামার ছড়া।

উল্লেখযোগ্য ব্যক্তিত্ব

কবি শেখ ফজলল করিম, কাজী শেখ রেয়াজ উদ্দিন আহমেদ (শিক্ষাবিদ, ঐতিহাসিক, সাহিত্যিক), তমিজউদ্দীন প্রামাণিক (বীর বিক্রম), মুসা ইব্রাহীম (বাংলাদেশের প্রথম এভারেস্ট বিজয়ী), রিয়াজ উদ্দিন আহমেদ (আইনজীবী, মুক্তিযুদ্ধের সংগঠক ও প্রাক্তন মন্ত্রী), ফকির মজনু শাহ (ফকির-সন্ন্যাসী)।

তিনবিঘা করিডোর

তিনবিঘা করিডোর হলো বাংলাদেশ-ভারত সীমান্তে একটি স্বতন্ত্র ভূমি যা ভারতের মালিকানাধীন তিন বিঘা জায়গায় অবস্থিত। ২০১২ সালের সেপ্টেম্বরে বাংলাদেশের দহগ্রাম-আঙ্গরপোতা ছিটমহলে যাতায়াতের সুবিধার্থে এটি বাংলাদেশকে ইজারা দেওয়া হয়।

দহগ্রাম-আঙ্গোরপোতা

দহগ্রাম ইউনিয়ন বাংলাদেশের লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলার একটি ইউনিয়ন ও বাংলাদেশের অন্যতম বৃহৎ ছিটমহল, যা ভারতের মূল ভূখণ্ডের মধ্যে অবস্থিত। এটির তিন দিকে ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের কোচবিহার জেলা, একদিকে তিস্তা নদী, নদীর ওপারেও ভারতীয় ভূখণ্ড। ভৌগোলিক কারণে এটি দহগ্রাম-আঙ্গোরপোতা ছিটমহল নামেই বেশি পরিচিত। এ ইউনিয়নের মোট আয়তন ২২.৬৮ বর্গ কিমি। ১৯৮৫ সালে দহগ্রাম ও আঙ্গরপোতা ছিটমহল একত্রে পাটগ্রাম উপজেলার একটি স্বতন্ত্র ইউনিয়ন (দহগ্রাম ইউনিয়ন) হিসেবে ঘোষণা করা হয়। ১৯ আগস্টে ১৯৮৯ এখানে ইউনিয়ন পরিষদের উদ্বোধন করা হয়।

www.abswer.com

www.abswer.com

আইটি ম্যানেজারে ক্যারিয়ার

দেশে প্রতিদিনই নতুন নতুন প্রযুক্তির সঙ্গে যুক্ত হচ্ছে মানুষ। তথ্যপ্রযুক্তির ব্যাপক উন্নয়নের কারণে তথ্য প্রযুক্তিবিষয়ক পেশা বর্তমান তরুণ প্রজন্মের কাছে দিন দিন জনপ্রিয় হয়ে উঠছে। তথ্য প্রযুক্তিবিষয়ক পেশাগুলোর মাঝে অন্যতম একটি হলো আইটি ম্যানেজার। বিশেষ করে ব্যাংকিং, আমদানি-রপ্তানি, আউটসোর্সিং ফার্ম আর প্রযুক্তি কোম্পানিগুলোতে এ পেশার চাহিদা লক্ষণীয়।

আইটি ম্যানেজার

আইটি সংক্রান্ত যেকোনো প্রজেক্টের সার্বিক ব্যবস্থাপনায় থাকে একজন আইটি ম্যানেজার। ম্যানেজার শব্দের মধ্যেই বোঝা যায়, প্রযুক্তিপণ্য থেকে শুরু করে আইটির বিভিন্ন সেবার পরিচালনা করাই একজন আইটি ম্যানেজারের কাজ। একজন মানুষ একটু চেষ্টা করলেই সফটওয়্যার ডেভেলপার, ডেটাবেজ অ্যাডমিন, ওয়েব ডেভেলপার, অ্যানিমেটর বা কম্পিউটার সিস্টেম অ্যাডমিনিস্ট্রেটর হতে পারবে, কিন্তু আইটি ম্যানেজার হতে হলে তাকে অনেক বেশি সময় দিতে হবে।

কর্মক্ষেত্র

একজন আইটি ম্যানেজার কাজ করেন সরকারি প্রতিষ্ঠানে বা প্রজেক্টে, যেমন : সরকারি ওয়েবসাইটের ম্যানেজমেন্ট, মেইনটেন্যান্স ও ডেটা ম্যানেজমেন্টে। বেসরকারি প্রতিষ্ঠানে, যেমন— এনজিওর ওয়েবসাইটের ম্যানেজমেন্ট, মেইনটেন্যান্স ও ডেটা ম্যানেজমেন্টে; ব্যাংক ও আর্থিক সেবার প্রতিষ্ঠানে; আইটি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে; আউটসোর্সিং ফার্মে।

দায়িত্ব

- প্রতিষ্ঠানে ব্যবহার হওয়া চলমান সিস্টেমগুলো চালু রাখার ব্যবস্থা করা
- সীমিত পরিমাণ যে রিসোর্সগুলো রয়েছে তা দিয়ে কর্মচারীদের সম্ভাব্য সর্বোচ্চ সেবা নিশ্চিত ও প্রদান করা
- প্রতিষ্ঠানে বিদ্যমান সফটওয়্যার সিস্টেম সচল রাখা
- প্রতিদিনের ব্যবস্থাপনার সিস্টেম চাহিদা অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে দেওয়া
- বিক্রেতা ও ঠিকাদারদের সঙ্গে সুসম্পর্ক স্থাপন করা
- ডকুমেন্টেশন তৈরি করা ও রেকর্ড রাখা
- প্রতি বছর বা বছরে দুইবার সিস্টেম প্ল্যান তৈরি করা
- প্রতিষ্ঠানের সফটওয়্যার, অটোমেশন, কনফিগারেশন ম্যানেজমেন্ট, সম্পদ ব্যবস্থাপনা এবং কর্মক্ষমতা নিরীক্ষণের জন্য গাইডলাইন তৈরি এবং বাস্তবায়ন করা
- প্রতিষ্ঠানের পুরো সিস্টেমের নিরাপত্তা নিশ্চিত করা
- আইটি দলের প্রোগ্রামার ও ইঞ্জিনিয়ারদের মধ্যে সমন্বয় সাধন
- কর্মস্থলে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের আইটিবিষয়ক প্রশিক্ষণ প্রদান
- ম্যানেজার বা প্রতিষ্ঠানের প্রধানের নিকট নিয়মিত রিপোর্ট দেওয়া
- নতুন কর্মীদের আইটি বিষয়ে জ্ঞানদান এবং প্রতিষ্ঠানের সিস্টেম সম্পর্কে ধারণা দেওয়া।

যোগ্যতা

সাধারণত আইটি ম্যানেজার পদে কাজ করার জন্য শিক্ষাগত যোগ্যতা হয় ইনফরমেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং কিংবা কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক ডিগ্রি। এছাড়া ব্যবস্থাপনার উপর কোর্স কিংবা MBA ডিগ্রি থাকলে চাকরিক্ষেত্রে বিশেষ সুবিধা পাওয়া যায়। আইটি ম্যানেজার পদে প্রতিষ্ঠানসাপেক্ষে বয়সের সীমা নির্ধারিত হয়। তবে সাধারণত বয়স কমপক্ষে ২৫ বছর হতে হয়। এ পেশায় অভিজ্ঞদের প্রাধান্য রয়েছে। সাধারণত ২-৩ বছরের অভিজ্ঞতা কাজে আসে।

অভিজ্ঞতা, দক্ষতা ও জ্ঞান

একজন আইটি প্রজেক্ট ম্যানেজারকে কম্পিউটারের হার্ডওয়্যার ও সফটওয়্যার সম্পর্কে জানতে হয়। ডেটা ও ডেটা ম্যানেজমেন্ট সম্পর্কে ভালো ধারণা থাকতে হবে, বিভিন্ন প্রোগ্রামিং ভাষা সম্পর্কে ব্যবহারিক জ্ঞান, সাইবার সিকিউরিটি, নেটওয়ার্ক সম্পর্কিত অভিজ্ঞতা ও বাস্তব ধারণা থাকতে হবে। প্রতি মুহূর্তে পরিবর্তনশীল ইনফরমেশন খাতের সঙ্গে নিজেকে আপডেটেড রাখতে হবে।

পড়াশোনা

বাংলাদেশের বিভিন্ন পাবলিক এবং প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে তথ্যপ্রযুক্তির উপর আন্ডার গ্র্যাজুয়েট ও পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি অর্জনের সুযোগ রয়েছে।

আয়-রোজগার

আইটি ম্যানেজার পদের নির্ধারিত কোনো পারিশ্রমিক বলা খুব কঠিন। প্রতিষ্ঠানভেদে তা নির্ভর করে। বর্তমান সময়ে এই পেশার বেশি কদর রয়েছে বলে ভালো পারিশ্রমিক দিয়েই একজন আইটি ম্যানেজার নিয়োগ করা হয়। তাই প্রতিষ্ঠানগুলো নিয়োগের সময় বেশ সময় নিয়েই যাচাই-বাছাই করে নিয়োগ করে থাকে। সাধারণত একজন আইটি ম্যানেজারের বেতন সম্পূর্ণ নির্ভর করে তার অভিজ্ঞতা ও দক্ষতার ওপর। অধিকাংশ ক্ষেত্রে বেতন আলোচনার মাধ্যমে নির্ধারিত হয়। তবে বেসরকারি পর্যায়ে বেতন ৪০ থেকে ৫০ হাজার টাকা পর্যন্ত হতে পারে। সরকারি পর্যায়ে বেতন স্কেল ও প্রজেক্ট অনুযায়ী বেতন আলাদা হয়।

www.abswer.com

www.abswer.com

বিচিত্র বিশ্ব

তাস ছুড়ে রেকর্ড

চীনের হেনান প্রদেশের ছোট্ট একটি গ্রামে বেড়ে উঠেন জাং ইয়াজউ। গুলতি ছুড়ে, পানিতে পাথর ছুড়ে আর খেলনার তির ছুড়ে তিনি বড় হন। মাধ্যমিক বিদ্যালয়ে পড়ার সময় একটি দুর্ঘটনায় নিজের বাঁ চোখের দৃষ্টিশক্তি হারানোর পরেও তাস ছোড়ার ছোট ছোট ভিডিও করে তা ইন্টারনেটে পোস্ট করতে থাকেন। ইন্টারনেটে বিভিন্ন প্ল্যাটফর্মে এখন তার অনুসারীর সংখ্যা প্রায় ২ কোটি। ২০২৫ সালের জানুয়ারিতে জাং তাস ছুড়ে এক মিনিটে ৪১টি শসা দ্বিখণ্ডিত করেন। একই দিন তিনি তাস ছুড়ে এক মিনিটে ২৯টি ম্যাচের কাঠি জ্বালিয়ে দ্বিতীয় রেকর্ডটি গড়েন।

বাসিন্দাদের অসুস্থ হতে বারণ

ইতালির ক্যালাব্রিয়া অঞ্চলের বেলকাস্ত্রো দেশটির দরিদ্র গ্রামগুলোর একটি। গ্রামটি থেকে দুর্ঘটনা ও জরুরি (A & E) বিভাগ ৪৫ কিমি দূরে অবস্থিত। শুধু একটি সড়ক ব্যবহার করে A & E বিভাগে যাওয়া যায়। গ্রামে দায়িত্বরত চিকিৎসকদের চেম্বারে সব সময় খোলা থাকে না। স্থানীয় মেয়র গ্রামের মানুষের উদ্দেশে একটি আদেশ জারি করেন। আদেশে বলা হয় যেসব অসুস্থতায় জরুরি চিকিৎসা সেবা প্রয়োজন, সেসব অসুস্থতা এড়িয়ে চলতে গ্রামের বাসিন্দাদের নির্দেশ দেওয়া হলো। গ্রামের বাসিন্দাদের ক্ষতি হতে পারে, এমন কাজে জড়িত না হতে ও গার্হস্থ্য দুর্ঘটনা এড়ানোর পরামর্শ দেওয়া হয়।

১০০ কোটির মধ্যে একটি

জ্যাকলিন ফেলগেট নামে অস্ট্রেলিয়ার এক নারী সাংবাদিক ইনস্টাগ্রামে একটি ডিমের ভিডিও শেয়ার করেন। এই ডিম যে সে ডিম নয়। এটি পুরোপুরি নিখুঁত গোল আকৃতির

ডিম। ১০০ কোটি ডিমের মধ্যে গোলাকার ডিম একটিই পাওয়া যায়। ডিমের ক্রেতা বার্কশায়ারের লেমোবোর্নের বাসিন্দা এড পাওনেল। তিনি সেই ডিম ১৮৭ মার্কিন ডলারে নিলামে বিক্রি করেন। নতুন ক্রেতা পরে সেটি যুক্তরাজ্যের ইউভেন্টাস ফাউন্ডেশনকে দান করেন। সেই ডিম পরে নিলামে ২৫০ ডলারে বিক্রি হয়।

স্টোনহেঞ্জের রহস্য উন্মোচন

যুক্তরাজ্যের রহস্যময় একটি স্থাপনা হলো উইল্টশয়ারের স্টোনহেঞ্জ। খ্রিষ্টপূর্ব ৩১০০ সালে স্টোনহেঞ্জ তৈরি হয়, পিরামিড তৈরির প্রায় ১,০০০ বছর আগে। কোন উদ্দেশ্যে বিশাল আকৃতির সব পাথর দিয়ে এই বৃত্ত নির্মাণ করা হয়, তা যুগ যুগ ধরে রহস্য উদ্ধারের চেষ্টা চলছিল। এরই মধ্যে এক গবেষণায় স্টোনহেঞ্জের রহস্য উন্মোচিত হয়। গবেষণাটি করেন যুক্তরাজ্যের প্রত্নতাত্ত্বিক অধ্যাপক মাইক পার্কার পিয়ারসন। তার মতে যুক্তরাজ্যের কৃষক সম্প্রদায়গুলোকে সংঘবদ্ধ করতেই গড়ে তোলা হতে পারে বহু প্রাচীন এই নিদর্শন। স্টোনহেঞ্জের নির্মাণকাজে বেশ কয়েক ধরনের পাথর ব্যবহার করা হয়। 'সারসেন

স্টোন' নামে পরিচিত সবচেয়ে বড় পাথরগুলো আনা হয় ২০ কিমি দূর থেকে। আর 'ব্লুস্টোন' নামে পরিচিত পাথরগুলোর উৎপত্তি ছিল ওয়েলসে।

খেলা দেখতে ১৪০০০ কিমি পাড়ি

মঙ্গোলিয়ার তরুণ অচিরভ্যান ব্যাটবোল্ড। তার প্রিয় দল যুক্তরাজ্যের ফুটবল ক্লাব ম্যানচেস্টার ইউনাইটেড। ম্যানচেস্টার ইউনাইটেডের প্রতি তার ভালোবাসার প্রমাণ দিতে মঙ্গোলিয়া থেকে ২০২৩ সালের মে মাসে সাইকেলে চড়ে ইংল্যান্ডের ওল্ড ট্রাফোর্ড স্টেডিয়ামের পথে যাত্রা শুরু করেন তিনি। এ পথের দূরত্ব ১৪,০০০ কিমি। ম্যানচেস্টার ইউনাইটেডের নিজেদের মাঠ ওল্ড ট্রাফোর্ড। ১১ মাস ধরে সাইকেল চালিয়ে ২০টি দেশ পাড়ি দিয়ে ২০২৪ সালের এপ্রিলে ওল্ড ট্রাফোর্ডে পৌঁছান অচিরভ্যান। তার প্রিয় খেলোয়াড় ওয়েইন রুনি সেখানে তাকে স্বাগত জানান। প্রথমবারের মতো মাঠে বসে প্রিয় দলের খেলা দেখেন অচিরভ্যান।

বরফ পানিতে নেমে রেকর্ড

২০২৪ সালের ডিসেম্বরে পোল্যান্ডের মিয়েদিজদ্রোয়ে শহরে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসে নাম লেখাতে দলগতভাবে বরফ পানির পুলে নামার একটি আয়োজন করা হয়। দেশের বিভিন্ন প্রান্ত থেকে প্রায় ২০০ জন অংশগ্রহণকারী এই আয়োজনে অংশ নেয়। আইস সুইমিং রিলে অংশগ্রহণকারীদের প্রত্যেকে বরফ পানির সেই পুলে কয়েক মিনিট করে কাটান। আয়োজনটির মধ্য দিয়ে আগের একটি বিশ্ব রেকর্ড ভেঙে দেন তারা। এর মধ্য দিয়ে সম্পন্ন হয় সবচেয়ে বড় আইস সুইমিং রিলে।

বিশ্বের সবচেয়ে পাতলা ঘড়ি

সম্প্রতি ইনস্টাগ্রামে পোস্ট করা এক ভিডিওতে প্রযুক্তি প্রতিষ্ঠান মেটার প্রধান নির্বাহী কর্মকর্তা মার্ক জাকারবার্গের হাতে একটি ঘড়ি দেখা যায়। জাকারবার্গের হাতে যে ঘড়ি দেখা গেছে, সেটি অক্টো ফিনিশিমো আলট্রা এসওএসসি নামের একটি ঘড়ি। এটি বিশ্বের সবচেয়ে পাতলা ঘড়ি। এ ঘড়ি তৈরি করে ইতালির বিলাসবহুল পণ্য নির্মাতা প্রতিষ্ঠান বুলগারি। অক্টো ফিনিশিমো ঘড়িটি মাত্র ১.৭ মিলিমিটার পুরু। এখন পর্যন্ত মাত্র ২০টি এ ধরনের ঘড়ি বাজারে ছাড়া হয়েছে। প্রতিটি ঘড়ির আবার আলাদা বিশেষত্ব ও নকশা রয়েছে।



www.abswer.com

www.abswer.com

www.abswer.com